মহারাজ, মত্তহস্তীর ন্যায়, গঙ্গার তীরোৎপন্ন বটবৃক্ষের ন্যায় এবং হিমালয়জাত সালবৃক্ষের ন্যায় এই যাহাদিগকে দেখিতেছেন, এই দুর্দ্ধর্ষ বলবান্ কামরূপী বানরেরা যুদ্ধে দৈত্য এবং দানব সদৃশ এবং দেবতা ও অসুরতুল্য ॥ ২-৩ ॥

ইহাদের সংখ্যা একুশহাজার কোটী, শতসহস্র এবং সহস্রঅর্ব্বুদ ॥ ৪ ॥

এই সুগ্রীবের সহচর কিষ্কিন্ধ্যাবাসী বানরগণ দেবতা, গন্ধর্ব এবং দানবগণ-কর্ত্তৃক উৎপন্ন হইয়াছে ॥ ৫ ॥

১। ছ '-স্যোত্তরং শ্রুত্বা'। ২। ছ 'শালান্'। ৩। অতঃ পরং ছ-পুস্তকে 'দৃপ্তানমর্ষিণঃ শূরান্ যুদ্ধেষু কৃতলক্ষণান্'। ইত্যধিকম্। ৪। ছ 'তথাঙ্কুশসহস্রাণি'।

যৌ তু পশ্যসি তিষ্ঠন্তৌ কুমারৌ দেবরূপিণৌ।
মৈন্দশ্চ দ্বিবিদশ্চৈব ন সমোঽস্ত্যনয়োর্যুধি ॥ ৬ ॥
ব্রহ্মণা সমনুজ্ঞাতাবমৃতপ্রাশনাবুভৌ[১]।
আশংসেতে পুরীং লঙ্কামেতৌ মর্দ্দিতুমোজসা ॥ ৭ ॥
যাবেতাবনয়োঃ[২] পার্শ্বে স্থিতৌ[৩] পর্ব্বতসন্নিভৌ।
সুমুখো দুর্মুখশ্চৈব মৃত্যুপুত্রৌ পিতুঃ সমৌ ॥ ৮ ॥
প্রেক্ষন্তৌ নগরীং লঙ্কাং কোটিভির্দশভির্বৃতৌ।
আশংসেতাং[৪] পুরীং লঙ্কামেতৌ[৫] মর্দ্দিতুমোজসা ॥ ৯ ॥
যং তু পশ্যসি তিষ্ঠন্তং প্রভিন্নমিব কুঞ্জরম্।
যো বলাৎ ক্ষোভয়েৎ ক্রুদ্ধঃ সমুদ্রমপি তেজসা ॥ ১০ ॥
এষ ধর্ষিতবান্ পূর্ব্বং লঙ্কাং সীতাং চ দৃষ্টবান্।
এনং[৬] পশ্য পুরা দৃষ্টং কপিং প্রত্যাগতং পুনঃ ॥ ১১ ॥

দেবরূপী চিরকুমার মৈন্দ এবং দ্বিবিদনামক যে দুই জনকে দেখিতেছেন, যুদ্ধে উহাদের তুল্য কেহ নাই ॥ ৬ ॥

ব্রহ্মাকর্ত্তৃক বরপ্রাপ্ত অমৃতভোজী ইঁহারা উভয়ে বলপূর্ব্বক লঙ্কানগরী জয় করিবেন বলিয়া আশা করেন ॥ ৭ ॥

ইঁহাদের পার্শ্বে পর্ব্বতসদৃশ ‘সুমুখ’ ও ‘দুর্মুখ’ নামে যে দুই জন মৃত্যুর পুত্র অবস্থিত, ইঁহারা পিতারই তুল্য ॥ ৮ ॥

লঙ্কানগরী দর্শন করিতে করিতে ইঁহারা উভয়ে দশকোটী সৈন্যে পরিবেষ্টিত হইয়া আশা করিতেছেন যে, বলপূর্ব্ব লঙ্কানগরী জয় করিতে পারিবেন ॥ ৯ ॥

মত্ত হস্তীর ন্যায় যাঁহাকে দণ্ডায়মান দেখিতেছেন এবং যিনি ক্রুদ্ধ হইলে পরাক্রমদ্বারা সমুদ্রকেও ক্ষুব্ধ করিতে সমর্থ, ইনি পূর্ব্বে লঙ্কানগরীকে ধর্ষিত

১। ছ ‘-প্রাশিনা-’। ২। ছ ‘যাবেতাবেতয়োঃ’। ৩। ছ ‘তু বানরর্ষভৌ’। ৪। ছ ‘-সেতে’। ৫। ছ ‘-মেতাং স্বেন’। ৬। ছ ‘এতং’।

জ্যেষ্ঠঃ কেশরিণঃ পুত্রো বাতাত্মজ ইতি শ্রুতঃ।

হনূমানিতি বিখ্যাতো লঙ্ঘিতো যেন সাগরঃ ॥ ১২ ॥

কামরূপী হরিশ্রেষ্ঠো বলবীর্য্যসমন্বিতঃ।

অনিবার্য্যগতিশ্চৈব যথানিলগতিস্তথা ॥ ১৩ ॥

উদ্যন্তং ভাস্করং বালো দৃষ্ট্বাভিগতঃ কিল।

ত্রিযোজনসহস্রান্তমধ্বানং[১] সমতীত্য যঃ ॥ ১৪ ॥

আদিত্যমাহরিষ্যামি ন মমোপরি যাস্যতি।

ইতি নিশ্চিত্য মনসা পুরৈব[২] বলদর্পিতঃ ॥ ১৫ ॥

অনাধৃষ্যতমং দেবমপি দেবর্ষিদানবৈঃ।

অনাসাদ্যৈব পতিতো ভাস্করোদয়নে গিরৌ ॥ ১৬ ॥

করিয়া সীতাদেবীকে দর্শন করিয়াছিলেন। পূর্ব্বে দৃষ্ট এবং পুনরায় প্রত্যাগত এই বানরকে দেখুন, ইনি কেশরীর জ্যেষ্ঠপুত্র পবননন্দন হনূমান্ নামে বিখ্যাত, ইনিই সমুদ্র লঙ্ঘন করিয়াছেন ॥ ১০-১২ ॥

কামরূপী বানরশ্রেষ্ঠ বল-বীর্য্যশালী এই হনুমানের গতি বায়ুর ন্যায়ই অপ্রতিহত ॥ ১৩ ॥

এই হনুমান্ বালক-অবস্থাতে সূর্য্যকে উঠিতে দেখিয়া তিন সহস্রযোজন পথ অতিক্রম করিয়া সূর্য্যের সমীপে গমন করিয়াছিলেন ॥ ১৪ ॥

আদিত্যকে আহরণ করিব, আমার মস্তকের উপর দিয়া যাইতে পারিবে না; পূর্ব্বে মনে মনে এইরূপ স্থির করিয়াই দর্প সহকারে সূর্য্যের সমীপে গমন করিয়াছিলেন ॥ ১৫ ॥

কিন্তু, দেবর্ষি এবং দানবগণকর্তৃকও অপ্রধৃষ্য সেই সূর্য্যকে প্রাপ্ত না হইয়াই উদয়াচলে নিপতিত হইয়াছিলেন ॥ ১৬ ॥

১। ছ 'ত্রিংশদ্যোজনসাহস্র-'। ২। ছ 'পুরৈষ'।

পতিতস্য কপেরস্য হনুরেকা শিলাতলে।
কিঞ্চিদ্ভগ্না দৃঢ়তনোর্হনূমানেষ তেন বৈ ॥ ১৭ ॥
ইত্যেবাগমযুক্তেন ময়ৈষ বিদিতো হরিঃ।
নাস্য শক্যং বলং রূপং প্রভাবং বাপি বর্ণিতুম্।
আশংসত্যেষ একো বৈ লঙ্কাং মর্দ্দিতুমোজসা ॥ ১৮ ॥
যস্ত্বেষোঽনন্তরঃ শ্যামঃ শূরঃ পদ্মদলেক্ষণঃ।
ইক্ষ্বাকূণামতিরথো লোকে বিশ্রুতপৌরুষঃ ॥ ১৯ ॥
যস্মান্ন চলতে ধর্ম্মো যো ধর্ম্মং নাতিবর্ত্ততে।
যো দিব্যমস্ত্রং ব্রাহ্মং বৈ বেত্তি বেদবিদাং বরঃ ॥ ২০ ॥

১৮। লো-টী। হনূমতোঽয়ং প্রভাবস্ত্বয়া কথং জ্ঞাত ইত্যপেক্ষায়ামাহ 'ইহে'তি। ইহ বানরসৈন্যে আগমাৎ কথাবগমাৎ যুক্তেন উদ্যুক্তেন ময়া বিদিত ইতি সর্ব্বজ্ঞঃ। এতন্মতে লুপ্ত-পঞ্চমীকং পদম্, যুক্তপদেন সহান্বয়ান্তরাৎ। যদ্বা, আগমে যোধানাং সামর্থ্যাভ্যবগমে নিযুক্তেন ময়া ইহৈব কপিসৈন্যে বিদিতঃ, তেষাং পরস্পরং যোধানাং সামর্থ্যকথনাদিত্যর্থঃ। যদ্বা, ইহৈব লঙ্কায়াম্ আগমনযুক্তেন হনূমতঃ। 'আগমং যোগেন ইহ চেতি' ক্বচিৎ পাঠঃ।

১৯। লো-টী। শ্রীরামং কথয়তি—যস্ত্বেষ ইতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। অনন্তরঃ ন বিদ্যতে কপিভির্বিনা অন্তরম্ অন্যদাত্মীয়ং যস্য সঃ।

২০। লো-টী। ধর্ম্মান্নাতিবর্ত্ততে ধর্ম্মং নাতিক্রামতীত্যর্থঃ। ধর্ম্মমিতি বা পাঠঃ। বেদ জানাসি বিদাং বিদুষাং শ্রেষ্ঠঃ। 'বেদ বেদবিদাং বর' ইতি বা পাঠঃ।

শিলাতলে পতিত এই দৃঢ়শরীরবিশিষ্ট বানরের একটী হনু কিঞ্চিৎ ভগ্ন হইয়া গিয়াছিল, সেই জন্য ইনি হনূমান্ নামে বিখ্যাত ॥ ১৭ ॥

সৈনিকদিগের সামর্থ্য জানিতে উদ্যত হইয়া আমি ইঁহাকে [এইরূপ] জানিয়াছি। ইঁহার সামর্থ্য, রূপ এবং প্রভাব বর্ণনা করিতে সমর্থ নই। ইনি একাই পরাক্রমদ্বারা লঙ্কানগরী বিধ্বস্ত করিতে আশা করেন ॥ ১৮ ॥

এই যে (হনুমানের) সমীপবর্ত্তী শ্যামবর্ণ পদ্মপলাশলোচন বীর ইক্ষ্বাকুবংশীয় অতিরথ, জগতে বিখ্যাতকীর্ত্তি, যাঁহার নিকট হইতে ধর্ম্ম অন্যত্র গমন করেন না।

১। ছ '-হনো-'। ২। ছ 'ইহৈবাগম-'। ৩। ছ 'ত্বৈষ'। ৪। ছ 'নৈকাপি'। ৫। ছ 'শূরঃ শ্যামঃ'। ৬। ছ 'ধর্ম্মান্নাতি-'। ৭। ছ ইদমর্দ্ধং নাস্তি।

অস্ত্রগ্রামঃ সসংহারো যস্মিন্ বীরে প্রতিষ্ঠিতঃ।
যো ভিন্দ্যাদ্[১] গগনং বাণৈর্বসুধাং[২] চাবদারয়েৎ ॥ ২১ ॥

যস্য মৃত্যোরিব ক্রোধঃ শক্রস্যেব পরাক্রমঃ।
যস্য ভার্য্যা জনস্থানাদানীতা[৩] প্রাক্ ত্বয়াশ্রমাৎ।
সোঽয়ং দাশরথী রামস্ত্বাং যোদ্ধুমভিবর্ত্ততে ॥ ২২ ॥

যশ্চৈষ দক্ষিণে পার্শ্বে শুদ্ধজাম্বূনদপ্রভঃ।
বিশালবক্ষাস্তাম্রাক্ষো নীলকুঞ্চিতমূর্দ্ধজঃ ॥ ২৩ ॥

এষো[৪]ঽস্য লক্ষ্মণো নাম ভ্রাতা প্রাণসমোঽরিহা।
নয়ে যুদ্ধে চ কুশলঃ সর্বাস্ত্রবিধিপারগঃ ॥ ২৪ ॥

অমর্ষী দুর্জয়ো জেতা বিক্রান্তঃ সমরে বলী।
রামস্য দক্ষিণো বাহুর্নিত্যং প্রাণো বহিশ্চরঃ ॥ ২৫ ॥

২১। লো-টী। বিন্দ্যাদাচ্ছাদয়েৎ।

এবং যিনি স্বয়ং ধর্ম্মকে অতিক্রম করেন না, যিনি উৎকৃষ্ট ব্রাহ্ম অস্ত্র পরিজ্ঞাত আছেন ও বেদজ্ঞ পণ্ডিতদিগের মধ্যে শ্রেষ্ঠ, যিনি অস্ত্রসমূহের প্রয়োগ এবং সংহার অবগত আছেন, যিনি বাণদ্বারা গগন এবং পৃথিবী বিদীর্ণ করিতে সমর্থ, যাঁহার ক্রোধ যমের ন্যায় এবং পরাক্রম ইন্দ্রের ন্যায়, আপনি পূর্ব্বে জনস্থানস্থিত আশ্রম হইতে যাঁহার ভার্য্যাকে (অপহরণ করিয়া) আনিয়াছেন, সেই এই দশরথনন্দন রাম আপনার সহিত যুদ্ধ করিতে উদ্যত হইয়াছেন ॥ ১৯-২২ ॥

এই যিনি রামচন্দ্রের দক্ষিণ পার্শ্বে (দণ্ডায়মান) বিশুদ্ধ কাঞ্চনের ন্যায় দীপ্তিশালী বিশালবক্ষাঃ তামার ন্যায় লোচনবিশিষ্ট নীল এবং কুঞ্চিতকেশশালী, এই শত্রুহন্তা রামচন্দ্রের প্রাণতুল্য ভ্রাতা লক্ষ্মণ। ইনি নীতিযুদ্ধে দক্ষ এবং সমস্ত অস্ত্র-চালনায় পারদর্শী, (শত্রুর প্রতি) ক্রোধপরায়ণ, যুদ্ধে দুর্জয়, জেতা, বিক্রমশালী

১। ছ 'বিভিন্দ্যান্নগঞ্চ'। ২। অতঃ পরং ছ-পুস্তকে 'যো দিব্যমস্ত্রং ব্রাহ্মং বৈ বেদ বেদবিদাং বরঃ'। ইত্যধিকম্। ৩। ছ '-নাৎ সীতা প্রমথিতা ত্বয়া'। ৪। ছ 'অস্যৈব'।

নিত্যং সংগ্রামশীলশ্চ নিত্যমুদ্যতকার্ম্মুকঃ।
ন হ্যেষ রাঘবস্যার্থে জীবিতং পরিরক্ষতি।
এষ চাশংসতে যুদ্ধে নিহন্তুং সর্ব্বরাক্ষসম্[1] ॥ ২৬ ॥
যস্তু পার্শ্বমসৌ সব্যং রামস্যাক্রম্য তিষ্ঠতি।
রক্ষোগণবৃতো ভ্রাতা তবৈষ স বিভীষণঃ ॥ ২৭ ॥
শ্রীমতা রাজরাজেন লঙ্কায়ামভিষেচিতঃ।
ত্বামেব প্রতিসংরব্ধো রামসাচিব্যমাগতঃ[2]।
অত্রৈব চ ময়া প্রাপ্ত আগমো বানরেষু বৈ ॥ ২৮ ॥
প্রজাপতেঃ কিল পুরা বাতাবিদ্ধং রজস্তদা।
বামাক্ষি প্রসৃতং তেন স্পৃষ্ট্বা[3] রজসি বৈকৃতম্ ॥ ২৯ ॥

২৮। লো-টী। অত্রৈব বানরেষু আগমো বার্ত্তাবগমঃ সর্ব্বেষাং বানরাণাং প্রাপ্তঃ।

২৯-৩০। লো-টী। বাতাবিদ্ধং বাতেন চালিতং রজো ধূলিঃ প্রজাপতের্ব্রহ্মণো বামাক্ষি

এবং বলবান্। ইনি রামের দক্ষিণ হস্তস্বরূপ এবং বহিঃস্থিত প্রাণস্বরূপ। সর্ব্বদা যুদ্ধে নিরত ও সজ্জিতধনু এই লক্ষ্মণ রামের প্রয়োজনসাধনে স্বীয় জীবন বিসর্জ্জন দিতে পারেন। ইনিও যুদ্ধে সমস্ত রাক্ষসকে বধ করিবেন বলিয়া আশা করেন ॥ ২৩-২৬ ॥

ঐ যিনি রামের বামপার্শ্বে অবস্থান করিতেছেন, রাক্ষসগণপরিবৃত ইনি আপনার ভ্রাতা বিভীষণ; রাজার রাজা শ্রীমান্ রামচন্দ্রকর্ত্তৃক লঙ্কায় অভিষিক্ত হইয়া তাঁহারই মন্ত্রিত্ব গ্রহণপূর্ব্বক আপনার সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইতেছেন। আমি এইখানেই বানরদিগের মধ্যে এইরূপ বার্ত্তা অবগত হইয়াছি ॥ ২৭-২৮ ॥

পুরাকালে প্রজাপতি ব্রহ্মার বামচক্ষু বায়ুচালিত ধূলিদ্বারা ব্যাপ্ত হইয়াছিল, অনন্তর ব্রহ্মা স্পর্শ করিয়া সেই ধূলিতে বিকৃতভাব লক্ষ্য করিয়া বাম হস্তদ্বারা

১। ছ '-রাক্ষসান্'। ২। ছ '-সান্নিধ্য-'। ৩। ছ 'চক্ষুস্তু'।

বামেনাদায় হস্তেন ক্ষিপ্তং[১] দূরে পপাত চ।
মনসা চিন্তিতং তেন কিমস্মাৎ প্রভবিষ্যতি[২] ॥ ৩০ ॥
তত্রাপি তরলাভাসা ফেনবুদ্বুদসপ্রভা।
উত্থিতা বিগ্রহবতী নারী কমললোচনা ॥ ৩১ ॥
চন্দ্রবিম্বাননা বালা বিদ্যুত্তরললোচনা।
নৈব দেবী ন গন্ধর্বী নাসুরী ন চ পন্নগী ॥ ৩২ ॥
নেদৃগ্রূপবতী দৃষ্টা স্বয়মেব স্বয়ম্ভুবা।
লোকপালাস্তু[৩] তাং দৃষ্ট্বা তং দেশং[৪] সমুপাগতাঃ ॥ ৩৩ ॥

বামনেত্রং প্রসৃতং ব্যাপ্তং তেন ব্রহ্মণো রজসি দৃষ্ট্বা রজঃ স্পৃষ্ট্বা বৈকৃতং বিকারানীতং রজ আদায় গৃহীত্বা ক্ষিপ্তং প্রতিভাস্যতি। 'প্রভবিষ্যতি' ইতি বা পাঠঃ।

৩১। লো-টী। তরলাভাসা বিদ্যুন্নিভেতি সর্বজ্ঞঃ। যদ্বা, তরলা চঞ্চলা সতী আভাসতে ইতি কর্ত্র্যচ্। আভাসমানেত্যর্থঃ। 'তরলং চঞ্চলে ষিড়্গে ভাস্বরেঽপি ত্রিলিঙ্গক'মিতি কোষঃ। ফেনবুদ্বুদয়োঃ সমানা প্রভা যস্যাঃ সা। ফেনেতি সৌকুমার্য্যেণ, বুদ্বুদেতি শীতল-স্বভাবতয়া।

৩২। লো-টী। বিদ্যুদিব তরলে চঞ্চলে লোচনে যস্যাঃ সা।

৩৩। লো-টী। নেদৃগ্রূপবতী দৃষ্টা কদাপীতি শেষঃ।

গ্রহণ করত দূরে নিক্ষেপ করিলে উহা ভূমিতে পতিত হইল। ব্রহ্মা মনে মনে চিন্তা করিতে লাগিলেন, এই ধূলি হইতে কি উৎপন্ন হইবে? ॥ ২৯-৩০ ॥

সেই ধূলি হইতে চঞ্চলদীপ্তিশালী ফেন-বুদ্বুদসমানপ্রভা কমললোচনা মূর্ত্তিমতী একটী নারী উত্থিত হইল ॥ ৩১ ॥

সেই চন্দ্রমুখী বালিকা বিদ্যুতের ন্যায় চঞ্চললোচনবিশিষ্টা, তিনি দেবীও নহেন, গন্ধর্বীও নহেন, অসুরী বা পন্নগীও নহেন ॥ ৩২ ॥

ব্রহ্মা নিজেই এতাদৃশ রূপবতী রমণী কখনও দেখেন নাই। লোকপালগণ তাহাকে দেখিয়া সেইস্থানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৩ ॥

১। ছ 'তৎ'। ২। ছ 'সম্ভবিষ্যতি'। ৩। ছ '-লাস্তথা'। ৪। ছ 'প্রদেশমুপাগতাঃ'।

রবিস্তত্রাব্রবীদ্বাক্যমুপসৃত্য প্রজাপতিম্।

কস্ত্বেষা কেন কার্য্যেণ সম্প্রাপ্তেহ শুভাননা ॥ ৩৪ ॥

পুরীং ভোগবতীং ত্যক্ত্বা নাগকন্যা কিমাগতা।

সিদ্ধির্[১]দ্ধিস্তথা লক্ষ্মীঃ প্রভা তুষ্টিঃ[২] প্রভাকরী[৩] ॥ ৩৫ ॥

আসাং রূপমবষ্টভ্য উত্থিতা জগতীতলাৎ।

প্রজাপতিস্তদা তত্র রবেরশ্রাবয়ৎ[৪] কথাম্ ॥ ৩৬ ॥

ততোঽক্ষিরজসো[৫] জাতাং স্নিগ্ধাং স্নিগ্ধেন চক্ষুষা[৬]।

ভাস্করো ভাস্করাভাং তামুপগুহ্য গতস্ততঃ[৭] ॥ ৩৭ ॥

কদাচিদথ তাং কন্যাং রূপযৌবনদর্পিতাম্।

স্নাতাং মন্দরপৃষ্ঠে তু রবির্বচনমব্রবীৎ ॥ ৩৮ ॥

৩৪। লো-টী। কেন রূপেণ প্রকারেণ, কেন কার্য্যেণেতি বা পাঠঃ।

৩৬। লো-টী। অবষ্টভ্য গৃহীত্বা।

৩৭। লো-টী। ততোঽক্ষিরজসঃ তস্মাৎ মদীয়াৎ। উপগুহ্য আলিঙ্গ্য, উপগৃহ্যেতি পাঠে গৃহীত্বা।

সূর্য্যদেব প্রজাপতির নিকটে আসিয়া এই কথা বলিলেন, এই সুমুখী কাহার কোন্ প্রয়োজনে এই স্থানে আসিয়াছেন ? ॥ ৩৪ ॥

নাগকন্যা কি পাতালপুরী পরিত্যাগ করিয়া লক্ষ্মী, সিদ্ধি, বৃদ্ধি, প্রভা, তুষ্টি, প্রভাকরী ইহাদের সৌন্দর্য্য গ্রহণ করিয়া পাতাল হইতে উত্থিত হইয়া এই স্থানে আসিয়াছেন ? তখন প্রজাপতি ব্রহ্মা সূর্য্যদেবকে (ইহার) বৃত্তান্ত শুনাইলেন ॥ ৩৫-৩৬ ॥

অনন্তর ব্রহ্মার নয়নধূলি হইতে উৎপন্না স্নিগ্ধ চক্ষুদ্বারা অতিশয় স্নিগ্ধা সূর্য্যের ন্যায় দীপ্তিমতী সেই কন্যাকে আলিঙ্গন করিয়া সূর্য্যদেব সেই স্থান হইতে চলিয়া গেলেন ॥ ৩৭ ॥

কোন এক সময়ে সূর্য্যদেব মন্দরপর্ব্বতে স্নানকারিণী রূপ-যৌবনগর্বিতা সেই কন্যাকে বলিয়াছিলেন— ॥ ৩৮ ॥

১। ছ '-র্ধৃতি-'। ২। ছ 'স্বস্তি'। ৩। ছ 'সরস্বতী'। ৪। ছ '-রাশ্রাবয়ৎ'। ৫। ছ '-রজসা'। ৬। ছ 'চেতসা'। ৭। ছ '-স্তদা'।

মত্তেজসা মহাবীর্য্যস্ত্বপ্রধৃষ্যো মহারণে।
দেবদানবযক্ষাণাং[১] পন্নগানাঞ্চ[২] রক্ষসাম্ ॥ ৩৯ ॥
অবধ্যস্ত্রিদশানাঞ্চ তব পুত্রো ভবিষ্যতি।
বরেণ ছন্দয়িত্বা তামগমৎ সদ্য এব তু।
রবিণা বালভাবাচ্চ বালেতি পরিকীর্ত্তিতা ॥ ৪০ ॥
অথ কালে তদা শ্রীমান্ শক্রঃ সুরগণার্চ্চিতঃ।
বিচরন্ মন্মথাবিষ্টঃ সর্ব্বর্ত্তুকুসুমাকরে।
স দৃষ্ট্বা চারুসর্বাঙ্গীং পরং বিস্ময়মাগতঃ ॥ ৪১ ॥
কা ত্বং ভবসি যক্ষাণাং পন্নগানাঞ্চ[৩] রক্ষসাম্।
মনো হরসি মে ভীরু কান্তে কান্ততরা হ্যসি ॥ ৪২ ॥

৪০। লো-টী। ছন্দয়িত্বা লোভয়িত্বা।
৪১। লো-টী। তদা তস্মিন্।
৪২। লো-টী। কা ত্বং কন্যেতি শেষঃ।

'আমার তেজে যুদ্ধে দেবতা, দানব, যক্ষ, পন্নগ ও রাক্ষসদিগেরও অধর্ষণীয় দেবতাদিগেরও অবধ্য মহাপরাক্রমশালী তোমার একটী পুত্র হইবে', এইরূপ বরদ্বারা তাহাকে প্রলোভিত করিয়া তৎক্ষণাৎ সেই স্থান হইতে চলিয়া গেলেন। সেই নারী বালস্বভাববশতঃ সূর্য্যকর্ত্তৃক বালানামে কীর্ত্তিতা হইয়াছিলেন ॥ ৩৯-৪০ ॥

অনন্তর সেই সময়ে দেবগণবন্দিত ঐশ্বর্য্যশালী দেবরাজ কামাতুর হইয়া সমস্ত ঋতুতে যে উদ্যানে পুষ্প প্রস্ফুটিত হয় সেখানে বিচরণ করিতে করিতে সেই সর্ব্বাঙ্গসুন্দরী রমণীকে দেখিয়া অতিশয় বিস্মিত হইলেন ॥ ৪১ ॥

হে সুন্দরি, তুমি যক্ষ, পন্নগ এবং রাক্ষসদিগের মধ্যে কাহার কন্যা, তুমি আমার মন হরণ করিয়াছ, যেহেতু তুমি অধিকতর রমণীয়া ॥ ৪২ ॥

১। ছ '-সিদ্ধানাং'। ২। ছ 'সযক্ষোরগ-'। ৩। ছ 'রুদ্রাণামিতি চাব্রবীৎ'।

১ ২
স তু ভাবেন দিব্যেন পাণিনা সুমনোহরাম্ ।
পস্পর্শ জলশীতেন বচনঞ্চেদমব্রবীৎ ॥ ৪৩ ॥

বানরৌ দিব্যরূপৌ তে সর্ব্বজ্ঞৌ কামরূপিণৌ ।
উৎপৎস্যেতে মহাভাগে মা বিষাদং গমিষ্যসি ॥ ৪৪ ॥

যমজৌ তৌ মহাভাগৌ বালী সুগ্রীব এব চ ।
কিষ্কিন্ধ্যা নাম পুণ্যা তু দিব্যপুষ্পফলৈর্যুতা ।
৩
তত্র রাজ্যং করিষ্যেতে সর্ববানরপুঙ্গবৈঃ ॥ ৪৫ ॥

ইক্ষ্বাকুকুলসম্ভূতো রামো নাম মহাযশাঃ ।
বিষ্ণুর্মানুষরূপোঽসৌ তস্যৈকঃ সখ্যমেষ্যতি ॥ ৪৬ ॥

যং তু পশ্যসি তিষ্ঠন্তং লক্ষ্মণাৎ সমনন্তরম্ ।
সর্ব্বশাখামৃগেন্দ্রাণাং ভর্ত্তারমপরাজিতম্ ॥ ৪৭ ॥

---

৪৩ । লো-টী । জলেনেব শীতেন ।
৪৪ । লো-টী । তৌ অনির্ব্বচনীয়ৌ তে ইতি বা পাঠঃ ।
৪৭ । লো-টী । সুগ্রীবং কথয়তি যং ত্বিতি ।

এই বলিয়া তিনি দিব্য ভাবে মোহিত হইয়া জলের ন্যায় শীতল হস্তে সেই মনোমোহিনীকে স্পর্শ করিয়া এই কথা বলিলেন— ॥ ৪৩ ॥

হে সুন্দরি, সর্ব্বজ্ঞ কামরূপী অতিশয় সুন্দর দুইটী বানর তোমার গর্ভে উৎপন্ন হইবে, তুমি বিষণ্ণ হইও না ॥ ৪৪ ॥

সেই মহাভাগ বালী এবং সুগ্রীব নামে যমজ ভ্রাতৃদ্বয় উৎকৃষ্ট পুষ্পফলশালিনী কিষ্কিন্ধ্যানামক পবিত্র স্থানে সমস্ত বানরপুঙ্গবের সহিত রাজত্ব করিবেন ॥ ৪৫ ॥

ইক্ষ্বাকুবংশসম্ভূত মহাযশস্বী রাম মনুষ্যরূপী বিষ্ণু, (এই যমজ ভ্রাতৃদ্বয়ের মধ্যে) একজন তাঁহার বন্ধুত্ব লাভ করিবেন ॥ ৪৬ ॥

লক্ষ্মণের নিকটবর্ত্তী যাঁহাকে দণ্ডায়মান দেখিতেছেন, ইহাঁকে সমস্ত বানর-পুঙ্গবের অপরাজেয় প্রভু বলিয়া অবগত হউন ॥ ৪৭ ॥

---

১ । ছ 'দিব্যেন ভাবেন' । ২ । ছ '-রমাম্' । ৩ । ছ '-পুঙ্গবৌ' ।

তেজসা যশসা বুদ্ধ্যা বলেনাভিজনেন চ।

যঃ কপীনভিসংধত্তে হিমবানিব পর্ব্বতান্ ॥ ৪৮ ॥

কিষ্কিন্ধ্যাং যঃ সমধ্যাস্তে গুহাং বানরসঙ্কুলাম্।

দুর্গাং পর্ব্বতমধ্যস্থাং প্রধানৈঃ সহ যূথপৈঃ ॥ ৪৯ ॥

যস্যৈষা কাঞ্চনী মালা শোভতে শতপুষ্করা।

কান্তা দেবমনুষ্যাণাং যস্যাং লক্ষ্মীঃ প্রতিষ্ঠিতা ॥ ৫০ ॥

এতাং মালাং চ[১] তারাঞ্চ কপিরাজ্যঞ্চ শাশ্বতম্।

সুগ্রীবে বালিনং হত্বা রামেণ প্রতিপাদিতম্।

স এষোঽবস্থিতো যুদ্ধে বহুভিঃ কিং প্রয়োজনম্ ॥ ৫১ ॥

৪৮। লো-টী। অভিসন্ধত্তে মিলিতান্ করোতি, যথা পরস্পরং বিবদমানানাং পর্ব্বতানাং মিলনং হিমবানকার্ষীত্তথৈব কপীনাং করোতীত্যর্থঃ।

তেজে, যশে, বুদ্ধিতে, বলে এবং আভিজাত্যে হিমালয় যেমন সমস্ত পর্ব্বতকে সম্মিলিত করিয়াছিল, সেইরূপ ইনি সমস্ত বানরকে মিলিত করিয়াছেন ॥ ৪৮ ॥

ইনি বানরসঙ্কুল দুর্গম পর্ব্বত-মধ্যস্থিত কিষ্কিন্ধ্যানামক গুহাতে প্রধান বানর-দলপতিদের সহিত বাস করেন ॥ ৪৯ ॥

শতপদ্মবিশিষ্ট এই কাঞ্চনময় মালা যাঁহার (গলে) শোভা পায় এবং যে কাঞ্চনমালায় দেবতা এবং মনুষ্যদিগের লক্ষ্মী প্রতিষ্ঠিত, রামচন্দ্র বালীকে বধ করিয়া এই মালা এবং বালীর স্ত্রী তারা ও অবিনশ্বর বানররাজ্য সুগ্রীবকে অর্পণ করিয়াছেন। সেই এই সুগ্রীব সমরে অবস্থান করিতেছেন, বহুদ্বারা আর প্রয়োজন কি? ॥ ৫০-৫১ ॥

১। ছ '-লাং তথা তারাং'।

শতং [1]শতসহস্রাণাং কোটিমাহুর্মনীষিণঃ।
শতং কোটিসহস্রাণাং [2]শঙ্খ ইত্যভিধীয়তে ॥ ৫২ ॥
শতং [3]শঙ্খসহস্রাণাং বৃন্দ[4]মাহুর্মনীষিণঃ।
শতং বৃন্দসহস্রাণাং মহাবৃন্দ[5]মিতি স্মৃতম্ ॥ ৫৩ ॥
মহাবৃন্দসহস্রাণাং শতং পদ্মং পরিশ্রুতম্।
শতং পদ্মসহস্রাণাং মহাপদ্মং বিভাব্যতে।
মহাপদ্মসহস্রাণাং তথা খর্ব্বমিহোচ্যতে ॥ ৫৪ ॥
এষ কোটীসহস্রেণ [6]তথা শঙ্খশতেন চ।
এষ বৃন্দসহস্রেণ [7]মহাবৃন্দশতেন চ ॥ ৫৫ ॥
এষ পদ্মসহস্রেণ মহাপদ্মশতেন চ।
[8]তথা খর্ব্বসহস্রেণ সমগ্রেণ চ বানরঃ ॥ ৫৬ ॥

৫৫। লো-টী। এষ বানরঃ পদ্মসহস্রাদিনা বিশিষ্ট ইত্যেকং বাক্যম্, সুগ্রীব ইত্যপরম্ শুকবাক্যম্ ॥ ৪ ॥

পণ্ডিতেরা শতসহস্রের শতগুণকে কোটী বলিয়া থাকেন, কোটীসহস্রের শতগুণকে শঙ্খ বলিয়া থাকেন ॥ ৫২ ॥

শঙ্খসহস্রের শতগুণকে পণ্ডিতেরা বৃন্দ বলিয়া থাকেন এবং বৃন্দসহস্রের শতগুণকে মহাবৃন্দ বলেন ॥ ৫৩ ॥

মহাবৃন্দের সহস্রের শতগুণকে পদ্ম এবং পদ্মসহস্রের শতগুণকে মহাপদ্ম বলিয়া স্থির করেন। মহাপদ্মসহস্রের শতগুণকে খর্ব্ব বলিয়া থাকেন ॥ ৫৪ ॥

কোটীসহস্র শঙ্খশত বৃন্দসহস্র মহাবৃন্দশত পদ্মশত খর্ব্বসহস্র বানরের সহিত

১। ছ 'বৃন্দস-'। ২। ছ 'শঙ্কুরিত্য-'। ৩। ছ 'শঙ্কু-'। ৪। ছ '-মিত্যভিধীয়তে'। ৫। ছ '-মিহোচ্যতে'। ৬। ছ 'তথা শঙ্কু-'। ৭। ছ 'তথা পদ্মশতেন'। ৮। ছ 'এষ খর্ব্বনিখর্ব্বেণ'।

১
সুগ্রীবো বানরেন্দ্রস্ত্বাং সংপ্রহারার্থমুদ্যতঃ।

যদত্রানন্তরং কার্য্যং তদ্ ভবান্ কর্ত্তুমর্হতি ॥ ৫৭ ॥

ইমাং মহারাজ সমীক্ষ্য বাহিনীং সমুদ্যতাং প্রজ্বলিতগ্রহোপমাম্।

তথা প্রযত্নঃ পরমো বিধীয়তাং যথা জয়ঃ স্যান্ন রণে পরাজয়ঃ ॥ ৫৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে বলসংখ্যানং নাম
চতুর্থঃ সর্গঃ ॥ ৪ ॥

বানররাজ এই সুগ্রীব আপনাকে প্রহার করিতে প্রস্তুত হইয়াছেন। এবিষয়ে অতঃপর যাহা কর্ত্তব্য, আপনি তাহা করিতে পারেন ॥ ৫৫-৫৭ ॥

হে মহারাজ, দীপ্যমান গ্রহসদৃশ এই সমুদ্যত বানরবাহিনী অবলোকন করিয়া সেইরূপ চেষ্টা করা উচিত, যাহাতে যুদ্ধে জয় হয়, কিন্তু পরাজয় নয় ॥ ৫৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে বলসংখ্যান-নামক
৪র্থ সর্গ সমাপ্ত ॥ ৪ ॥

১। ছ '-স্তে'।

(৫) পঞ্চমঃ সর্গঃ

শুকেন তু সমাখ্যাতে দৃষ্ট্বা[১] তাং হরিবাহিনীম্ ।
সমীপস্থং[২] চ রামস্য ভ্রাতরং স্বং বিভীষণম্ ॥ ১ ॥
লক্ষ্মণঞ্চ মহাবীর্য্যং ভুজং রামস্য দক্ষিণম্ ।
সর্ববানররাজং চ সুগ্রীবং[৩] চ মহাবলম্ ॥ ২ ॥
কিঞ্চিদাগতসন্ত্রাসো জাতক্রোধশ্চ রাবণঃ[৪] ।[৫]
ভর্ৎসয়ামাস তৌ বীরৌ কথন্তে শুকসারণৌ ।
রোষগদ্গদয়া বাচা সংরব্ধস্তর্জয়ন্নিব ॥ ৩ ॥
ন তাবৎ সদৃশং হ্যেতৎ সচিবৈরুপজীবিভিঃ ।
বিপ্রিয়ং নৃপতের্বক্তুং[৬] নিগ্রহানুগ্রহে প্রভোঃ[৭] ॥ ৪ ॥

৪। লো-টী। নৃপতেরেতৎ বিপ্রিয়ং নিষ্ঠুরং বক্তুং ন তাবৎ সদৃশমুচিতম্ ।

শুক এইরূপ বর্ণনা করিলে রাবণ সেই বানরসৈন্য, রামের সমীপবর্ত্তী স্বীয় ভ্রাতা বিভীষণ, রামের দক্ষিণ বাহুস্বরূপ মহাপরাক্রমশালী লক্ষ্মণ এবং সমস্ত বানরের রাজা অতিশয় বলবান্ সুগ্রীবকে দেখিয়া কিছু ভীত হইয়া ক্রুদ্ধভাবে সেই বীর শুক এবং সারণকে ক্রোধ-গদ্গদকণ্ঠে তর্জন করিতে করিতে ভর্ৎসনা করিতে লাগিলেন ॥ ১-৩ ॥

নিগ্রহ ও অনুগ্রহে সমর্থ রাজার সমীপে এইরূপ নিষ্ঠুরবাক্য বলা অধীনস্থ মন্ত্রীর উচিত নয় ॥ ৪ ॥

১। ছ 'তাং দৃষ্ট্বা'। ২। ছ '-স্তু'। ৩। ছ 'সুমহা-'। ৪। ছ 'রাক্ষসঃ'। ৫। অতঃ পরং ছ 'অধোমুখৌ তৎপ্রবণৌ সোঽব্রবীৎ শুকসারণৌ।' ইত্যধিকম্। ৬। ছ 'নৃপতিং বক্তুং'। ৭। ছ 'প্রভুম্'।

রিপূণাং প্রতিকূলানাং যুদ্ধার্থমভিবর্ত্ততাম্[১]।
উভয়োঃ সদৃশং বাক্যং যুক্তমপ্রস্তুতং তু বাম্[২] ॥ ৫ ॥
আচার্য্যা গুরবো বৃদ্ধা বৃথা বাং পর্য্যুপাসিতাঃ।
সারং যদ্রাজশাস্ত্রাণামনুজীব্যং[৩] ন গৃহ্যতে ॥ ৬ ॥
গৃহীতং বা[৪] ন বিজ্ঞাতং ভাবঃ[৫] শাস্ত্রস্য বাং বৃথা।
ঈদৃশৈঃ সচিবৈর্যুক্তো[৬] মূর্খৈর্দিষ্ট্যা ধ্রিয়ে[৭] হ্যহম্ ॥ ৭ ॥
কিং বাং মৃত্যুভয়ং নাস্তি মামুক্ত্বা পরুষং বচঃ।
যস্য মে শাসনে জিহ্বা প্রযচ্ছতি শুভাশুভম্ ॥ ৮ ॥

৫। লো-টী। রিপূণামন্যেষাং চ প্রতিকূলানাং যুদ্ধার্থম্ অভি অভয়ং যথা তথা বর্ত্ততাং বর্ত্তমানানাং স্তবং স্তাবকং বাক্যম্ অপ্রস্তবং স্তুত্যযোগ্যং বক্তুমুভয়োর্ভবতোঃ সদৃশমুচিতং কিমিতি শেষঃ। উভয়োঃ সদৃশং নাম বক্তব্যমস্তবে স্তবমিতি পাঠে রিপূণামস্তবে স্তব্যত্বে সতি যত্তেষাং স্তবং স্তাবকম্ উভয়োর্যুবয়োর্বক্তব্যস্তৎ সদৃশং কিন্নাম স্তবমিতি। ষণ্টত্বমার্ষম্ (?)। 'বক্তুম-প্রস্তুতস্তব'মিতি পাঠে অযোগ্যস্তাবকং বাক্যম্।

৭। লো-টী। বাং যুবয়োঃ। 'ভাবো বৃথৈব ধার্য্যতে' ইতি ক্বচিৎ পাঠঃ। দিষ্ট্যা ভাগ্যেনৈব ধ্রিয়ে জীবামি।

৮। লো-টী। শাসনে ইতি, অত্র অশাসনে শাসনে চেতি জ্ঞেয়ম্। অশাসনে শুভং শাসনেঽশুভং, যদ্বা মে মম শাসনে যস্য জিহ্বা সা শুভাপি অশুভং প্রযচ্ছতীত্যর্থঃ।

নির্ভয়ে যুদ্ধে প্রবর্ত্তিত প্রতিকূল শত্রুদিগের অপ্রাসঙ্গিক স্তব করা তোমাদের উভয়েরই উপযুক্ত হয় নাই ॥ ৫ ॥

তোমরা বৃথাই আচার্য্য, গুরু ও বৃদ্ধদিগকে সেবা করিয়াছ, যেহেতু রাজ-শাস্ত্রের গ্রহণীয় সারাংশই গ্রহণ কর নাই ॥ ৬ ॥

অথবা, গ্রহণ করিলেও ভুলিয়া গিয়াছ, তোমাদের শাস্ত্রের চিন্তা করা বৃথা, এতাদৃশ মূর্খ মন্ত্রীদের সহিত মিলিত হইয়া আমি সৌভাগ্যবশতঃই জীবিত আছি ॥ ৭ ॥

আমাকে নিষ্ঠুরবাক্য বলিয়া তোমাদের কি মৃত্যু-ভয়ও নাই যে আমার শাসনে (আমাকে উপদেশ দিতে) জিহ্বা ভাল মন্দ উচ্চারণ করে ॥ ৮ ॥

১। ছ '-বর্ত্তিনাম্'। ২। ছ 'বক্তুমপ্রস্তুতন্ন বাম্'। ৩। ছ '-জীব্য নু গৃ-'। ৪। ছ '।
৫। ছ 'ভাবো গ্রন্থস্য ধার্য্যতে'। ৬। ছ '-যুক্তা'। ৭। ছ 'ধ্রিয়ামহে'।

অপ্যেব দহনং প্রাপ্য বনে তিষ্ঠন্তি পাদপাঃ।
রাজরোষপরামৃষ্টা[১] ন তিষ্ঠন্ত্যপরাধিনঃ ॥ ৯ ॥
বধেয়ং[২] খল্বিমৌ পাপৌ শত্রুপক্ষপ্রশংসকৌ।
যদি পূর্ব্বোপকারৈর্মে ন ক্রোধো মৃদুতাং ব্রজেৎ ॥ ১০ ॥
অদ্য বৈবস্বতং দেবং পশ্যেতাং প্রেষিতৌ ময়া।
গচ্ছতাং লঘু দুর্ব্বৃত্তৌ[৩] সন্নিকর্ষাদিতো[৪] মম ॥ ১১ ॥
উভৌ ন দ্রষ্টুমিচ্ছামি যুবামপ্রিয়বাদিনৌ।
ন যুবাং হন্তুমিচ্ছামি স্মরন্নুপকৃতানি বৈ ॥ ১২ ॥
উভাবেতৌ[৫] কৃতঘ্নৌ তৌ[৬] মম স্নেহপরাঙ্মুখৌ।
দুরাচারৌ পরং মূঢ়ৌ রিপুপক্ষপ্রশংসকৌ ॥ ১৩ ॥

৯। লো-টী। অপ্যেব কিঞ্চ পাদপা বৃক্ষাঃ দহনমগ্নিম্। যদ্বা, বনে গৃহে পাদপাঃ ক্ষত্রিয়াঃ। 'ক্ষত্রিয়েঽপি চ'ত্যজয়ঃ। পরামৃষ্টাঃ স্পৃষ্টাঃ।
১১। লো-টী। লঘু শীঘ্রম্।

বৃক্ষও বনে অগ্নির স্পর্শে অদগ্ধাবস্থায় থাকিতে পারে, কিন্তু রাজরোষে পতিত অপরাধী ব্যক্তি জীবিত থাকিতে পারে না ॥ ৯ ॥

শত্রুপক্ষের প্রশংসাকারী এই পাপিষ্ঠদ্বয়কে আমি বধ করিব, যদি ইহাদিগের পূর্ব্বকৃত উপকার (-স্মরণে) আমার ক্রোধের উপশম না হয় ॥ ১০ ॥

আমাকর্ত্তৃক (যমালয়ে) প্রেরিত ইহারা আজ যমরাজকে অবলোকন করুক, এই দুর্ব্বৃত্তদ্বয় শীঘ্র আমার নিকট হইতে গমন করুক ॥ ১১ ॥

অপ্রিয়বাদী তোমাদের উভয়কেই আমি দেখিতে ইচ্ছা করি না, কিন্তু তোমাদের উপকার স্মরণ করিয়া বধ করিতে চাই না ॥ ১২ ॥

শুক এবং সারণ উভয়েই কৃতঘ্ন দুরাচার অত্যন্ত মূর্খ এবং শত্রুপক্ষের প্রশংসাকারী, অতএব আমার স্নেহ হইতে বঞ্চিত ॥ ১৩ ॥

১। ছ '-দোষ-'। ২। ছ 'বধে যোগ্যাবিমৌ'। ৩। ছ নিবৃত্তৌ'। ৪। ছ '-দতো'। ৫। ছ 'হতা-'। ৬। ছ 'যৌ'।

এবমুক্তৌ তু সব্রীড়াবুভৌ তৌ শুকসারণৌ।
রাবণং জয়শব্দেন প্রতিনন্দ্য[১] বিনির্গতৌ ॥ ১৪ ॥
[২]অথাব্রবীদ্ দশগ্রীবঃ সমীপস্থং মহোদরম্।
উপস্থাপয় মে শীঘ্রং চরমুখ্যান্[৩] নিশাচরান্[৪] ॥ ১৫ ॥
ততশ্চরাঃ সত্বরিতাঃ প্রাপ্তাঃ পার্থিবশাসনাৎ।
উপস্থিতাঃ প্রাঞ্জলয়ো বর্দ্ধয়িত্বা জয়াশিষা ॥ ১৬ ॥
তানব্রবীৎ ততো বাক্যং রাবণো রাক্ষসাধিপঃ।
চরান্[৫] প্রত্যয়িনঃ[৬] শূরান্ ভক্তান্ বিগতসাধ্বসান্ ॥ ১৭ ॥

১৬। লো-টী। ত্বরিতং ত্বরা, তৎসহিতা।

১৭। লো-টী। প্রত্যয়িনঃ জ্ঞানিনঃ। যদ্বা, বিশ্বাসিনঃ। 'প্রত্যয়োঽধীনশপথ-জ্ঞানবিশ্বাসহেতুষ্বি'ত্যমরঃ। 'প্রত্যয়িতানি'তি পাঠে জাতবিশ্বাসান্ আপ্তান্ বা। 'অবস্থ [চারশ্চ] গূঢ়পুরুষশ্চাপ্তঃ প্রত্যয়িতস্ত্রিষ্বি'তি চামরঃ।

সেই শুক এবং সারণকে রাবণ এইরূপ বলিলে তাহারা লজ্জিত হইয়া (মহারাজের) জয় হউক ইত্যাকার শব্দদ্বারা রাবণকে সম্মানিত করিয়া বাহিরে চলিয়া গেলেন ॥ ১৪ ॥

অনন্তর দশানন রাবণ সমীপস্থিত মহোদরকে বলিলেন যে, চরশ্রেষ্ঠ রাক্ষসদিগকে শীঘ্র আমার নিকটে উপস্থিত কর ॥ ১৫ ॥

রাজার শাসনে চারগণ অত্যন্ত ত্বরাযুক্ত হইয়া জয়াশীর্ব্বাদে রাবণকে অভিনন্দিত করিয়া তৎসমীপে কৃতাঞ্জলিপূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন ॥ ১৬ ॥

রাক্ষসরাজ রাবণ সেই সকল বিশ্বস্ত বীর ভক্ত এবং নির্ভীক চরদিগকে বলিলেন— ॥ ১৭ ॥

১। ছ '-নন্দ্যাথ নির্গ-'। ২। ছ 'অব্রবীত্তু'। ৩। ছ 'চরানিতি'। ৪। ছ '-চরঃ'। ৫। ছ 'চারান্'। ৬। ছ 'প্রত্যয়িতান্'।

[১] যূয়ং গচ্ছত রামস্য ব্যবসায়ং পরীক্ষিতুম্।
মন্ত্রেষ্বভ্যন্তরাঃ কে স্যুঃ [২] প্রীতিং কে চ সমাগতাঃ ॥ ১৮ ॥

ক্ব বৎস্যতি নিশামদ্য কতমেনেষ্যতে পথা।
বিজ্ঞায় সর্বং নৈপুণ্যাদাগচ্ছত কৃতত্বরাঃ ॥ ১৯ ॥

[৩] চারেণ নিহতঃ শক্রঃ পণ্ডিতৈর্বসুধাধিপৈঃ।
যুদ্ধে স্বল্পপ্রযত্নেন সমাসাদ্য নিরস্যতে ॥ ২০ ॥

[৪] চরাস্তু তে তথেত্যুক্ত্বা [৫] শার্দ্দূলাদ্যা দশাননম্।
কৃত্বা প্রদক্ষিণং জগ্মুর্যত্র রামঃ সলক্ষ্মণঃ ॥ ২১ ॥

১৮। লো-টী। ব্যবসায়ং প্রীতীচ্ছাং যুদ্ধেচ্ছাং বা মন্ত্রেষ্বভ্যন্তরাঃ সর্ব্বতোভাবেনাত্মীয়াঃ অভিয়ো ভয়রহিতা যথার্থবাদিনঃ অন্তরা আত্মীয়াশ্চ, পুংস্ত্বমার্ষং, সমাগতাঃ প্রাপ্তাঃ।

১৯। লো-টী। কতমেন পথা ইষ্যতে আগমিষ্যতি সর্ব্বং যথেতি পাঠে যথাবদ্বিজ্ঞায়।

২০। লো-টী। নিহতঃ জ্ঞাতঃ সর্ব্বে গত্যর্থা জ্ঞানার্থাঃ। যুদ্ধে সমাসাদ্য প্রাপ্য নিরস্যতে হন্যতে।

২১। লো-টী। শার্দ্দূলাদ্যাঃ শার্দ্দূলঃ শ্রেষ্ঠশ্চরঃ।

রামের কর্ত্তব্য নির্দ্ধারণ এবং যাহারা মন্ত্রণাদানে তাহার অন্তরঙ্গ বন্ধু অথবা প্রীতিপূর্ব্বক যাহারা এস্থানে আসিয়াছে, এই সমস্ত নির্দ্ধারণ করিবার জন্য তোমরা গমন কর ॥ ১৮ ॥

রাম আজ রাত্রিতে কোথায় বাস করিবে এবং কোন্ পথে আগমন করিবে এই সমস্ত নিপুণভাবে অবগত হইয়া সত্বর আগমন কর ॥ ১৯ ॥

পণ্ডিত বসুধাধিপতিগণ চরদ্বারা শত্রু বধ করেন এবং চরদ্বারাই শত্রুকে যুদ্ধক্ষেত্রে লাভ করিয়া অনায়াসে পরাজিত করেন ॥ ২০ ॥

শার্দ্দূল প্রভৃতি চারগণ 'যে আজ্ঞা' এই বলিয়া রাবণকে প্রদক্ষিণ করিয়া যে-স্থানে লক্ষ্মণের সহিত রাম অবস্থান করিতেছিলেন সেই স্থানে গমন করিলেন ॥ ২১ ॥

১। ছ 'ছন্না গচ্ছত'। ২। ছ 'কেঽস্য'। অস্য পরার্দ্ধাৎ পরং ছ 'কথং স্বপিতি জাগর্ত্তি কিমন্য চ করিষ্যতি ॥' ইত্যধিকম্। ৩। ছ 'চরেণ'। ৪। ছ 'চারাস্তু'। ৫। ছ 'প্রহৃষ্টা রাক্ষসেশ্বরম্'। অতঃ পরং ছ 'শার্দ্দূলং পুরতঃ কৃত্বা হৃষ্টাশ্চক্রুঃ প্রদক্ষিণম্। ততস্তু তে মহাত্মানং চরা রাক্ষসসত্তমম্ ॥' ইত্যধিকম্।

তে সুবেলস্য শৈলস্য সমীপে রামলক্ষ্মণৌ।

প্রচ্ছন্না দদৃশুর্গত্বা সসুগ্রীববিভীষণৌ ॥ ২২ ॥

প্রচ্ছন্নাংস্তু[১] চরাংস্তাংশ্চ দদর্শ স বিভীষণঃ।

অবজ্ঞায় বিধিং[২] তেষাং স চক্রে রাক্ষসেশ্বরঃ ॥ ২৩ ॥

বিভীষণেন তত্রস্থা নিগৃহীতা যদৃচ্ছয়া।

বানরৈরর্দ্দিতাস্তে তু বিক্রান্তৈর্লঘুবিক্রমৈঃ।

পুনর্লঙ্কামনুপ্রাপ্তাঃ শ্বসন্তো নষ্টচেতসঃ[৩] ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে চারবিধির্নাম
পঞ্চমঃ সর্গঃ ॥ ৫ ॥

২২। লো-টী। তত্র বানরসৈন্যে প্রচ্ছন্নাস্তে পুরতো লক্ষিতা অনুলক্ষিতাঃ, পশ্চাদ্দদর্শ প্রত্যক্ষতো জ্ঞাতবান্।

২৩। লো-টী। অবজ্ঞায় তিরস্কৃত্য তেষাং বিধিং গ্রহবগ্রহাবাদি (?) বিধানং চাত্র ইত্যন্বয়ঃ। 'অন্তর্ধানবধ'মিতি পাঠে অন্তর্ধানেন স্বরূপতিরোধানেন হেতুনা বধং চক্রে কর্ত্তুমুক্তবানিত্যর্থঃ। যদ্বা, অন্তর্ধীয়তে ইতি অন্তর্ধানং তস্য বধং প্রচ্ছন্নমতিবিনাশং চক্রে ইত্যর্থঃ।

২৪। লো-টী। লঘুবিক্রমৈঃ শীঘ্রপরাক্রমৈঃ।

[লো-টী।] তৎ বানরসৈন্যং বলং যস্য তং রামম্। যদ্বা, সমীপবাসিনং রামং তদ্বলঞ্চ কপিসৈন্যম্।

লঙ্কাকাণ্ডে চারপ্রত্যাগমনম্ ॥ ৫ ॥

সেই চারগণ সুবেলপর্ব্বতের সমীপে লুক্কায়িত ভাবে গমন করিয়া সুগ্রীব এবং বিভীষণের সহিত রাম ও লক্ষ্মণকে দর্শন করিলেন ॥ ২২ ॥

সেই রাক্ষসেশ্বর বিভীষণ প্রচ্ছন্ন চরদিগকে দর্শন করিয়া তিরস্কারপূর্ব্বক তাহাদের [যথোচিত] ব্যবস্থা করিলেন ॥ ২৩ ॥

বিভীষণকর্ত্তৃক যথেচ্ছভাবে নিগৃহীত এবং পরাক্রমশালী ক্ষিপ্রকারী বানরগণ-কর্ত্তৃক বিদলিত গুপ্তচর রাক্ষসগণ অচৈতন্যাবস্থায় নিশ্বাস ত্যাগ করিতে করিতে পুনরায় লঙ্কায় প্রবেশ করিল ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে চারবিধি-
নামক ৫ম সর্গ সমাপ্ত ॥ ৫ ॥

১। ছ 'চরাংস্তত্র'। ২। ছ 'অন্তর্দ্ধানবধং'। অস্য পরার্দ্ধাৎ পরং ছ 'তে তু মায়াবলং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রেণ লক্ষিতাঃ'। ইত্যধিকম্। অতঃ পরং ছ 'তে দৃষ্ট্বা বানরবলং রাক্ষসা বানরার্দ্দিতাঃ। বিষেদুর্ভয়সংত্রস্তা বানরৈর্ব্বিদিতা ভৃশম্॥ দয়য়া ন হতাঃ সর্ব্বে বানরৈর্জ্জিতকাশিভিঃ।' ইত্যধিকম্। ৩। অতঃ পরং ছ 'ততো দশগ্রীবমুপস্থিতাঃ পুনশ্চরা বহির্নিত্যচরা নিশাচরাঃ। গিরেঃ সুবেলস্য সমীপবাসিনং ন্যবেদয়ন্ ভীমবলং চ তদ্বলম্॥' ইত্যধিকম্।

(৬) ষষ্ঠঃ সর্গঃ

বীক্ষমাণো বিবর্ণং তু শার্দ্দূলং শোককর্ষিতম্[১]।
ভয়াজ্জড়ীকৃতৈরঙ্গৈঃ শ্বসন্তমিব পন্নগম্।
উবাচ প্রহসন্নেব[২] রাবণো ভীমবিক্রমঃ[৩] ॥ ১ ॥
অযথাবচ্চ[৪] তে বর্ণো দীনশ্চাসি নিশাচর।
নাসি কচ্চিদমিত্রাণাং ক্রুদ্ধানাং বশমাগতঃ ॥ ২ ॥
ইতি তেনানুশিষ্টস্তু বচো মন্দমুদীরয়ন্।
উবাচ[৫] প্রহসন্তং তু রাবণং লোকরাবণম্ ॥ ৩ ॥
ন তে চারয়িতুং[৬] শক্যা রাজন্ বানরপুঙ্গবাঃ।
বিক্রান্তা বলবন্তশ্চ রাঘবেণ চ রক্ষিতাঃ ॥ ৪ ॥

৩। লো-টী। মন্দম্ অল্পং বচঃ উদীরয়ন্ উচ্চারয়ন্।
৪। লো-টী। চারয়িতুং চরস্যেদং কর্ম্ম চারং তৎ কর্ত্তুং, বানরেষু চরস্য কর্ম্ম নাস্তীত্যর্থঃ। 'চালয়িতু'মিতি পাঠে তেন নিঃসারয়িতুম্। 'বারয়িতু'মিতি পাঠে ক চ নিবারয়িতুম্।

শার্দ্দূলনামক চরকে বিবর্ণ শোকাকুল ভয়ে জড়সড় সর্পের ন্যায় নিঃশ্বাস ফেলিতে দেখিয়া ভীষণ-পরাক্রমশালী রাবণ পরিহাস করিয়াই বলিলেন— ॥ ১ ॥

হে নিশাচর, তোমার বর্ণ অপ্রাকৃত এবং মলিন, তুমি ক্রুদ্ধ শত্রুদিগের বশবর্ত্তী হও নাই ত? ॥ ২ ॥

এইরূপ রাবণকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া শার্দ্দূলনামক রাক্ষস ধীরে ধীরে কথা উচ্চারণ করিতে করিতে জগতের ভয়োৎপাদক উপহাসকারী রাবণকে বলিলেন— ॥ ৩ ॥

মহারাজ, সেই বানরপুঙ্গবদিগকে চারগণ বিচার করিতে সমর্থ নয়, যে-হেতু সেই পরাক্রমশালী বলবান্ বানরগণ রামকর্ত্তৃক সুরক্ষিত ॥ ৪ ॥

১। ছ 'সহিতং চরৈঃ'। ২। ছ '-সংস্তুষ্ঞ'। ৩। ছ 'লোকরাবণঃ'। ৪। ছ 'অন্যথা দৃশ্যতে'। ৫। ছ 'মহারাক্ষসশার্দ্দূলং শার্দ্দূলো বাক্যমব্রবীৎ'। ৬। ছ 'লঙ্ঘয়িতুং'।

নাভিভাবয়িতুং[1] শক্যা সংপ্রশ্নোঽত্র ন বিদ্যতে।
সর্ব্বতো রক্ষ্যতে পন্থা বানরৈঃ পর্ব্বতোপমৈঃ ॥ ৫ ॥
প্রবিষ্টমাত্রো জ্ঞাতোঽহং বলে তস্মিন্নবারিতে[2]।
বলাদ্ গৃহীতো বলিভির্বহুধাস্মি[3] বিকর্ষিতঃ[4] ॥ ৬ ॥
জানুভির্মুষ্টিভির্দন্তৈস্তলৈশ্চাপি হতো[5] ভৃশম্।
পরিভূতোঽস্মি হরিভির্বলবদ্ভিরমর্ষণৈঃ।
পরিভূয় চ সর্ব্বত্র নীতোঽহং রামসংসদি ॥ ৭ ॥
রুধিরদিগ্ধসর্ব্বাঙ্গো বিহ্বলশ্চলিতেন্দ্রিয়ঃ।
হরিভির্বধ্যমানশ্চ যাচমানঃ কৃতাঞ্জলিঃ।
রাঘবেণ পরিত্রাতো জীবাম্যেষ[6] যদৃচ্ছয়া ॥ ৮ ॥

৬। লো-টী। অবারিতৈঃ কৈশ্চাপি বারয়িতুমশক্যৈঃ। বিকর্ষিতঃ অপকৃতঃ। 'বহুধাস্মি বিকুঞ্চিত' ইতি পাঠে বিকুঞ্চিতঃ হিংসিতঃ।

তাহাদিগকে অভিভূত করা অসাধ্য, অতএব প্রশ্ন করাও সম্ভব নয়, পর্ব্বত-সদৃশ বানরগণ চতুর্দ্দিকের পথ রক্ষা করিতেছে (পথে পাহারা দিতেছে) ॥ ৫ ॥

সেই দুর্ব্বার সৈন্যমধ্যে প্রবেশ করা মাত্র তাহারা আমাকে জানিতে পারিয়া বলপূর্ব্বক গ্রহণ করত নানাপ্রকারে লাঞ্ছিত করিল ॥ ৬ ॥

আমি পুনঃ পুনঃ জানু, মুষ্টি, দন্ত এবং চপেটদ্বারা আহত হইলাম, ক্রুদ্ধ বলবান্ বানরগণদ্বারা তিরস্কৃত হইলাম এবং সর্ব্বত্র তিরস্কৃত হইয়া অবশেষে রামের সমীপে নীত হইলাম ॥ ৭ ॥

আমার সর্ব্বশরীর রক্তাক্ত, ইন্দ্রিয়সকল চঞ্চল এবং আমি ভয়ে অভিভূত ও বানরকর্ত্তৃক ধৃত হইয়া রামসমীপে কৃতাঞ্জলিপূর্ব্বক মুক্তি প্রার্থনা করিলে তিনি স্বেচ্ছায় আমাকে পরিত্রাণ করিয়াছেন বলিয়া এই আমি জীবিত আছি ॥ ৮ ॥

১। ছ '-ভাবয়ি-'। ২। ছ '-ন্নিবারিতঃ'। ৩। ছ 'হরিভি-'। ৪। ছ 'বিকুঞ্চিতঃ'। ৫। ছ '-শ্চাভিহতো'। ৬। ছ 'জীবন্নেব'।

১
এষ শৈলশিলাসঙ্ঘৈঃ পূরয়িত্বা মহার্ণবম্।
২
দ্বারমাবৃত্য লঙ্কায়া রামস্তিষ্ঠতি সায়ুধঃ।
গারুড়ং ব্যূহমাস্থায় সর্ব্বতো হরিভির্বৃতঃ॥ ৯॥
মাং বিসৃজ্য মহাতেজা লঙ্কামেবোপসর্পতি।
পুরীপ্রাকারমায়াতঃ ক্ষিপ্রমেকতরং কুরু॥ ১০॥
সীতাং বা সংপ্রযচ্ছাশু যুদ্ধং বাশু প্রদীয়তাম্।
মনসা চোৎপপাতেব তচ্ছ্রুত্বা রাক্ষসেশ্বরঃ॥ ১১॥
শার্দ্দূলস্য মহদ্বাক্যমথোবাচ স রাবণঃ।
যদি মাং প্রতিযোৎস্যন্তি দেবগন্ধর্ব্বদানবাঃ।
নাহং সীতাং প্রদাস্যামি সর্ব্বলোকভয়াদপি॥ ১২॥

১০। লো-টী। উপসর্পতি আয়াতি।

সশস্ত্র এই রাম পর্ব্বতের প্রস্তরসমূহদ্বারা বিশাল সমুদ্র পূর্ণ করত চতুর্দ্দিকে বানরগণকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া গরুড়ব্যূহ রচনাপূর্ব্বক লঙ্কানগরীর দ্বার আবৃত করিয়া অবস্থান করিতেছেন॥ ৯॥

নগরীর প্রাচীরের ন্যায় বিশাল-শরীর মহাতেজস্বী রাম আমাকে পরিত্যাগ করিয়া লঙ্কাভিমুখে আগমন করিতেছেন। সীতাকে [রামহস্তে] প্রদান অথবা [রামের সহিত] যুদ্ধ এই দুয়ের মধ্যে শীঘ্রই একটা সম্পাদন করুন॥ ১০॥

রাক্ষসেশ্বর সেই রাবণ শার্দ্দূলের সেই মহদ্বাক্য শ্রবণ করিয়া মনে মনে উল্লম্ফনপূর্ব্বক যেন তাহাকে বলিলেন॥ ১১॥

যদি দেবতা, গন্ধর্ব্ব, অথবা দানবগণও আমার সহিত যুদ্ধ করিতে আগমন করেন, তবে সেই সমস্ত লোকের ভয়েও আমি সীতাকে প্রদান করিব না॥ ১২॥

১। ছ '-ক্রমশি-'। ২। ছ '-মাসাগু'।

এবমুক্ত্বা মহাতেজা রাবণঃ পুনরব্রবীৎ।[১]
চরিতা ভবতা কেঽত্র শূরাঃ কেঽত্র প্লবঙ্গমাঃ।[২]
কীদৃশাঃ কতি বা সৈন্যে বানরা যে দুরাসদাঃ ॥ ১৩ ॥[৩,৪]

এতৎ সর্ব্বং সমাসেন তত্ত্বতো বক্তুমর্হসি।
তদাত্র প্রতিপৎস্যামো জ্ঞাত্বা তেষাং বলাবলম্ ॥ ১৪ ॥[৫]

অবশ্যং বলসংখ্যানং কর্ত্তব্যং যুদ্ধবৃদ্ধয়ে।
অথৈবমুক্তঃ শার্দ্দূলো রাবণেন দুরাত্মনা।[৬,৭]
ইদং বচনমারেভে বক্তুং রাবণসংসদি ॥ ১৫ ॥

ঋক্ষরাজস্য পুত্রোঽত্র মহাপ্রাজ্ঞঃ সুদুর্জয়ঃ।[৮]
পিতামহসুতশ্চাত্র জাম্ববানিতি বিশ্রুতঃ ॥ ১৬ ॥

১৩। লো-টী। অত্র বানরসৈন্যে অবজগতি (?)।

মহাতেজস্বী রাবণ এই বলিয়া পুনরায় বলিতে লাগিলেন, তুমি ইহাদের মধ্যে কাহাদের বিষয় জানিতে পারিয়াছ, এই সৈন্যগণের মধ্যে কোন্ কোন্ বানর বলবান্ এবং সেই দুর্জ্জয় বানরেরা কিরূপ ও সংখ্যায় কত ॥ ১৩॥

এই সমস্ত সংক্ষেপে যথার্থরূপে বর্ণনা করিলে আমি তাহাদের সামর্থ্য এবং অসামর্থ্য অবগত হইয়া কর্ত্তব্য স্থির করিব ॥ ১৪ ॥

যুদ্ধপ্রসারের জন্য সৈন্য নিরূপণ করা অবশ্যই উচিত। দুরাত্মা রাবণ শার্দ্দূলকে এইরূপ বলিলে, তিনি রাবণসভায় এইরূপ বলিতে আরম্ভ করিলেন ॥ ১৫ ॥

এই সৈন্যমধ্যে অতিশয় প্রাজ্ঞ ও দুর্জয় ঋক্ষরাজের পুত্র, জাম্ববান্ নামে বিখ্যাত পিতামহপুত্র, শত্রুদের পক্ষে দুর্জয় বীর বালির পুত্র, তারার পুত্র মহা-

১। ছ 'দশগ্রীবঃ পুনরেবাভ্যভাষত'। ২। ছ 'চারিতা'। ৩। ছ 'সচিবাঃ'। ৪। ছ 'সৌম্য'। ৫। ছ 'তত্তথা তব বক্ষ্যামি'। ৬। ছ 'স এবমুক্তঃ'। ৭। ছ '-লশ্চরৈস্তু সহিতস্তু তৈঃ'। ৮। ছ 'জাম্ববানিতি বিশ্রুতঃ'। অস্য পূর্ব্বার্দ্ধং নাস্তি।

বালিনশ্চ সুতো বীরঃ শত্রূণাং সুদুরাসদঃ।
অঙ্গদো যুবরাজশ্চ তারেয়োঽত্র মহাবলঃ॥ ১৭ ॥
কেশরী চাপি বলবানাগতঃ স্ববলেন বৈ।
[১] কদনং কৃতমেকেন যস্য পুত্রেণ রক্ষসাম্॥ ১৮ ॥
[২] সুষেণো নাম ধর্ম্মাত্মা পুত্রো ধন্বন্তরের্বলী।
সৌম্যঃ সোমাত্মজশ্চাত্র নাম্না দধিমুখো হরিঃ॥ ১৯ ॥
সুমুখো দুর্মুখশ্চাত্র [৩] বেগদর্শী চ বানরঃ।
মৃত্যুর্বানররূপেণ স্বয়ং সৃষ্টঃ স্বয়ম্ভুবা [৪]॥ ২০ ॥
মৈন্দশ্চ দ্বিবিদশ্চৈব [৫] দ্বৌ বীরাবশ্বিনোঃ [৬] সুতৌ।
পুত্রা বৈবস্বতস্যাত্র পঞ্চ কালান্তকোপমাঃ।
গয়ো গবাক্ষো গবয়ঃ [৭] শরভো গন্ধমাদনঃ॥ ২১ ॥
শ্বেতো [৮] জ্যোতির্মুখশ্চাত্র ভাস্করস্যাত্মসম্ভবঃ [৯]।
বরুণস্য চ পুত্রোঽত্র হেমকূটঃ প্রতাপবান্।
সর্ব্ববানরমুখ্যশ্চ সুগ্রীবঃ প্লবগর্ষভঃ॥ ২২ ॥

২১। লো-টী। বৈবস্বতস্য যমস্য।
২২। লো-টী। ভাস্করাত্মজসম্ভবঃ ভাস্করাত্মজাৎ সংভবতীতি এতাবপি দ্বৌ যমস্য পুত্রৌ। ভাস্করস্যাত্মসংভবানিতি ক্বচিৎ পাঠঃ।

বলবান্ যুবরাজ অঙ্গদ, যাহার পুত্র (হনুমান্) একাই রাক্ষসদিগের উৎপীড়ন করিয়াছে—সেই স্বীয় বলে বলীয়ান্ উপস্থিত কেশরীনামক বানর, ধন্বন্তরির পুত্র বলবান্ ধর্ম্মাত্মা সুষেণ, সোমপুত্র অতিশয় শান্ত দধিমুখনামক বানর, স্বয়ং ব্রহ্মার সৃষ্ট মৃত্যুতুল্য বেগদর্শী, সুমুখ এবং দুর্মুখনামে বানরত্রয়, মৈন্দ এবং দ্বিবিদনামক বলবান্ অশ্বিনীকুমারের পুত্রদ্বয়, কালান্তক সদৃশ গয়, গবাক্ষ, গবয়, শরভ

১। ছ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। ছ '-শ্চ মুধ-'। ৩। ছ '-শ্চৈব'। ৪। অতঃ পরং ছ 'পুত্রো হুতাশনস্যাত্র নীলঃ সেনাপতিঃ স্বয়ম্। অনিলস্য চ পুত্রোঽয়ং হনুমানিতি বিশ্রুতঃ॥' ইত্যধিকম্। ৫। ছ 'যৌ'। ৬। '-নাবুভৌ'। ৭। ছ 'সর-'। ৮। ছ 'দধিমু-'। ৯। ছ '-বৌ'।

দশ বানরকোট্যোঽত্র শূরাণাং যুদ্ধকাঙ্ক্ষিণাম্।
শ্রীমতাং দেবপুত্রাণাং শেষং নাখ্যাতুমুৎসহে ॥ ২৩ ॥
পুত্রো দশরথস্যাত্র সিংহসংহননো যুবা।
দূষণো নিহতো যেন খরোঽথ ত্রিশিরাস্তথা ॥ ২৪ ॥
নাস্তি রামেণ সদৃশো বিক্রমে ভুবি কশ্চন।
বিরাধো নিহতো যেন কবন্ধশ্চামরোপমঃ।
সেতুর্বদ্ধশ্চ রামেণ কো রামসদৃশো ভুবি ॥ ২৫ ॥
লক্ষ্মণশ্চাত্র ধর্ম্মাত্মা মাতঙ্গানামিবর্ষভঃ।
যস্য বাণপথং প্রাপ্য ন জীবেদপি বাসবঃ[১] ॥ ২৬ ॥
রাক্ষসানাং [২]বরিষ্ঠশ্চ তব ভ্রাতা বিভীষণঃ।
প্রতিগৃহ্য পুরীং লঙ্কাং রাঘবস্য হিতে স্থিতঃ ॥ ২৭ ॥

২৬। লো-টী। মাতঙ্গানামিবর্ষভঃ হস্তিনাং শ্রেষ্ঠো হস্তী।

ও গন্ধমাদন নামক বৈবস্বতের (যমের) পঞ্চ পুত্র, শ্বেত এবং জ্যোতির্মুখ নামক ভাস্করপুত্রদ্বয়, হেমকূটনামক প্রতাপশালী বরুণপুত্র, সমস্ত বানরশ্রেষ্ঠ সুগ্রীব এবং দেবপুত্র শ্রীমান্ যুদ্ধাভিলাষী বীরগণের মধ্যে দশকোটী বানর আছে, অবশিষ্ট আর বলিতে ইচ্ছা করি না ॥ ১৬-২৩ ॥

অতিশয় সুন্দর যুবক দশরথের পুত্র (রামচন্দ্র) যিনি খর, দূষণ এবং ত্রিশিরাকে নিহত করিয়াছেন ॥ ২৪ ॥

পরাক্রমে রামের সমান পৃথিবীতে কেহ নাই ; যিনি অমরতুল্য বিরাধ এবং কবন্ধকে বধ করিয়াছেন ও সমুদ্রে সেতু বন্ধন করিয়াছেন, তাঁহার তুল্য পৃথিবীতে কে আছেন ? ॥ ২৫ ॥

হস্তিশ্রেষ্ঠের ন্যায় ধর্ম্মাত্মা লক্ষ্মণও ইহাদের মধ্যে আছেন, যাঁহার বাণে বিদ্ধ হইয়া ইন্দ্রও জীবিত থাকেন না ॥ ২৬ ॥

রাক্ষসদিগের মধ্যে শ্রেষ্ঠ আপনার ভ্রাতা বিভীষণ রামচন্দ্রের নিকট হইতে লঙ্কানগরী গ্রহণ করিয়া রামের হিতে নিযুক্ত আছেন ॥ ২৭ ॥

১। অতঃ পরং ছ 'সর্ব্ববানরমুখ্যশ্চ সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ'। ইত্যধিকম্। ২। ছ 'প্রধানশ্চ'।

ইতি সর্ব্বং সমাখ্যাতং তব বৈ শাত্রবং বলম্।
সুবেলেঽধিষ্ঠিতং শৈলে শেষে কার্য্যে ভবান্ গতিঃ ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে শার্দ্দূলবাক্যং নাম ষষ্ঠঃ সর্গঃ ॥ ৬ ॥

২৮। লো-টী। বিষ্টিতমধিষ্ঠিতমিতি ক্বচিৎ পাঠঃ। ভবান্ প্রতিনিধির্নায়ক ইত্যর্থঃ। 'প্রতি প্রতিনিধাবিত্থংভূতাখ্যানাভিমুখ্যয়ো'রিতি কোষঃ। 'গতি'রিতি বা পাঠঃ।

শার্দূলবাক্যম্ ॥ ৬ ॥

সুবেল নামক পর্ব্বতে অবস্থিত সমস্ত শত্রুসৈন্যের বিষয় আপনার নিকট বর্ণনা করিলাম, অবশিষ্ট কার্য্যে আপনিই নির্ণায়ক ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে শার্দ্দূলবাক্য-নামক ৬ষ্ঠ সর্গ সমাপ্ত ॥ ৬ ॥

(৭) সপ্তমঃ সর্গঃ

চারেভ্যো[১] রাবণঃ শ্রুত্বা প্রাপ্তং রামঞ্চ[২] লক্ষ্মণম্।
জাতায়াসো[৩]ঽভবৎ কিঞ্চিৎ সচিবানপি চাহ্বয়ৎ ॥ ১ ॥

তস্য তচ্ছাসনং শ্রুত্বা মন্ত্রিণোঽভ্যাগতা দ্রুতম্।
শিরসাভিপ্রণম্যা[৪]স্য তস্থুঃ প্রাঞ্জলয়োঽগ্রতঃ ॥ ২ ॥

[৫]এষ দাশরথী রামঃ সবলস্তু সমীপতঃ।
অপ্রমত্তৈশ্চ বো ভাব্যং প্রভাত ইহ চেষ্যতি ॥ ৩ ॥

[৬]সঞ্চিন্তয়িত্বা নিপুণং নিশ্চিত্য চ বলাবলম্।
বিসৃজ্য সচিবাংশ্চৈব প্রবিবেশ স্বমালয়ম্ ॥ ৪ ॥

রাবণ চরগণের নিকট হইতে রাম এবং লক্ষ্মণের আগমনের বার্ত্তা শ্রবণ করিয়া কিঞ্চিৎ ক্লান্ত হইয়াই মন্ত্রীদিগকে আহ্বান করিলেন ॥ ১ ॥

মন্ত্রিগণ তাঁহার আদেশ শ্রবণ করিয়া দ্রুত আগমনপূর্ব্বক অবনত মস্তকে অভিবাদন করত বদ্ধাঞ্জলি হইয়া তাঁহার অগ্রে অবস্থান করিতে লাগিলেন ॥ ২ ॥

[রাবণ বলিলেন—] এই দশরথপুত্র রাম সসৈন্যে আমাদের সমীপে উপস্থিত ; প্রভাতে এই স্থানে আগমন করিবে, অতএব তোমরা সাবধান থাকিবে ॥ ৩ ॥

রাবণ নিপুণভাবে চিন্তা করিয়া এবং সামর্থ্য ও অসামর্থ্য নির্দ্ধারণ করত মন্ত্রীদিগকে বিদায় দিয়া স্বকীয় গৃহে প্রবেশ করিলেন ॥ ৪ ॥

১। ইতঃ পূর্ব্বং সর্গারম্ভে ছ 'ততস্তদক্ষোভ্যবলং লঙ্কাধিপতয়ে চরাঃ। সুবেলে রাঘবং শৈলে নিবিষ্টং প্রত্যবেদয়ন্ ॥' ইত্যধিকম্। ২। ছ 'রামং সলক্ষ্মণম্'। ৩। ছ 'জাতত্রাসো'। ৪। ছ '-সা তে প্র-'। ৫। ছ 'অয়ং শ্লোকো নাস্তি'। ৬। ছ 'স মন্ত্রয়িত্বা'।

ততো রাক্ষসমাহূয় বিদ্যুজ্জিহ্বং মহাবলম্।
মায়াবিনং[১] মহাকায়ং প্রাবিশদ্ যত্র মৈথিলী ॥ ৫ ॥
তমাগতং মহামায়মব্রবীদ্ রাক্ষসাধিপঃ।
মোহয়িষ্যাম্যহং সীতাং মায়য়া জনকাত্মজাম্ ॥ ৬ ॥
শিরো মায়াময়ং কৃত্বা মুহূর্ত্তেন নিশাচর।
মাং ত্বং সমুপতিষ্ঠেথা[২] মহচ্চ সশরং ধনুঃ ॥ ৭ ॥
এবমুক্তস্তথেত্যুক্ত্বা বিদ্যুজ্জিহ্বো নিশাচরঃ।
দর্শয়ামাস তাং মায়াং সুপ্রযুক্তাং স রাবণে ॥ ৮ ॥
তস্য তুষ্টোঽভবদ্ রাজা প্রদদৌ চ বিভূষণম্।
স[৩] প্রহৃষ্টো বিবেশাথ অশোকবনিকাং শুভাম্ ॥ ৯ ॥

৫। লো-টী। বিদ্যুজ্জিহ্বং মহাকায়ম্। 'মহামায়'মিতি পাঠে মহাবুদ্ধিম্। 'মায়া স্যাৎ শাম্বরীবুদ্ধ্যো'রিতি কোষঃ।

৭। লো-টী। শিরঃ শ্রীরামস্যেত্যর্থঃ। মায়াময়ং রামশিরো গৃহীত্বা রাক্ষসো দ্রুতমিতি ক্বচিৎ পাঠঃ।

অনন্তর [রাবণ] বিদ্যুজ্জিহ্বনামক বিশালকায় মহাবলবান্ মায়াবী রাক্ষসকে আহ্বান করিয়া মৈথিলীর আবাসস্থানে প্রবেশ করিলেন ॥ ৫ ॥

সেই স্থানে রাক্ষসরাজ রাবণ উপস্থিত মায়াবী সেই বিদ্যুজ্জিহ্বকে বলিলেন যে, আমি জনকনন্দিনী সীতাকে মায়াদ্বারা মোহিত করিব ॥ ৬ ॥

হে নিশাচর, তুমি মুহূর্ত্তমধ্যে মায়াময় (রামের) মস্তক এবং বাণযুক্ত বৃহদ্ধনু নির্ম্মাণ করিয়া আমার নিকট উপস্থিত হও ॥ ৭ ॥

রাক্ষস বিদ্যুজ্জিহ্ব 'যে আজ্ঞা' বলিয়া রাবণসমীপে অতি কৌশল সহকারে সেই মায়া দেখাইলেন ॥ ৮ ॥

মহারাজ রাবণ তাহার প্রতি সন্তুষ্ট হইয়া তাহাকে অলঙ্কার প্রদানপূর্ব্বক আনন্দিত চিত্তে রমণীয় অশোকবনে প্রবেশ করিলেন ॥ ৯ ॥

১। ছ '-মায়ং'। ২। ছ '-ষ্ঠস্ব'। ৩। ক 'সংপ্রবিষ্টো'।

তততা দীনামনর্হাং তাং দদর্শ জনকাত্মজাম্ ।[১]
ধ্যায়ন্তীং তত্র ভর্ত্তারমশোকবনিকাং গতাম্ ॥ ১০ ॥[২]
উপাস্যমানাং ঘোরাভী রাক্ষসীভিরদূরতঃ ।
উপাসর্পৎ ততঃ সীতাং প্রহৃষ্টো ধনদানুজঃ ॥ ১১ ॥[৩]
হৃষ্টাত্মা বচনং চেদমুবাচ জনকাত্মজাম্ ।
অধোমুখমুখীং বালামুপবিষ্টাং পরাঙ্মুখীম্ ॥ ১২ ॥
যথা যথা সান্ত্বয়িতা বশ্যঃ স্ত্রীণাং তথা তথা ।
যথা যথা প্রিয়ং বক্তা পরিভূতস্তথা তথা ॥ ১৩ ॥
সন্নিযচ্ছাম্যহং সীতে ত্বয়ি ক্রোধং সমুত্থিতম্ ।[৪]
দ্রবতো দুর্গমাসাদ্য হয়ানিব সুসারথিঃ ॥ ১৪ ॥[৫]

১২। লো-টী। অধোমুখমুখীং অধোমুখং অধোনিঃসরং নির্গমনং যস্য তাদৃশং মুখং যস্যাস্তাম্। 'মুখং নিঃসরণে বক্ত্রে প্রারম্ভোপায়য়োরপী'তি কোষঃ। পরাঙ্মুখীং জীবেন পরাঙ্মুখীম্।
১৩। লো-টী। বশ্যঃ প্রিয়ো ভবতি অপ্রিয়ং বক্তা তথা পরিভূতেবেতি ত্বস্ত বিপরীতেত্যর্থঃ।
১৪। লো-টী। নিযচ্ছামি নিগৃহ্লামি।

অনন্তর রাবণ দীনভাবে থাকিবার অনুপযুক্তা পতিচিন্তাপরায়ণা অশোক-বনস্থিতা জনকনন্দিনী সীতাকে দর্শন করিলেন ॥ ১০ ॥

অনন্তর ভয়ঙ্করমূর্ত্তি রাক্ষসীগণ কর্তৃক উপাস্যমানা সীতার সমীপে ধনদানুজ রাবণ গমন করিলেন ॥ ১১ ॥

হৃষ্টাত্মা রাবণ অধোবদনে উপবিষ্টা পরাঙ্মুখী জনকনন্দিনী সীতাকে এই কথা বলিলেন ॥ ১২ ॥

যেরূপ যেরূপ সান্ত্বনা (মনোরঞ্জন) করিয়া স্ত্রীলোকদিগের প্রিয় হওয়া যায়, সেইরূপ করিয়াও আমি তোমার নিকট অপ্রিয়বাদী বক্তার ন্যায়ই পুনঃ পুনঃ তিরস্কৃত হইয়াছি ॥ ১৩ ॥

হে সীতে, নিপুণ সারথি যেমন দুর্গম স্থানে উপস্থিত হইয়া দ্রুতগমনকারী অশ্বদিগকে সংযত করে, আমিও সেইরূপ তোমাকে লাভ করিয়া আমার সমুৎপন্ন ক্রোধ সংযত করিয়াছি ॥ ১৪ ॥

১। ছ '-মদীনার্হাং'। ২। ছ '-কাগতাম্'। ৩। ছ '-সৃজা'। ৪। ছ '-ক্রোধমু-'। ৫। ছ 'গচ্ছতো'।

সান্ত্ব্যমানা ময়া ভদ্রে যমাশ্রিত্য প্রজল্পসি[১]।

খরহন্তা স তে ভর্ত্তা রাঘবঃ সমরে হতঃ ॥ ১৫ ॥

ছিন্নং তে সর্ব্বথা মূলং দর্পস্তে নিহতো ময়া।

ব্যসনেনাত্মনঃ সীতে মম ভার্য্যা ভবিষ্যসি ॥ ১৬ ॥

বিসৃজ্য বিমতিং বালে কিং মৃতেন করিষ্যসি।

[২]ভবস্ব ভার্য্যা ভার্য্যাণাং সর্ব্বাসামীশ্বরী ভব ॥ ১৭ ॥

মন্দভাগ্যে নিরানন্দে মূঢ়ে পণ্ডিতমানিনি।

শৃণু ভর্ত্তৃবধং ঘোরং সীতে বৃত্রবধং যথা ॥ ১৮ ॥

উপায়াতঃ সমুদ্রান্তং মাং হন্তুং কিল রাঘবঃ।

বানরেন্দ্রপ্রণীতেন বলেন মহতা বৃতঃ ॥ ১৯ ॥

১৬। লো-টী। আত্মনো ব্যসনেন দুঃখেন হেতুনা।

১৭। লো-টী। ভার্য্যা ভবস্ব, ভার্য্যাণাঞ্চ ঈশ্বরী ভব।

হে ভদ্রে, তুমি আমাদ্বারা প্রার্থিতা হইয়াও যাহার নিমিত্ত আমার প্রার্থনা অস্বীকার করিতেছ, সেই খরহন্তা তোমার স্বামী রামচন্দ্র যুদ্ধে নিহত হইয়াছে ॥ ১৫ ॥

হে সীতে, আমি সর্ব্বপ্রকারে তোমার (দর্পের) মূল ছিন্ন করিয়াছি এবং দর্প খর্ব্ব করিয়াছি, তুমি নিজের দুঃখের বিষয় চিন্তা করিয়া নিজেই আমার স্ত্রী হইতে ইচ্ছা করিবে ॥ ১৬ ॥

হে বালিকে! দুর্মতি পরিত্যাগ কর, মৃত স্বামীদ্বারা কি করিবে, আমার স্ত্রী হও এবং আমার স্ত্রীদের মধ্যে সর্ব্বপ্রধানা হও ॥ ১৭ ॥

হে সীতে, তোমার ভাগ্য মন্দ, তুমি আনন্দহীন ও মূর্খ এবং নিজকে পণ্ডিত বলিয়া মনে কর, তুমি বৃত্রাসুরবধের ন্যায়ই দারুণ ভর্ত্তৃবধের কথা শ্রবণ কর ॥ ১৮ ॥

বানররাজ বিভীষণ কর্ত্তৃক পরিচালিত বিশাল সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া রাম আমাকে বধ করিতে সমুদ্রের সীমা পর্য্যন্ত আসিয়াছিল ॥ ১৯ ॥

১। ছ 'প্রজল্পসে'। ২। ছ 'মমেহ ভার্য্যা'।

সন্নিবিষ্টঃ সমুদ্রস্য তীরমাসাদ্য দক্ষিণম্।
বলেন মহতা রামো ব্রজত্যস্তং দিবাকরে ॥ ২০ ॥
অথাধ্বনি পরিশ্রান্তমর্দ্ধরাত্রে স্থিতং বলম্।
সুখসুপ্তং সমাসাদ্য চরিতং প্রথমং চরৈঃ ॥ ২১ ॥
তৎ প্রহস্তপ্রণীতেন বলেন মহতা মম।
বলমস্যাহতং[১] রাত্রৌ যত্র রামঃ সলক্ষ্মণঃ ॥ ২২ ॥
পট্টিশাঃ পরিঘাশ্চৈব[২] গদাদণ্ডাস্তথায়সাঃ।
বাণজালানি শূলানি ভাস্বরাঃ[৩] কূটমুদ্গরাঃ ॥ ২৩ ॥
ক্ষেপণ্যস্তোমরাশ্চোগ্রাশ্চক্রাণি[৪] মুষলানি[৫] চ।
কম্পনা[৬] অঙ্কুশা ভল্লাঃ কালচক্রা গদাস্তথা।
উদ্যম্যোদ্যম্য রক্ষোভির্বানরেষু নিপাতিতাঃ ॥ ২৪ ॥

২২। লো-টী। তদ্বলম্ অস্যাহতং নাশিতম্।
২৩। টিপ্পনী। গদাদণ্ডা গদাকারা দণ্ডাঃ।

সূর্য্যদেব অস্তাচলে গমন করিলে রাম বিশাল সৈন্যের সহিত সমুদ্রের দক্ষিণ তীরে আসিয়া শিবির সন্নিবেশ করিল ॥ ২০ ॥

পথগমন জনিত পরিশ্রমে ক্লান্ত অতএব অর্দ্ধরাত্রে অবস্থিত সেই সৈন্য-সমূহকে গাঢ় নিদ্রিত অবগত হইয়া আমার চরগণ তাহাদের অনুসন্ধান কার্য্য সমাপ্ত করে ॥ ২১ ॥

প্রহস্তপরিচালিত আমার বিশাল সৈন্যসমূহ আজ রাত্রে সেই সৈন্যদিগকে বধ করিয়াছে, সেই সৈন্যদের মধ্যে লক্ষ্মণের সহিত রাম বর্ত্তমান ছিল ॥ ২২ ॥

রাক্ষসগণ পট্টিশ, পরিঘ, গদার ন্যায় লৌহদণ্ড, বাণ, শূল, উজ্জ্বল কূটমুদ্গর, ক্ষেপণী, ভয়ঙ্কর তোমর, চক্র, মুষল, কম্পন, অঙ্কুশ, ভল্ল, কালচক্র, গদা প্রভৃতি অস্ত্র পুনঃ পুনঃ উত্তোলিত করিয়া বানরদিগের উপর নিক্ষেপ করিল ॥ ২৩-২৪ ॥

১। ছ '-মভ্যাহতং'। ২। ছ '-স্তোমরা-'। ৩। ছ 'মুসলাঃ'। ৪। ছ 'ক্ষেপণীঃ শক্তয়শ্চিত্রা-'। ৫। ছ 'পরিঘাস্তথা'। ৬। ছ 'কর্পরা'।

অথ সুপ্তস্য রামস্য প্রহস্তেন প্রমাথিনা।

অসকৃদ্দৃঢ়হস্তেন[১] শিরশ্ছিন্নং মহাসিনা ॥ ২৫ ॥

উৎপতংস্তাড়িতঃ পৃষ্ঠে নিগৃহীতো যদৃচ্ছয়া।

দিশং প্রধাবিতঃ পূর্ব্বাং[২] লক্ষ্মণঃ প্লবগৈঃ সহ ॥ ২৬ ॥

বিভীষণশ্চ নিহতো রাক্ষসেন্দ্রো মহাবলঃ।

সুগ্রীবো গ্রীবয়া শেতে ভগ্নয়া প্লবগাধিপঃ।

নিরস্তো[৩] ভগ্নদংষ্ট্রশ্চ হনূমান্ বিহনুঃ[৪] কৃতঃ ॥ ২৭ ॥

ইন্দ্রজানুস্তু জানুভ্যামুৎপতন্ নিহতো ভুবি।

পট্টিশৈর্বহুভিশ্ছিন্নঃ[৫] পতিতঃ পাদপো যথা ॥ ২৮ ॥

মৈন্দশ্চ দ্বিবিদশ্চোভৌ নিহতৌ বানরর্ষভৌ।

নিপতন্তৌ[৬] নদন্তৌ চ রুধিরৌঘপরিপ্লুতৌ ॥ ২৯ ॥

২৫। লো-টী। অসকৃৎকৃতহস্তেন নিরন্তরং সুপ্রয়োগবিশিখেন 'কৃতহস্তঃ সুপ্রয়োগবিশিখঃ কৃতপুঙ্খবদি'ত্যমরঃ।

২৬। লো-টী। তাড়িতঃ নিহতঃ পশ্চাচ্ছিন্নঃ।

শত্রুপীড়নকারী প্রহস্ত পুনঃ পুনঃ দৃঢ়হস্তে প্রকাণ্ড অসিদ্বারা নিদ্রিত রামচন্দ্রের মস্তক ছেদন করিলেন ॥ ২৫ ॥

প্রহস্ত উল্লম্ফনপূর্ব্বক লক্ষ্মণের পৃষ্ঠদেশে নিপতিত হইয়া যথেচ্ছভাবে প্রহার করিলে লক্ষ্মণ বানরগণের সহিত পূর্ব্বদিকে পলায়ন করিল ॥ ২৬ ॥

রাক্ষসশ্রেষ্ঠ মহাবীর বিভীষণও নিহত হইয়াছে এবং বানরাধিপতি সুগ্রীবও ছিন্ন স্কন্ধে শয়ন করিয়া আছে এবং হনুমান্ও বিক্ষিপ্ত হইয়া ভগ্নদন্ত এবং হনুবিহীন হইয়াছে ॥ ২৭ ॥

বহু পট্টিশদ্বারা আহত হইয়া জানুদ্বয়ের সাহায্যে উল্লম্ফনকারী ইন্দ্রজানু নিহত হইয়া ছিন্ন বৃক্ষের ন্যায় ভূতলে পতিত আছে ॥ ২৮ ॥

১। ছ 'অসকৃৎ কৃত-'। ২। ক 'পূর্ব্বং'। ৩। ছ 'নিরস্তহনুরাকাশে'। ৪। ছ 'পত্রিবৈর্হতঃ'। ৫। ছ 'রাক্ষসৈ-'। ৬। ছ 'নিশ্বসন্তৌ রুদন্তৌ'।

যুধি বিক্রম্য পুত্রেণ মম শক্রজিতা কিল।
অসিনাভ্যাহতশ্ছিন্নো বিকীর্ণঃ[১] সুমহাবলঃ।
সদ্যঃ পপাত মেদিন্যাং পনসোঽথ[২] দ্রুমো যথা ॥ ৩০ ॥
নারাচৈর্বহুভিশ্ছিন্নঃ[৩] শেতে উর্ব্যাং[৪] দধীমুখঃ।
কুমুদস্তু মহাতেজা নিষ্পিষ্টঃ পদ্মমালিনা[৫] ॥ ৩১ ॥
অঙ্গদো বহুভিশ্ছিন্নঃ শরৈরাসাদ্য রাক্ষসৈঃ।
শাতিতো[৬] রুধিরোদ্গারী ভূমৌ নিপতিতোঽঙ্গদঃ ॥ ৩২ ॥
হয়ৈরন্যে[৭] তথা নাগৈরথ চক্রৈস্তথাপরে।
শেরতে[৮] মৃদিতাস্তত্র প্রচারো[৯] গোগণৈরিব ॥ ৩৩ ॥

৩১। লো-টী। পদ্মমালিনা রাক্ষসেন।
৩৩। লো-টী। প্রচারঃ গবাং চরণদেশ ইতি সর্ব্বজ্ঞঃ। 'প্রচারো গোগণৈরিবে'তি পাঠে যথা গবাং প্রচরণদেশঃ গোগণৈর্মৃদিতো ধূলিসাদ্ ভবতি এবং বাধস্সৈকা (?) রাক্ষসৈর্মৃদিতা ধূলিসাজ্জাতা ইত্যর্থঃ। মৃদিতা ইত্যপি পাঠঃ।

মৈন্দ এবং দ্বিবিদনামক শ্রেষ্ঠ বানরদ্বয় রক্তাক্তকলেবরে শব্দ করিতে করিতে ভূমিতে পতিত হইয়া নিহত হইয়াছে ॥ ২৯ ॥

শক্রজয়কারী আমার পুত্র সংগ্রামে বিক্রম প্রকাশপূর্ব্বক অতিশয় বলবান্ বিখ্যাত পনসনামক বানরকে সম্যক্ আহত করিয়া দ্বিখণ্ড করায় সে ছিন্নবৃক্ষের ন্যায় তৎক্ষণাৎ ভূমিতে পতিত হইয়াছে ॥ ৩০ ॥

দধিমুখনামক বানর বহু নারাচদ্বারা ক্ষত-বিক্ষত হইয়া ভূমিশায়ী হইয়াছে। মহাতেজস্বী কুমুদও পদ্মমালী কর্ত্তৃক নিষ্পেষিত হইয়াছে ॥ ৩১ ॥

রাক্ষসগণ কর্ত্তৃক প্রাপ্ত অঙ্গদ বহু বাণদ্বারা ক্ষতবিক্ষত হইয়া রক্ত বমন করিতে করিতে ভূমিতে পতিত হইয়া শয়ন করিয়াছেন ॥ ৩২ ॥

অন্য বানরগণ অশ্ব, হস্তী এবং চক্রদ্বারা গোগণকর্ত্তৃক বিদলিত গোচারণ-ভূমির ন্যায়, বিদলিত হইয়া ভূমিতে শুইয়া আছে ॥ ৩৩ ॥

১। ছ '-র্ণস্তু ম-'। ২। ছ '-সঃ পনসো যথা'। ৩। ছ '-ভিন্নঃ'। ৪। ছ 'তত্র'। ৫। ছ 'পুষ্প-'। ৬। ছ 'সাদিতো'। ৭। ছ '-রন্যৈস্ত-'। ৮। ছ 'শয়ানা'। ৯। ছ 'প্রচারা'।

প্রসৃতাশ্চাপরে ত্রস্তা হন্যমানা জঘন্যতঃ।
অনুপ্রণুন্না রক্ষোভিঃ সিংহৈরিব মহাদ্বিপাঃ ॥ ৩৪ ॥

সাগরে পতিতাঃ কেচিৎ কেচিদ্ গগনমাশ্রিতাঃ।
ঋক্ষা বৃক্ষান্ সমারূঢ়া বানরাঃ কুঞ্জমাশ্রিতাঃ ॥ ৩৫ ॥

সাগরস্য চ তীরেষু পর্ব্বতেষু গুহাসু চ।
পিঙ্গাক্ষাস্তে বিরূপাক্ষৈর্বহুভির্বহবো হতাঃ ॥ ৩৬ ॥

এবং তে নিহতো ভর্ত্তা সসৈন্যো মম সেনয়া।
ক্ষতজাক্তং রজোধ্বস্তমিদং তস্যাহৃতং শিরঃ ॥ ৩৭ ॥

ততঃ পরমসংহৃষ্টো রাবণো রাক্ষসাধিপঃ।
সীতায়াস্তত্র শৃণ্বন্ত্যা রাক্ষসীমিদমব্রবীৎ ॥ ৩৮ ॥

৩৪। লো-টী। জঘন্যতঃ পৃষ্ঠতঃ হন্যমানাঃ প্রসৃতা বেগিতাঃ সন্তোঽতিদ্রুতাঃ। 'প্রসৃতোঽর্দ্ধাঞ্জলৌ স্ত্রী তু জঙ্ঘায়াং বেগিতে ত্রিষ্বি'তি ভূরি০।

৩৫। লো-টী। ব্যতিমিশ্রিতাঃ সহিতাঃ। 'বানরাঃ কুঞ্জমাশ্রিতা' ইতি বা পাঠঃ।

৩৬। লো-টী। বিরূপাক্ষৈঃ রাক্ষসৈঃ।

অপর বানরগণ সিংহগণ কর্ত্তৃক আহত প্রকাণ্ড হস্তীর ন্যায় রাক্ষসগণ কর্ত্তৃক পৃষ্ঠদেশে আহত হইয়া কম্পিত-কলেবরে পলায়ন করিয়াছে॥ ৩৪ ॥

কোন কোন বানর সমুদ্রে পতিত হইয়াছে, অপর কেহ কেহ গগনমণ্ডল আশ্রয় করিয়াছে এবং ভল্লুকগণ বৃক্ষে আরোহণ করিয়াছে ও অপর বানরগণ জঙ্গলে প্রবেশ করিয়াছে॥ ৩৫ ॥

রাক্ষসগণ কর্ত্তৃক বহু বানর সমুদ্রের তীরে এবং পর্ব্বতের উপর ও গুহাতে নিহত হইয়াছে॥ ৩৬ ॥

এই প্রকারে আমার সৈন্যদ্বারা তোমার স্বামী সৈন্যগণের সহিত নিহত হইয়াছে, ক্ষতবিক্ষত এবং ধূলিধূসরিত তাহার এই মস্তক আনিয়াছি॥ ৩৭ ॥

১। ছ 'প্রদ্রুতা-'। ২। ছ 'অভিক্রান্তাশ্চ'। ৩। ছ '-গজাঃ'। ৪। ছ 'তু'। ৫। ছ '-তস্য'। ৬। ছ 'তব হতো ভর্ত্তা'। ৭। ছ '-জার্দ্রং'। ৮। ছ '-দুর্দ্ধর্ষো'।

রাক্ষসং ক্রূরকর্ম্মাণং বিদ্যুজ্জিহ্বং প্রবেশয়।
যেন তদ্রাঘবশিরঃ সংগ্রামাৎ স্বয়মাহৃতম্ ॥ ৩৯ ॥
এবমুক্তা[১] তু তং গত্বা রাক্ষসী রাক্ষসং দ্রুতম্।
প্রাবেশয়ত সন্ত্রান্তা মহামায়ং নিশাচরম্ ॥ ৪০ ॥
বিদ্যুজ্জিহ্বো গৃহীত্বাথ শিরস্তচ্চ[২] শরাসনম্।
প্রণামং শিরসা কৃত্বা রাবণস্যাগ্রতঃ স্থিতঃ ॥ ৪১ ॥
তমব্রবীৎ ততো রাজা রাবণো রাক্ষসং[৩] স্থিতম্।
বিদ্যুজ্জিহ্বং[৪] মহাঘোরং সমীপপরিবর্ত্তিনম্ ॥ ৪২ ॥
অগ্রতঃ কুরু সীতায়াঃ শীঘ্রং দাশরথেঃ শিরঃ।
অবস্থাং পশ্চিমাং ভর্ত্তুঃ কৃপণা সাধু পশ্যতু ॥ ৪৩ ॥

অনন্তর পরম সন্তুষ্ট রাক্ষসরাজ রাবণ সীতাকে শুনাইয়া (তৎসমীপস্থিতা) রাক্ষসীকে এইরূপ বলিলেন—॥ ৩৮ ॥

অতি নিষ্ঠুর বিদ্যুজ্জিহ্ব-নামক রাক্ষসকে প্রবেশ করাও, যে নিজেই যুদ্ধক্ষেত্র হইতে রামের মস্তক আনিয়াছে ॥ ৩৯ ॥

রাক্ষসীকে এইরূপ বলিলে, সে অতি শীঘ্র মায়াবী বিদ্যুজ্জিহ্ব-নামক সেই নিশাচর রাক্ষসকে প্রবেশ করাইল ॥ ৪০ ॥

অনন্তর বিদ্যুজ্জিহ্ব রামের মস্তক এবং সেই ধনুর্বাণ গ্রহণ করিয়া অবনত-মস্তকে প্রণাম করত রাবণের সম্মুখে অবস্থান করিতে লাগিল ॥ ৪১ ॥

তাহার পর মহারাজ রাবণ সমীপস্থিত ভীষণাকৃতি সেই বিদ্যুজ্জিহ্ব রাক্ষসকে বলিলেন— ॥ ৪২ ॥

সত্বর রামচন্দ্রের মস্তক সীতার সম্মুখে ধারণ কর, হতভাগিনী স্বামীর চরম অবস্থা সম্যক্ রূপে অবলোকন করুক ॥ ৪৩ ॥

১। ছ 'তচ্ছ্রুত্বা'। ২। ছ '-স্তৎ সশরা-'। ৩। ছ 'রাক্ষসং রাবণঃ'। ৪। ছ '-জিহ্বং'।

এবমুক্তঃ[১] স দুষ্টাত্মা তচ্ছিরঃ প্রিয়দর্শনম্।
পুরো নিক্ষিপ্য সীতায়াঃ ক্ষিপ্রমন্তরধীয়ত ॥ ৪৪ ॥
রাবণশ্চ[২] বিচিক্ষেপ ভাস্বরং কার্ম্মুকং মহৎ।
ত্রিষু লোকেষু বিখ্যাতং রামস্যৈতদিতি[৩] ব্রুবন্ ॥ ৪৫ ॥
এতৎ[৪] তদিতি রামস্য কার্ম্মুকং জ্যাসমাহিতম্[৫]।
প্রহস্তেন ইহানীতং হত্বা তং মানুষং নিশি ॥ ৪৬ ॥
স রাবণস্তাং রুদতীং পতিব্রতাং নিরীক্ষ্য ভর্ত্তুর্ব্যসনেন কর্ষিতাম্ ॥
উবাচ সীতাং কিমবেক্ষ্যমস্তি তে ভব স্বভার্য্যা মম মত্তকাশিনি ॥ ৪৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে মায়াশিরোদর্শনং নাম
সপ্তমঃ সর্গঃ ॥ ৭ ॥

দুষ্টাত্মা বিদ্যুজ্জিহ্বকে এইরূপ বলিলে সে সেই প্রিয়দর্শন রামের মস্তক সীতার সম্মুখে নিক্ষেপ করিয়া অতি দ্রুত অন্তর্হিত হইল ॥ ৪৪ ॥

রাবণও 'লোকত্রয়ে বিখ্যাত রামের এই সেই অত্যুজ্জ্বল বিশাল ধনুঃ' এই বলিয়া তাহা নিক্ষেপ করিলেন ॥ ৪৫ ॥

এই সেই রামের জ্যাযুক্ত ধনুঃ, যাহা প্রহস্ত রাত্রিতে রামকে নিহত করিয়া এই স্থানে আনিয়াছে ॥ ৪৬ ॥

সেই রাবণ ক্রন্দনপরায়ণা পতিব্রতা স্বামীর মরণে অতীব দুঃখিতা সীতাকে অবলোকন করিয়া তাঁহাকে বলিলেন—তোমার আর দেখিবার কি আছে? হে সুন্দরি! আমার ভার্য্যা হও ॥ ৪৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে মায়াশিরোদর্শন-নামক
৭ম সর্গ সমাপ্ত ॥ ৭ ॥

১। ছ '-ক্তস্ততো রক্ষস্তচ্ছিরঃ'। ২। ছ '-শ্চাপি চিক্ষেপ'। ৩। ছ '-স্তেদমিতি'। ৪। ছ 'এতত্তু বিদ্ধি'। ৫। ছ '-যুতম্'।

(৮) অষ্টমঃ সর্গঃ

সা সীতা তচ্ছিরো দৃষ্ট্বা তচ্চ কার্ম্মুকমুত্তমম্ ।
সুগ্রীবং সুনসং সুভ্রু ব্যায়তাস্যং মনোরমম্[১] ॥ ১ ॥
নয়নে[২] মুখবর্ণং চ ভর্ত্তুশ্চ[৩] সদৃশং মুখম্ ।
কেশান্ কেশান্তদেশঞ্চ[৪] তং চ চূড়ামণিং শুভম্ ॥ ২ ॥
এতৈঃ সর্ব্বৈরভিজ্ঞানৈঃ পরিজ্ঞায় সুদুঃখিতা ।
বিজগর্হেঽথ[৫] কৈকেয়ীং ক্রোশন্তী কুররী যথা ॥ ৩ ॥
সকামা[৬] ভব কৈকেয়ি হতোঽয়ং[৭] কুলনন্দনঃ ।
কুলমুৎসাদিতং সর্ব্বং যথা[৮] কলহশীলয়া ॥ ৪ ॥

১-৩। লো-টী। সুগ্রীবে প্রিয়ে মিত্রে সংযুক্তং সমর্পিতং হনূমতা আখ্যাতং তচ্ছিরশ্ছিন্নং দৃষ্ট্বা কৈকেয়ীং বিজগর্হে ইতি সার্দ্ধত্রয়েণান্বয়ঃ। সুশ্রীকং সুনসং সুভ্রু ব্যায়তাস্যং বয়মিতি পাঠে ব্যায়তং শোভাতিশয়যুক্তমাস্যং যত্র তৎ। ব্যায়তং ব্যাপৃতে দীর্ঘে দৃষ্টে চাতিশয়ে ত্রিষ্বিতি কোষঃ। নয়নমুখবর্ণঞ্চ ভর্ত্তুঃ সদৃশং দৃষ্ট্বা মুখং ময়া মুখং ভর্ত্তুরিন্দুপ্রভং মুখমিব দৃষ্টেব্ত্যন্বয়ঃ।

সেই সীতা সুন্দর গ্রীবা, নাসিকা, ভ্রূ ও মনোহর মুখযুক্ত সেই মস্তক এবং ধনুর্ব্বাণ দেখিয়া, স্বামীর নেত্রের ন্যায় নেত্রদ্বয়, মুখবর্ণ, মুখ, কেশ, কেশের প্রান্তভাগ এবং মঙ্গলজনক চূড়ামণি এই সকল চিহ্নদ্বারা বিশেষরূপে পরিজ্ঞাত হইয়া কুররীপক্ষীর ন্যায় রোদন করিতে করিতে কৈকেয়ীকে তিরস্কার করিতে লাগিলেন— ॥ ১-৩ ॥

হে কৈকেয়ি! এই কুলনন্দন রামচন্দ্র নিহত হইয়াছেন, (এখন) তোমার কামনা পূর্ণ হইয়াছে, কলহস্বভাবা তুমি সমস্ত কুল ধ্বংস করিলে ॥ ৪ ॥

১। ছ 'তং সুমনোহরম্'। ২। ছ '-নং'। ৩। ছ '-র্ত্তুঃ সুসদৃশং'। ৪। ছ '-বেশঞ্চ'। ৫। ছ '-গর্হাথ'। ৬। ছ 'খলু'। ৭। ছ 'সা মমার্য্যা ভবিষ্যতি'। ৮। ছ 'ময়া'।

আর্য্যেণ কিন্নু[১] কৈকেয্যাঃ কৃতং রামেণ[২] বিপ্রিয়ম্।
যো গৃহাচ্চীরবসনস্তয়া বৈ প্রেষিতো বনম্ ॥ ৫ ॥

এবমুক্ত্বা তু বৈদেহী বেপমানা তপস্বিনী।
[৩]পপাত ভূমৌ দুঃখার্ত্তা ছিন্নেব কদলী বনে ॥ ৬ ॥

সা মুহূর্ত্তং[৪] সমাশ্বাস্য প্রতিলভ্য চ চেতনাম্।
তচ্ছিরঃ সমুপাঘ্রায় বিললাপাকুলেক্ষণা ॥ ৭ ॥

হা হতাস্মি মহাবাহো[৫] পতিব্রতমনুব্রতা।
ইয়ং[৬] তে পশ্চিমাবস্থা[৭] হতাস্মি[৮] বিধবা কৃতা[৯] ॥ ৮ ॥

প্রথমং শরণং নার্য্যাঃ পত্যুঃ পুণ্যমিহোচ্যতে।
[১০]ইমাং তে পশ্চিমাবস্থাং যা পশ্যামি ধিগস্তু মাম্ ॥ ৯ ॥

আর্য্য রামচন্দ্র কৈকেয়ীর কি অনিষ্ট করিয়াছিলেন যে, তিনি বল্কল মাত্র পরিধান করিয়া কৈকেয়ী কর্ত্তৃক গৃহ হইতে বনে প্রেরিত হইয়াছিলেন ॥ ৫ ॥

বিদেহ-রাজনন্দিনী দুঃখিতা সীতা এইরূপ বলিয়া কাঁপিতে কাঁপিতে বনে ছিন্ন কদলীবৃক্ষের ন্যায় ভূতলে নিপতিতা হইলেন ॥ ৬ ॥

সীতা মুহূর্ত্তের মধ্যে আশ্বস্তা হইয়া চৈতন্য লাভ করত সেই শির আঘ্রাণ-পূর্ব্বক ব্যাকুলনেত্রে বিলাপ করিতে লাগিলেন— ॥ ৭ ॥

'হে মহাবীর, আমি পাতিব্রত্য অনুসরণ করিয়া বিপন্না হইলাম, তোমার এই শেষ দশা, হায়, (যে অবস্থা দর্শন করায়) আমি (দৈব কর্ত্তৃক) বিধবা হইলাম ॥ ৮ ॥

পতির আশ্রয় নারীর প্রথম (প্রধান) পুণ্য বলিয়া কথিত হয়, আমাকে ধিক্ যে আমি তোমার এই শেষ অবস্থা দেখিতেছি ॥ ৯ ॥

১। ছ 'আর্য্যায়াঃ'। ২। ছ '-ত্বমার্য্যেণ'। ৩। ছ 'জগাম জগতীং বালা'। ৪। ছ '-র্ত্তাৎ'। ৫। ছ '-বীর'। ৬। ছ 'ইমাং'। ৭। ছ '-স্থাং'। ৮। ছ 'যা পশ্যামি ধিগস্তু মাম্'। ৯। অতঃ পরং ছ 'ইয়ং তে পশ্চিমাবস্থা মম হেতোরুপস্থিতা ॥' ইত্যধিকম্। ১০। ছ 'ইদমর্দ্ধং নাস্তি'।

ময়ি কস্মাদবৃত্তায়াং[১] কালেনাসি নিপাতিতঃ।
দুঃখাদ্দুঃখং প্রপন্নায়াং মগ্নায়াং শোকসাগরে॥ ১০॥

যো হি মামুদ্যতস্ত্রাতুং সোঽপি ত্বং বিনিপাতিতঃ।
রাক্ষসৈঃ[২] সহ সংগম্য হতোঽসি মম কারণাৎ॥ ১১॥

সা শ্বশ্রূর্মম কৌশল্যা ত্বয়া বৎসেন রাঘব।
বৎসেন হি যথা ধেনুর্বিবৎসা বৎসলা কৃতা॥ ১২॥

আদিষ্টং দীর্ঘমায়ুস্তে যৈরচিন্ত্যপরাক্রম[৩]।
অনৃতং বচনং তেষামল্পায়ুরসি রাঘব॥ ১৩॥

অদৃষ্টং[৪] মৃত্যুমাপন্নঃ কস্মাৎ ত্বং নয়শাস্ত্রবিৎ।
ব্যসনানামুপায়জ্ঞঃ কুশলঃ পরিবর্জনে॥ ১৪॥

১৪। লো-টী। ব্যসনানাং দুঃখানাং পরিবর্জনে উপায়জ্ঞঃ।

দুঃখ হইতে দুঃখে নিপতিত এবং শোকসাগরে নিমগ্ন আমি মারা না যাইতে কি কারণে তুমি কালের কবলে পতিত হইলে॥ ১০॥

যে-তুমি আমাকে উদ্ধার করিতে উদ্যত হইয়াছিলে, সেই তোমাকেও রাক্ষসগণ একত্র মিলিত হইয়া নিহত করিল, আমার জন্যই তুমি নিহত হইলে॥ ১১॥

হে রাঘব, তোমার মতন পুত্রের বিরহে স্নেহশীলা আমার শ্বশ্রূমাতা কৌশল্যা দেবী বৎসের বিরহে বৎসহীনা স্নেহপরায়ণা ধেনুর ন্যায় অবস্থা প্রাপ্ত হইলেন॥ ১২॥

হে রাঘব, তোমার পরাক্রম অচিন্তনীয়; যাঁহারা তোমার দীর্ঘায়ুর কথা বলিয়াছিলেন তাঁহাদের কথা মিথ্যা হইল, তুমি অল্পায়ুঃ হইলে॥ ১৩॥

তুমি নীতিশাস্ত্রজ্ঞ এবং দুঃখ প্রতিরোধ করিতে নিপুণ ও উপায়াভিজ্ঞ; তুমি কি হেতু অজ্ঞাত (অতর্কিত) মৃত্যুর কবলে পতিত হইলে॥ ১৪॥

১। ছ 'বৃত্তস্থং মিত্রবৎসলঃ'। ২। ছ '-সৈর্ব্বীর সংহত্য'। ৩। ছ '-ক্রমৈঃ'। ৪। ছ '-দৃষ্টমৃত্যু-'।

অথবা নশ্যতি প্রজ্ঞা প্রাজ্ঞস্যাপি নরস্য হি।
প্রতিকূলে গতে দৈবে বিনাশে সমুপস্থিতে।
পচত্যেব যথা কালো ভূতানি [1]বিভুরব্যয়ঃ ॥ ১৫ ॥
কথং ত্বং মাং পরিত্যজ্য রৌদ্রয়া সুনৃশংসয়া।
কালরাত্র্যা সমাচ্ছিদ্য নীতঃ কমললোচন[2] ॥ ১৬ ॥
[3]উপশেষে মহাবাহো মাং বিহায় সুদুঃখিতাম্।
প্রিয়ামিব শুভাং নারীং পৃথিবীং পৃথিবীশ্বর[4] ॥ ১৭ ॥
[5]সুখোচিতং শরীরং [6]তু সুরূপং [7]তব রাঘব।
অর্চ্চিতং সততং যৎ তে গন্ধমাল্যৈর্ময়া পুরা।
[8]তদিদং তে ধনূরত্নং বিনিকীর্ণং মহীতলে ॥ ১৮ ॥

১৫। লো-টী। অথবা কাল এব ভূতানি যথা যথাবৎ পচতি নাশয়তি, 'তত' ইতি বা পাঠঃ। তস্মাৎ কালকৃতোঽয়ং দোষ ইত্যর্থঃ।

১৬। লো-টী। সংপরিষ্বজ্য পরিবর্জনার্থং, মম সংস্বজ্য সম্যক্ স্বঙ্গং বর্জয়িত্বা ত্যাজয়িত্বা, সংপরিত্যজ্যেতি পাঠে মাং পরিত্যজ্য সমাচ্ছিদ্য আকৃষ্য।

১৭। লো-টী। পৃথিবীমুপ লক্ষ্যীকৃত্য শেষে স্বপিষি। 'ক গতস্ত্ব'মিতি বা পাঠঃ। ইবেতি এবার্থে।

১৮। লো-টী। শরীরমদৃষ্ট্বা বিলপতি সুখেতি। সুরূপং শোভনরূপং শরীরং যৎ ময়ার্চিতং তৎ ক ইতি শেষঃ।

অথবা দৈব প্রতিকূল হইলে, মৃত্যু উপস্থিত হইলে, পণ্ডিত ব্যক্তিরও বুদ্ধি লোপ পায়; অবিনশ্বর সর্ব্বব্যাপী কালই প্রাণীদিগকে যথাযোগ্য ভাবে নিহত করে ॥ ১৫ ॥

হে পদ্মপলাশলোচন, অতি ভয়ঙ্কর নিষ্ঠুর কালরাত্রি কেন আমাকে পরিত্যাগ করিয়া তোমাকে আকর্ষণ করিয়া লইল ॥ ১৬ ॥

হে মহাবাহো পৃথিবীশ্বর, তুমি অত্যন্ত দুঃখিতা আমাকে পরিত্যাগ করিয়া সুন্দরী প্রিয় রমণীর ন্যায় কি পৃথিবীর উপরে শুয়ে আছ ॥ ১৭ ॥

হে রাঘব, তোমার সুন্দর শরীর [সর্ব্বদাই] সুখভোগে অভ্যস্ত। পূর্ব্বে আমি গন্ধমাল্য দ্বারা সর্ব্বদা যাহার অর্চনা করিতাম, এই তোমার সেই সুপ্রসিদ্ধ ধনুক ভূতলে পতিত রহিয়াছে ॥ ১৮ ॥

১। ছ 'বিধি-'। ২। ছ '-নঃ'। ৩। ছ 'ক গতস্ত্বং'। ৪। ছ '-পতে'। ৫। ছ 'দুঃখোচিতং'। ৬। ছ 'তে'। ৭। ছ 'ন চ'। ৮। ছ 'ইদং তব প্রিয়ং নিত্যং ধনূরত্নং মহামতে'।

পিত্রা দশরথেন ত্বং শ্বশুরেণ মমানঘ।
পূর্ব্বৈশ্চ[১] পিতৃভিঃ সার্দ্ধং নূনং স্বর্গে সমাগতঃ ॥ ১৯ ॥

দিবি নক্ষত্রভূতং তু মহাক্রতুকৃতক্রিয়ম্[২]।
পুণ্যং রাজর্ষিবংশং ত্বমাত্মনঃ[৩] সমবেক্ষসে ॥ ২০ ॥

কিং মাং ন প্রেক্ষসে রাম কিঞ্চ মাং নাভিভাষসে।
বালাং বালস্য সম্প্রাপ্তাং ভার্য্যাং মাং সহচারিণীম্ ॥ ২১ ॥

সংশ্রুতং গৃহ্ণতা পাণিং ভজিষ্যামীতি যৎ ত্বয়া।
স্মর তন্মম কাকুৎস্থ নয় মামপি দুঃখিতাম্ ॥ ২২ ॥

কস্মাৎ ত্বং মাং বিহায়ৈকাং গতো মতিমতাং[৪] বর।
অস্মাল্লোকাৎ পরং লোকং ত্যক্ত্বা মাং[৫] মন্দভাগিনীম্ ॥ ২৩ ॥

১৯। লো-টী। সমাগতঃ সঙ্গতঃ।
২১। লো-টী। দক্ষিণয়া চ বালস্য বালেন ত্বয়া।
২২। লো-টী। ভজিষ্যামি আনন্দয়িষ্যসীতি যৎ সংশ্রুতং প্রতিশ্রুতম্।
২৩। লো-টী। শুভাং কল্যাণীং নারীমিব প্রিয়াং হৃষ্টাং মাম্ একামসহায়াম্। অস্মাল্লোকাৎ পরমিতি পূর্ব্বেণান্বয়ঃ।

হে পুণ্যাত্মন্, তুমি আমার শ্বশুর তোমার পিতা দশরথ এবং তোমার পূর্ব্ব-পিতৃগণের সহিত নিশ্চয়ই স্বর্গে মিলিত হইয়াছ ॥ ১৯ ॥

তুমি মহাক্রতুদ্বারা কৃতকৃত্য আকাশে নক্ষত্ররূপে বিরাজমান স্বীয় পবিত্র রাজর্ষিবংশ অবলোকন করিতেছ ॥ ২০ ॥

হে রামচন্দ্র, বাল্যকালে তোমার সহিত মিলিতা তোমার সহচারিণী ভার্য্যা আমাকে কেন দেখিতেছ না, কেনই বা আমার সহিত কথা বলিতেছ না ? ॥ ২১ ॥

হে কাকুৎস্থ, তুমি আমার হস্ত ধারণপূর্ব্বক 'আমাকে পালন করিবে' এইরূপ যে প্রতিজ্ঞা করিয়াছিলে, তাহা আজ স্মরণ করিয়া এই দুঃখিনীকেও তোমার নিকট নিয়া যাও ॥ ২২ ॥

হে জ্ঞানিশ্রেষ্ঠ, কি জন্য এই মন্দভাগিনী অসহায়া আমাকে পরিত্যাগ করিয়া এই মর্ত্ত্যলোক হইতে পরলোকে গমন করিয়াছ ? ॥ ২৩ ॥

১। ছ 'পূর্ব্বৈঃ স্বপি-'। ২। ছ '-চয়-'। ৩। ছ '-সম্বন্ধমাত্ম-'। ৪। ছ 'গতি-'। ৫। ছ 'মামিহ ধার্ম্মিক'।

চন্দনাগুরুদিগ্ধাঙ্গং পরিষ্বক্তং ময়া পুরা।
রাক্ষসৈস্তচ্ছরীরং তে নূনং বৈ পরিকৃষ্যতে ॥ ২৪ ॥

অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্ট্বা বিপুলদক্ষিণৈঃ।
অগ্নিহোত্রেণ সংস্কারমর্হস্ত্বং ন চ লপ্স্যসে ॥ ২৫ ॥

প্রব্রজ্যামুপপন্নানাং ত্রয়াণামেকমাগতম্।
পরিপ্রক্ষ্যতি কৌশল্যা লক্ষ্মণং শোকলালসা ॥ ২৬ ॥

স তস্যাঃ পরিপৃচ্ছন্ত্যা হরণং মম রক্ষসা।
তব চাখ্যাস্যতে বীর সৌপ্তিকে রাক্ষসৈর্বধম্ ॥ ২৭ ॥

পুত্রং শ্রুত্বা হতং সুপ্তং মাং তথা রাক্ষসাহৃতাম্।
হৃদয়েন বিদীর্ণেন নূনং ত্যক্ষ্যতি জীবিতম্ ॥ ২৮ ॥

২৪। লো-টী। পরার্দ্ধঃ পরেণ মাং ত্যক্ত্বা গতস্য তে তব ক্রব্যাদৈ রাক্ষসৈঃ পরিকৃষ্যতে আকৃষ্যতে। ময়া চন্দনাগুরুভির্দিগ্ধং লিপ্তং পরিষ্বক্তঞ্চ।

২৫। লো-টী। অগ্নিহোত্রেণ সহ অর্হতীতি অর্হ ইত্যস্য কর্ম্মপদং সংস্কারম্।

পূর্ব্বে আমি যে-শরীর চন্দন, অগুরু প্রভৃতি দ্বারা লিপ্ত করিতাম, নিশ্চয়ই এখন সেই শরীর রাক্ষসগণ কর্ত্তৃক আকৃষ্ট হইতেছে ॥ ২৪ ॥

তুমি প্রচুর-দক্ষিণাযুক্ত অগ্নিষ্টোম প্রভৃতি যজ্ঞ করিয়া যজ্ঞীয় অগ্নিদ্বারা [অন্ত্যেষ্টি-] সংস্কার পাইবার উপযুক্ত হইয়াও তাহা পাইতেছ না ॥ ২৫ ॥

প্রব্রজ্যাগ্রহণকারী আমাদের তিন জনের মধ্যে একমাত্র সমাগত লক্ষ্মণকে কৌশল্যা অত্যন্ত শোকাকুলচিত্তে জিজ্ঞাসা করিবেন ॥ ২৬ ॥

সেই বীর লক্ষ্মণ সেই প্রশ্নকারিণী কৌশল্যার নিকট রাক্ষসকর্ত্তৃক আমার হরণ এবং নিদ্রিতাবস্থায় তোমার বধ বর্ণনা করিবেন ॥ ২৭ ॥

সেই কৌশল্যা রাক্ষসকর্ত্তৃক নিদ্রিত পুত্রের বধ এবং আমার অপহরণ, ইহা শুনিয়া নিশ্চয়ই বিদীর্ণহৃদয়ে প্রাণ বিসর্জ্জন করিবেন ॥ ২৮ ॥

১। ছ 'ক্রব্যাদৈ-'। ২। ছ 'বিপরি-'। ৩। ছ 'পৃচ্ছতি'। ৪। ছ '-সম্'। ৫। ছ 'বধমিন্দ্রবলস্য তে'। ৬। ছ 'নূনমা-'। ৭। ছ '-সৈঃ কৃতম্'। ৮। ছ '-সৈহৃ-'।

সাধু ঘাতয় মাং শীঘ্রং রামস্যোপরি রাবণ।
সমানয় পতিং পত্ন্যা কুরু কল্যাণমুত্তমম্ ॥ ২৯ ॥
শিরস্তস্মিন্[১] শিরো দেহি কায়ে কায়ং নিবেশয়।
রামস্যানুগমিষ্যামি গতিং ভর্ত্তুর্মহাত্মনঃ ॥ ৩০ ॥
মুহূর্ত্তমপি নৈচ্ছামি জীবিতুং পতিনা বিনা।
পত্যা সমানয় ত্বং মাং কুরু কল্যাণমুত্তমম্ ॥ ৩১ ॥
শ্রুতং ময়া বেদবিদাং ব্রাহ্মণানাং পিতুর্গৃহে।
যাসাং স্ত্রীণাং প্রিয়ো ভর্ত্তা তাসাং লোকা মহোদয়াঃ ॥ ৩২ ॥
ক্ষমা যস্মিন্ দমস্ত্যাগঃ[২] সত্যং ধর্ম্মঃ কৃতজ্ঞতা।
অহিংসা চৈব ভূতানাং তমৃতে কা গতির্ম্মম ॥ ৩৩ ॥

২৯। লো-টী। তস্যাঃ স্থানে সমানয় সংযুক্তং কুরু।
[লো-টী।] পাপজীবিকাং পাপজীবনম্।
৩২। লো-টী। ব্রাহ্মণানাং সকাশাৎ।
৩৩। লো-টী। বাসমাহ—ক্ষমেতি। ত্বদৃতে ত্বাং বিনা, তমৃতে ইতি পাঠে তং ত্বাম্।

হে রাবণ, রামের সমীপে রাখিয়া আমাকে শীঘ্র বধ কর এবং পত্নীর সহিত পতিকে মিলিত করিয়া উৎকৃষ্ট কল্যাণকর কার্য্য কর ॥ ২৯ ॥

আমার মস্তকের উপর এই মস্তক এবং দেহের উপর দেহ সন্নিবেশিত কর, তাহা হইলে উদারচেতা আমার প্রিয় ভর্ত্তার অনুগমন করিতে পারিব ॥ ৩০ ॥

স্বামী বিনা মুহূর্ত্তও জীবন ধারণ করিতে ইচ্ছা করি না। তুমি আমাকে পতির সহিত মিলিত করিয়া উৎকৃষ্ট কল্যাণকর কার্য্য কর ॥ ৩১ ॥

আমি পিতার গৃহে বেদবিদ্ ব্রাহ্মণদিগের নিকট শুনিয়াছি যে, যে স্ত্রীলোকদিগের স্বামী অত্যন্ত প্রীতির পাত্র, তাহাদের পরকাল অতিশয় উজ্জ্বল ॥ ৩২ ॥

যে রামচন্দ্রেতে ক্ষমা, দান, ত্যাগ, সত্য, ধর্ম্ম, কৃতজ্ঞতা ও প্রাণীদের প্রতি অহিংসা বিদ্যমান, সেই রামচন্দ্র বিনা আমার অন্য কোন গতি নাই ॥ ৩৩ ॥

১। ছ '-স্তস্য'। ২। ছ 'দয়া ত্যাগঃ'।

ইতি সা দুঃখসন্তপ্তা বিললাপাকুলেক্ষণা।[১]

ভর্ত্তুঃ শিরো ধনুশ্চৈব সংপ্রেক্ষ্য জনকাত্মজা ॥ ৩৪ ॥

এবং বিলপমানায়াং[২] সীতায়াং তত্র রাবণম্।

উপচক্রাম ভর্ত্তারং বলাধ্যক্ষঃ কৃতাঞ্জলিঃ ॥ ৩৫ ॥

এতস্মিন্নন্তরে দ্বাঃস্থো রাবণায় ন্যবেদয়ৎ।

কার্য্যমাত্যয়িকং ঘোরং সংজ্ঞয়া ভ্রান্তচেতনঃ[৩] ॥ ৩৬ ॥

বিজয়স্বার্য্যপুত্রেতি সোঽভিবাদ্য প্রণম্য চ।

[৪]আচচক্ষে তদা কার্য্যং রাক্ষসেন্দ্রায় বিস্মিতঃ ॥ ৩৭ ॥

অমাত্যৈঃ সহিতঃ সর্বৈঃ প্রহস্তঃ সমুপস্থিতঃ।

কিঞ্চিদাত্যয়িকং কার্য্যং প্রাপ্তমাখ্যাতুমিচ্ছতি ॥ ৩৮ ॥

৩৬। লো-টী। আত্যয়িকং অত্যয়ো বলেনাতিক্রমঃ তেন জাতং ঘোরং ভয়ানকং সংজ্ঞয়া হস্তাদ্যৈঃ কার্য্যসূচনেন। 'সংজ্ঞা নামনি গায়ত্র্যাং চেতনারবিযোষিতোঃ। অর্থস্য সূচনায়াঞ্চ হস্তাদ্যৈরপি যোষিতী'তি কোষঃ।

৩৮। লো-টী। কৃতং কার্য্যম্ আপন্নমুপস্থিতম্।

দুঃখসন্তপ্তা সেই জনকনন্দিনী সীতা স্বামীর মস্তক এবং ধনুক দেখিয়া বাষ্পাকুলনেত্রে এইরূপ বিলাপ করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

সীতা এইরূপ বিলাপ করিতে লাগিলে সৈন্যাধ্যক্ষ কৃতাঞ্জলি হইয়া প্রভু রাবণের নিকট উপস্থিত হইল ॥ ৩৫ ॥

ইত্যবসরে ভ্রান্তচিত্ত দৌবারিক আসিয়া রাবণকে সঙ্কেতদ্বারা অত্যাবশ্যক ভয়ঙ্কর কার্য্যের বিষয় নিবেদন করিল ॥ ৩৬ ॥

সেই দৌবারিক 'আর্য্যপুত্রের বিজয় হউক' এই বলিয়া তাহাকে অভিবাদন এবং প্রণাম করিয়া আশ্চর্য্যান্বিত হইয়া রাক্ষসরাজ রাবণকে কার্য্যের বিষয় জ্ঞাপন করিল— ॥ ৩৭ ॥

১। ছ '-পায়তে-'। ২। ছ 'লালপ্য-'। ৩। ছ '-লোচনঃ'। ৪। ছ 'আচষ্ট কৃত্যমাপন্নম্'।

এবমুক্তস্তু তরসা নির্জগাম[১] মহাবলঃ।
প্রহস্তঞ্চ সহামাত্যং দদর্শাদূরতঃ স্থিতম্।
উদ্‌ভ্রান্তশ্চ[২] বিনিষ্ক্রম্য বিদধে কার্য্যমাত্মনঃ॥ ৩৯॥

সর্ব্বৈঃ সমেত্য রক্ষোভির্মন্ত্রিভিঃ কৃতনিশ্চয়ঃ।
সভাং[৩] প্রবিশ্য বিদধে বিদিত্বা রামবিক্রমম্॥ ৪০॥

অন্তর্দ্ধান[৪]ন্তু তচ্ছীর্ষং তচ্চ কার্ম্মুকমুত্তমম্।
জগাম রাক্ষসে তস্মিন্ নিষ্ক্রান্তে সমনন্তরম্॥ ৪১॥

রাক্ষসেন্দ্র[৫]স্তু ভবনান্নিষ্ক্রম্য[৬] সচিবৈর্বৃতঃ।
স[৭] মন্ত্রয়ামাস তদা মন্ত্রিভির্মন্ত্রমুত্তমম্॥ ৪২॥

সমস্ত মন্ত্রীর সহিত সমাগত প্রহস্ত কিছু অত্যাবশ্যক উপস্থিত কার্য্যের বিষয় বলিতে ইচ্ছা করিতেছে॥ ৩৮॥

সেই মহাবীর রাবণকে এইরূপ বলিলে তিনি অতিদ্রুত বহির্গত হইয়া অনতিদূরে অবস্থিত অমাত্যের সহিত প্রহস্তকে দেখিতে পাইলেন এবং উদ্‌ভ্রান্তভাবে নিষ্ক্রান্ত হইয়া স্বীয় কর্ত্তব্য সম্পাদন করিলেন॥ ৩৯॥

অনন্তর সমস্ত রাক্ষস মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া সভায় প্রবেশ করত রামের পরাক্রম অবগত হইয়া নিশ্চয়পূর্ব্বক কর্ত্তব্য স্থির করিলেন॥ ৪০॥

সেই রাক্ষস রাবণের নিষ্ক্রমণের সঙ্গে সঙ্গেই সেই মস্তক এবং সেই উৎকৃষ্ট ধনুঃ অন্তর্হিত হইল॥ ৪১॥

রাক্ষসরাজ মন্ত্রিগণপরিবেষ্টিত হইয়া গৃহ হইতে বহির্গমনপূর্ব্বক তাহাদের সহিত উত্তম মন্ত্রণা করিলেন॥ ৪২॥

১। ছ '-ক্তঃ স বচনান্নির্জ-'। ২। ছ 'দ্রুতশ্চৈব'। ৩। ছ '-ভামাবিশ্য'। ৪। ছ '-নং শিরস্তচ্চ'। ৫। ছ '-ন্দ্রঃ স্বভ-'। ৬। ছ '-ন্নির্জ্জগাম ত্বরান্বিতঃ'। ৭। ছ 'মন্ত্রয়ামাস চ তদা সর্ব্বৈস্তৈর্মন্ত্রিভিঃ সহ'।

অবিদূরে[1] স্থিতাংস্তত্র বলাধ্যক্ষান্[2] হিতৈষিণঃ।
অব্রবীৎ তান্ নিশম্যৈব রাবণো রাক্ষসাধিপঃ ॥ ৪৩ ॥
শীঘ্রং ভেরীনিনাদেন স্ফুটকোলাহলেন[3] মে।
সমানয়ধ্বং সৈন্যানি ন কালোঽস্তি[4] বিলম্বনে[5] ॥ ৪৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে সীতাবিলাপো নাম
অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

৪৩। লো-টী। হিতৈষিণো নিশম্য জ্ঞাত্বা।

৪৪। লো-টী। বিমর্ষঃ পরামর্ষঃ বিলম্ব ইতি যাবৎ লক্ষণমানোচিতঃ (?)।

[লো-টী]। আত্মনো বলযোগং বলং সৈন্যং যোগং সন্নহনং কবচঞ্চানয়ন্। 'যোগঃ সন্নহনে ধ্যানে যুক্তৌ সংগত্যুপায়য়ো'রিতি ভূরি°। যদ্বা, বলস্য সৈন্যস্য যোগং সঙ্গতিম্ অনয়ন্ অকুর্ব্বন্।

সীতাবিলাপঃ ॥ ৮ ॥

রাক্ষসরাজ রাবণ অনতিদূরে হিতৈষী সৈন্যাধ্যক্ষগণ উপস্থিত জানিয়া তাহাদিগকে বলিলেন— ॥ ৪৩ ॥

ভেরীর শব্দে এবং উচ্চ কোলাহল দ্বারা আমার সৈন্যগণকে আনয়ন কর, বিলম্বের অবসর নাই ॥ ৪৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে সীতাবিলাপ-নামক
৮ম সর্গ সমাপ্ত ॥ ৮ ॥

১। ছ 'স্থিতাস্তস্য'। ২। ছ '-ধ্যক্ষাঃ'। ৩। ছ 'স্ফুটং'। ৪। ছ 'বিমর্ষঃ ক্ষমো হি নঃ'। ৫। অতঃপরং ছ 'ততস্তথেতি প্রতিগৃহ্য তদ্বচো বলাধিপাস্তে বলযোগমাত্মনঃ। সমানয়ংশ্চাপি সমাগতং তৎ ন্যবেদয়ন্তর্ভু র্ম্নি- (?) যুদ্ধকাঙ্ক্ষিণঃ॥ ততস্তথেতি প্রতিগৃহ্য তদ্বচঃ সমাহিতা ভর্ত্তৃহিতায় নৈঋ‌র্তাঃ। বলাধিপাস্তে প্রতিযোগমাত্মনো জয়ায় যোধাঃ পরিগৃহ্য বিষ্ঠিতাঃ॥' ইত্যধিকম্।

(৯) নবমঃ সর্গঃ

[১] সীতাং তু মোহিতাং জ্ঞাত্বা সরমা নাম রাক্ষসী।
আসসাদাথ বৈদেহীং প্রিয়াং সানুনয়া সখীম্ ॥ ১ ॥

সা হি তস্যাভবন্মিত্রং সীতায়াঃ প্রিয়বাদিনী।
রাক্ষসী রাবণোদ্দিষ্টা সানুক্রোশা দৃঢ়ব্রতা ॥ ২ ॥

সা দদর্শ তদা সীতাং শোকেনাবিষ্টচেতনাম্[২]।
[৩] উপবিষ্টাং রজোধ্বস্তাং বড়বামিব পাংশুভিঃ ॥ ৩ ॥

তদবস্থাং তু তাং দৃষ্ট্বা সরমা বাক্যমব্রবীৎ।
স্নেহবিক্লবয়া বাচা সান্ত্বয়িত্বা প্রিয়াং সখীম্ ॥ ৪ ॥

২। লো-টী। তস্যাভবদিতি সন্ধিরার্ষঃ। রাবণোদ্দিষ্টা রাবণস্য উদ্গতঃ উদ্দিষ্টঃ কালো যস্যাং সা রাবণে গতে সতীত্যর্থঃ। 'দিষ্টং দৈবে পুমান্ কালে' ইতি কোষঃ। সানুক্রোশা সদয়া আবিষ্টচেতনাং ব্যাপ্তচেতনাম।

সরমা-নামক রাক্ষসী বিদেহরাজনন্দিনী প্রিয়সখী সীতাকে (রাবণের মায়ায়) মুগ্ধা জানিয়া অতি বিনয়ের সহিত তাঁহার নিকটে আসিয়া উপস্থিত হইলেন ॥ ১ ॥

সেই প্রিয়বাদিনী দয়াবতী ধৈর্য্যশালিনী রাবণানন্তর আগতা সরমা রাক্ষসী সীতার প্রিয় বান্ধবী ছিলেন ॥ ২ ॥

সেই সরমা শোকবিহ্বলা ধূলিসমাচ্ছন্না ঘোটকীর ন্যায় ধূলিধূসরিতা সীতাকে উপবিষ্টা দেখিতে পাইলেন ॥ ৩ ॥

সরমা প্রিয়া সখী সীতাকে সেইরূপ অবস্থায় দেখিয়া তাঁহাকে স্নেহ-বিহ্বল বাক্যে সান্ত্বনাদান করিয়া বলিতে লাগিলেন— ॥ ৪ ॥

১। প্রথম-দ্বিতীয়শ্লোকয়োঃ স্থানে ছ-পুস্তকে 'মোহিতায়াস্তু সীতায়াং সরমা নাম রাক্ষসী। আজগামাথ বেগেন সখী তস্যা হিতৈষিণী ॥ সা হি তস্যাভবন্মিত্রং সীতায়াঃ প্রিয়বাদিনী। রাক্ষসী রাবণে দ্বিষ্টা সানুক্রোশা দৃঢ়ব্রতা ॥' ইতি পাঠঃ। ২। ছ '-চেতসম্'। ৩। ছ 'উপাবৃত্তাং'।

মা বিষাদং বিশালাক্ষি কুরুষ্ব জনকাত্মজে।
উক্তা[১] যদ্রাবণেন ত্বং প্রত্যুক্তোঽয়ং ত্বয়াপি চ ॥ ৫ ॥
[২] সখীস্নেহেন তদ্ ভীরু ময়া সর্ব্বং প্রতিশ্রুতম্।
নিলীয় গহনে শূন্যে ভয়মুৎসৃজ্য রাবণাৎ ॥ ৬ ॥
ত্বাং তু দৃষ্ট্বা[৩] বিশালাক্ষি দুঃখসাগরসংপ্লুতাম্।
ন হি মে জীবিতেনার্থো[৪] ন ধনেন ন বন্ধুভিঃ ॥ ৭ ॥
তব হেতোর্বিশালাক্ষি ন হি মে জীবিতং প্রিয়ম্।
সম্ভ্রান্তশ্চৈব নিষ্ক্রান্তো যদিতো রাক্ষসাধিপঃ ॥ ৮ ॥
তচ্চ মে বিদিতং সর্ব্ব[৫]মাখ্যাস্যামি চ মৈথিলি।
ন শক্যং সৌপ্তিকং কর্ত্তুং রামস্য বিদিতাত্মনঃ।
বধশ্চ পুরুষব্যাঘ্রে তস্মিন্ নৈবোপপদ্যতে ॥ ৯ ॥

৬। লো-টী। যৎ কৃতং মায়াশিরোদর্শনং গহনে বনে।

৯। লো-টী। সৌপ্তিকং শয়নজং হিংসাকর্ম্ম নৈবোপপদ্যতে কর্ত্তুং নৈব শক্যতে।

হে বিশালাক্ষি, জনকনন্দিনি, তুমি বিষণ্ণ হইও না। হে ভয়শীলে, রাবণ যাহা বলিয়াছেন এবং তুমিও তাহার যে প্রত্যুত্তর দিয়াছ, আমি তোমার প্রতি স্নেহবশতঃ রাবণের ভয় পরিত্যাগ করিয়া নির্জ্জন গহন বনে প্রবেশ করত সেই সমস্তই শুনিয়াছি ॥ ৫-৬ ॥

হে বিশালাক্ষি, তোমাকে দুঃখসাগরে নিমগ্ন দেখিয়া আমার ধন, জন ও জীবনের প্রয়োজন দেখিতেছি না ॥ ৭ ॥

হে বিশালাক্ষি, রাক্ষসরাজ রাবণ এখান হইতে সসম্ভ্রমে নিষ্ক্রান্ত হওয়ায় তোমার জন্য আমার জীবনও প্রিয় বোধ হইতেছে না ॥ ৮ ॥

১। ছ '-স্তশ্চ ত্বয়াপি যৎ'। ২। অস্য শ্লোকস্য স্থানে ছ-পুস্তকে 'প্রযুক্তেন রৌদ্রেণ যৎ কৃতং চলিতাত্মনা। ময়া সর্ব্বং সমাগম্য শ্রুতং রৌদ্রস্য জল্পতঃ ॥ ভয়মুৎসৃজ্যতাং ভীরু ন ভয়ং বিদ্যতে ত্বয়ি ॥' ইতি পাঠঃ। ৩। ছ '-সাক্ষীং'। ৪। ছ 'ন ধনৈর্ন চ বন্ধুভিঃ'। ৫। ছ-টি -'র্ব্বং মায়া চৈব দুরাত্মনঃ'।

তে চ শূরা ন বধ্যন্তে বানরাঃ পাদপায়ুধাঃ।
সুরা দেবেশ্বরেণেব রামেণ পরিপালিতাঃ ॥ ১০ ॥
দীর্ঘবৃত্তভুজঃ[১] শ্রীমান্ মহোরস্কঃ প্রতাপবান্।
ধন্বী সংহতবৃত্তোরুর্ভর্ত্তা[২] তে ভুবি বিশ্রুতঃ ॥ ১১ ॥
বিক্রান্তো রক্ষিতা নিত্যমাত্মনশ্চ পরস্য[৩] চ।
লক্ষ্মণেন সহ ভ্রাত্রা কুশলী দেবি রাঘবঃ ॥ ১২ ॥
হন্তা পরবলৌঘানামচিন্ত্যবলপৌরুষঃ।
ন হতো রাঘবঃ সীতে শ্রীমান্ শত্রুনিবর্হণঃ ॥ ১৩ ॥
ধর্ম্মবুদ্ধিবিহীনেন সর্ব্বভূতবিরোধিনা।
ইয়ং প্রযুক্তা রৌদ্রেণ মায়া মায়াবিনা ত্বয়ি ॥ ১৪ ॥

১১। লো-টী। সংভৃতবৃত্তো বর্ত্তুল উরুর্যস্য সঃ। 'সংহতবৃত্তোরু'রিতি পাঠে দৃঢ়বৃত্তোরুঃ। 'সংহতঃ সঙ্গতে দৃঢ়ে' ইতি কোষঃ।

হে মিথিলা-রাজনন্দিনি, আমি সেই সমস্তই অবগত আছি, তাহা তোমার নিকট বলিব। আত্মতত্ত্বজ্ঞ রামকে সুপ্তাবস্থায় বধ করিতে কেহ সমর্থ নয়। সেই পুরুষশ্রেষ্ঠ রামের বধ কখনই সম্ভব নয় ॥ ৯ ॥

দেবরাজ ইন্দ্রকর্ত্তৃক পরিরক্ষিত দেবগণের ন্যায়, রামচন্দ্র কর্ত্তৃক পরিরক্ষিত সেই বলবান্ বানরগণকে কেহ বধ করিতে পারে না ॥ ১০ ॥

দীর্ঘ এবং বর্ত্তুল বাহুবিশিষ্ট শ্রীমান্ বিশালবক্ষা প্রতাপশালী ধনুর্দ্ধারী দৃঢ় ও বর্ত্তুল উরুযুক্ত তোমার স্বামী পৃথিবীতে বিখ্যাত ॥ ১১ ॥

হে দেবি, সর্ব্বদা নিজ এবং পরের রক্ষক বিক্রমশালী রামচন্দ্র ভ্রাতা লক্ষ্মণের সহিত কুশলে আছেন ॥ ১২ ॥

হে সীতে, পরসৈন্যবিনাশকারী অচিন্তনীয়-বলবিক্রমশালী শত্রুসংহার-কারী শ্রীমান্ রামচন্দ্র নিহত হন নাই ॥ ১৩ ॥

ধর্ম্মবুদ্ধিহীন সমস্ত প্রাণীর শত্রু মায়াবী অতি প্রচণ্ড রাবণ তোমার প্রতি এই মায়া প্রয়োগ করিয়াছেন ॥ ১৪ ॥

১। ছ '-ভুজশ্রী'। ২। ছ 'সুপরি-'। ৩। ছ 'বলস্য চ'।

শোকস্তে বিগতঃ সীতে কল্যাণং তে ভবিষ্যতি।

ধ্রুবং ত্বাং ভজতে লক্ষ্মীঃ প্রিয়ং প্রীতিকরং শৃণু ॥ ১৫ ॥

সংতীর্ণঃ সাগরং রামঃ সহ বানরসেনয়া।

সন্নিবিষ্টঃ সমুদ্রস্য তীরমাসাদ্য দক্ষিণম্ ॥ ১৬ ॥

সংহৃষ্টঃ পরিপূর্ণার্থঃ কাকুৎস্থঃ সহলক্ষ্মণঃ।

নিবিষ্টঃ সাগরান্তেষু রাক্ষসৈরুপলক্ষিতঃ ॥ ১৭ ॥

[১] প্রেষিতা মধ্যমে গুল্মে রাক্ষসা লঘুবিক্রমাঃ।

[২] প্রবৃত্তিস্তৈরিহাখ্যাতা শ্বোঽভিসারঃ পুরস্য নঃ ॥ ১৮ ॥

এবং শ্রুত্বা পৃথুশ্রোণি প্রবৃত্তিং রাক্ষসাধিপঃ।

এষ মন্ত্রয়তে সর্ব্বৈঃ সচিবৈঃ সহ রাক্ষসৈঃ ॥ ১৯ ॥

১৫। লো-টী। প্রিয়ং বচনম্।

১৮। লো-টী। মধ্যমে গুল্মে সেনারক্ষণস্থানে নিবিষ্টমিত্যাদি। 'ন্যবেদয়দি'তি ক্বচিৎ পাঠঃ। 'প্রবৃত্তিস্তৈরিহাখ্যাতা সোঽভিসারঃ পুরস্য নঃ' ইতি ক্বচিৎ পাঠঃ। 'অভিসারো হিংসায়া-'মিতি ধাত্বনুসারাৎ।

হে সীতে, তোমার শোকের অবসান হইয়াছে, তোমার মঙ্গল হইবে, অবশ্যই তোমাকে (রাজ-) লক্ষ্মী ভজনা করিবেন। আমি প্রীতিকর কিছু প্রিয়বাক্য বলিতেছি, শ্রবণ কর ॥ ১৫ ॥

রামচন্দ্র বানরসেনার সহিত সমুদ্র উত্তীর্ণ হইয়া সমুদ্রের দক্ষিণ তীরে অবস্থান করিতেছেন ॥ ১৬ ॥

ককুৎস্থবংশোৎপন্ন কৃতকৃতার্থ রামচন্দ্র লক্ষ্মণের সহিত হৃষ্টান্তঃকরণে সাগর-প্রান্তে শিবির সন্নিবেশ করিয়াছেন, [তারপর] রাক্ষসগণ তাঁহাকে দেখিয়াছে ॥ ১৭ ॥

পরাক্রমশালী রাক্ষসগণ মধ্যম সেনাশিবিরে প্রেরিত হইয়া এইরূপ সংবাদ আনিয়াছে যে, আগামী কল্য আমাদের এই নগরী আক্রান্ত হইবে ॥ ১৮ ॥

হে বিশালনিতম্বিনি! রাক্ষসরাজ রাবণ এইরূপ বার্ত্তা শ্রবণ করিয়া সমস্ত রাক্ষস-মন্ত্রীর সহিত মন্ত্রণা করিতেছেন ॥ ১৯ ॥

১। ছ 'ততো দৃষ্টৈব সম্ভ্রান্তা'। ২। ছ 'নিবিষ্টং সাগরং দৃষ্ট্বা রাবণায় ন্যবেদয়ন্'। ৩। ছ 'মন্ত্রয়ামাস সংভ্রান্তঃ'।

ইতি ব্রুবাণা সরমা সীতয়া সহ রাক্ষসী।
সমুদ্‌যোগেন[১] সৈন্যানাং শব্দং শুশ্রাব ভৈরবম্ ॥ ২০ ॥

দণ্ডেনাভিহতায়াশ্চ ভের্য্যা বিজ্ঞায় নিঃস্বনম্।
উবাচ সরমা সীতামিদং মধুরভাষিণী ॥ ২১ ॥

সন্নাহজননী[২] তেষাং ভৈরবী ভীরুভেদিনী[৩]।
ভেরী নদতি গম্ভীরং শৃণু তোয়দনিঃস্বনা ॥ ২২ ॥

কল্প্যন্তে[৪] মত্তমাতঙ্গা যুজ্যন্তে রথবাজিনঃ।
তত্র তত্র চ সন্নদ্ধাঃ সংপতন্তি পদাতয়ঃ ॥ ২৩ ॥

২০। লো-টী। সর্ব্বোদ্যোগেন সর্ব্বযুদ্ধসামগ্রীযোগেন বিশিষ্টানাম্। 'সমুদ্‌যোগেন' ইতি পাঠে যোগঃ সন্নহনং সম্যগুৎকৃষ্টেন যোগেন সন্নহনেন কবচেন বিশিষ্টানাম্। 'যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষ্বি'ত্যমরঃ।

২২। লো-টী। সন্নাহজননী সন্নাহঃ কবচপরিধানং জায়তে অনেনেতি সা, ভীরুভেদিনী ভীরূণাং ভীতানাং হৃদয়বিদারিণী। 'শৃণু তোয়দনিঃস্বনে'তি বাক্যার্থঃ কর্ম্ম। 'শ্রূয়তেঽম্বুদনিঃস্বনে'তি ক্বচিৎ পাঠঃ।

২৩। লো-টী। কল্প্যন্তে যুদ্ধায় সন্নহ্যন্তে প্রস্থাপ্যন্তে বা সন্নদ্ধা বদ্ধকবচাঃ।

সরমা রাক্ষসী সীতার সহিত এই কথা বলিতে বলিতেই সৈন্যগণের যুদ্ধোদ্‌যোগের ভীষণ শব্দ শুনিতে পাইলেন ॥ ২০ ॥

মধুরভাষিণী সরমা দণ্ডাহত ভেরীর শব্দ বুঝিতে পারিয়া সীতাকে এই কথা বলিলেন— ॥ ২১ ॥

ঐ শুন, তাহাদের যুদ্ধের জ্ঞাপক ভীরুদের হৃদয়বিদারিণী মেঘগম্ভীরা ভৈরবী ভেরী ভীষণ শব্দ করিতেছে ॥ ২২ ॥

মত্তমাতঙ্গগণকে যুদ্ধের জন্য সজ্জিত করা হইতেছে, অশ্বদিগকে রথে সংযোজিত করা হইতেছে এবং সর্ব্বত্র কবচধারী পদাতিকগণ সজ্জবদ্ধ হইতেছে ॥ ২৩ ॥

১। ছ 'সর্ব্বোদ্‌যোগেন'। ২। ছ 'সন্ত্রাস-'। ৩। ছ '-বা ভীমদর্শনা'। ৪। ছ 'কল্পন্তে'।

অনীকৈঃ পূর্য্যতে সর্ব্বো রাজমার্গঃ[1] সমন্ততঃ।
বেগবদ্ভির্মহাবেগৈর্মহৌঘৈরিব[2] সাগরঃ[3] ॥ ২৪ ॥
শস্ত্রাণাং চ প্রসন্নানাং চর্ম্মণাং বর্ম্মণাং তথা।
প্রভাং পরিসৃতাং পশ্য নানাবর্ণসমুত্থিতাম্[4]।
বনানি দহতো ঘর্ম্মে যথা রূপং বিভাবসোঃ ॥ ২৫ ॥
ঘণ্টানাং শৃণু নির্ঘোষং রথানাং শৃণু নিঃস্বনম্।
হয়ানাং হ্রেষিতং চৈব শৃণু তূর্য্যস্বনং তথা ॥ ২৬ ॥
উদ্যতায়ুধশস্ত্রাণাং রাক্ষসেন্দ্রানুযায়িনাম্।
সম্ভ্রমো রক্ষসামেষ তুমুলো লোমহর্ষণঃ ॥ ২৭ ॥

২৪। লো-টী। মহাবেগৈর্মহাপ্রবাহৈঃ মহৌঘৈর্মহাবেগৈঃ। 'বেগো জবে প্রবাহে চ' ইতি কোষঃ।

২৫। লো-টী। প্রসন্নানাং নির্ম্মলানাং পরিসৃতাং ব্যাপিকাং বিভাবসোরগ্নেঃ রূপং নানাবিধম্।

২৭। লো-টী। সংভ্রমো বেগঃ সাধ্বসং বা রামাদিভ্যার্থঃ।

অত্যন্ত বেগশালী ভীষণ জলপ্রবাহে যেরূপ সমুদ্র পূর্ণ হয়, সেইরূপ সৈন্যগণে সমস্ত রাজপথ পরিপূর্ণ হইতেছে ॥ ২৪ ॥

গ্রীষ্মকালে বনদগ্ধকারী অগ্নির রূপের ন্যায় নানা বর্ণে সমুদ্ভাসিত নির্ম্মল শস্ত্র, চর্ম্ম ও বর্ম্মের পরিব্যাপ্ত দীপ্তি অবলোকন কর ॥ ২৫ ॥

ঘণ্টার ধ্বনি, রথের ঘর্ঘরশব্দ, অশ্বের হ্রেষা এবং বাদ্যের ধ্বনি শ্রবণ কর ॥ ২৬ ॥

রাক্ষসরাজ রাবণের অনুগামী উত্তোলিত-শস্ত্রধারী রাক্ষসদিগের ভীতিজনক রোমাঞ্চকর তুমুল শব্দ শ্রবণ কর ॥ ২৭ ॥

১। ছ '-র্গস্ততস্ততঃ'। ২। ছ '-মেঘৈ-'। ৩। অস্মাৎ পরং ছ-পুস্তকে 'রথানাং ভূষণানাঞ্চ ভূষিতানাঞ্চ রক্ষসাম্'। ইত্যধিকম্। ৪। ছ '-সমুচ্ছ্রিতাম্'।

শ্রীস্ত্বাং ভজতু শোকঘ্নী রক্ষসামেষ সম্ভ্রমঃ।
রামাৎ কমলপত্রাক্ষি দৈত্যানামিব বজ্রিণঃ ॥ ২৮ ॥

অবজেতুং[1] জিতক্রোধস্ত্বামচিন্ত্যপরাক্রমঃ।
রাবণং সমরে হত্বা ভর্ত্তা তেঽধিগমিষ্যতি ॥ ২৯ ॥

বিক্রমিষ্যতি রক্ষঃসু ভর্ত্তা তে সহলক্ষ্মণঃ।
যথা শত্রুষু বিক্রান্তো বিষ্ণুনা সহ বাসবঃ ॥ ৩০ ॥[2]

আগতস্যেহ রামস্য ক্ষিপ্রমঙ্কগতাং সতীম্।
অহং দ্রক্ষ্যামি সিদ্ধার্থাং ত্বাং শত্রৌ বিনিপাতিতে ॥ ৩১ ॥

২৯। লো-টী। অবজেতুং প্রাপ্তুং রাবণম্ অধি অধিকৃত্য জিতক্রোধঃ হত্বা হস্ত (?) লঙ্কাং মিষ্যতি ভর্ত্তা তেঽধিগমিষ্যতীতি বা পাঠঃ।

৩১। লো-টী। অঙ্কগতাং ক্রোড়গতাম্।

হে পদ্মপলাশাক্ষি, শোকনাশিনী বিজয়লক্ষ্মী তোমাকে ভজনা করিবেন; কারণ, বজ্রধারী ইন্দ্র হইতে যেরূপ দৈত্যদিগের ভয় হয়, সেইরূপ রামচন্দ্র হইতে এই রাক্ষসদিগের ভয় হইতেছে ॥ ২৮ ॥

অচিন্তনীয় পরাক্রমশালী ক্রোধজয়ী তোমার স্বামী রামচন্দ্র তোমাকে পাইবার জন্য যুদ্ধে রাবণকে বধ করিয়া তোমাকে লাভ করিবেন ॥ ২৯ ॥

ইন্দ্র বিষ্ণুর সহিত শত্রুগণের মধ্যে যেরূপ বিক্রম প্রকাশ করিয়াছিলেন, তোমার স্বামী রামচন্দ্র লক্ষ্মণের সহিত রাক্ষসগণের মধ্যে সেইরূপ বিক্রম প্রকাশ করিবেন ॥ ৩০ ॥

শত্রুবিনাশ হইলে আমি শীঘ্রই দেখিতে পাইব, তুমি এই স্থানে আগত রামচন্দ্রের অঙ্কশায়িনী হইয়াছ, তোমার মনোরথ পূর্ণ হইয়াছে ॥ ৩১ ॥

১। ছ '-জিত্য'। ২। অস্মাৎ পরং ছ 'সুগ্রীবসহিতঃ শ্রীমান্ বানরৈশ্চ মহাবলঃ।' ইত্যধিকম্।

অশ্রূণ্যানন্দজানি[1] ত্বং বর্ত্তয়িষ্যসি শোভনে।
সমাগম্য পরিষ্বক্তা তস্যোরসি মহৌজসঃ[2]।
অচিরান্মোক্ষ্যসে[3] সীতে বিপুলং জঘনং গতা[4] ॥ ৩২ ॥

ধৃতামেতান্ বহূন্ মাসান্ বেণীং রামঃ শুভাননে।
মোক্ষয়িষ্যতি তে ভর্ত্তা রামঃ শত্রুভয়াবহঃ ॥ ৩৩ ॥

তস্য দৃষ্ট্বা মুখং দেবি পূর্ণচন্দ্রমিবোদিতম্।
মোক্ষ্যসে শোকজং দুঃখং নির্ম্মোকমিব পন্নগী ॥ ৩৪ ॥

সমাগতা ত্বং ন চিরাদ্রাঘবেণ ভবিষ্যসি।
সম্যক্ সঞ্জাতশস্যেব প্রাবৃটকালে বসুন্ধরা ॥ ৩৫ ॥

৩২। লো-টী। বর্ত্তয়িষ্যসি ত্যক্ষ্যসি। সমাগম্য তং প্রাপ্য সমাশ্লিষ্যেতি পাঠে রামং সমাশ্লিষ্য তেন চ পরিষ্বক্তা তস্য উরসি গতা সতী জঘনং কট্যাঃ পুরোভাগং মোক্ষ্যতে ন শ্রয়িষ্যতে।

৩৩। লো-টী। এতান্ মাসান্ ব্যাপ্য ধৃতাং ভৃতাং বৃত্তামিতি পাঠে মলেন বর্ত্তুলাকারাম্। রামশ্চারুমনোহর ইত্যর্থঃ। রামঃ শ্যামো বা 'রামো নীলচারুসিতে ত্রিষ্বি'ত্যমরঃ।

৩৪। লো-টী। শোকজং রামবিচ্ছেদজন্যম্।

৩৫। লো-টী। যথা বসুন্ধরা সংজাতশস্যা সংবদ্ধা ভবতি তথা সমাগতা সংবদ্ধা।

হে সুন্দরি, তুমি রামকে লাভ করিয়া তৎকর্ত্তৃক আলিঙ্গিতা হইয়া আনন্দাশ্রু বিসর্জন করিবে এবং সেই মহাতেজস্বী রামের বক্ষের সহিত মিলিত হইয়া শীঘ্রই বিশাল জঘনদেশ মুক্ত করিবে ॥ ৩২ ॥

হে সুমুখি, তোমার ভর্ত্তা শত্রুর ভয়োৎপাদক রামচন্দ্র বহুমাস যাবৎ ধৃত তোমার এই বেণী শীঘ্রই মুক্ত করিয়া দিবেন ॥ ৩৩ ॥

হে দেবি, সর্প যেমন খোলস পরিত্যাগ করে, (আকাশে) উদিত পূর্ণচন্দ্রের ন্যায় তাঁহার সেই মুখ দর্শন করিয়া তুমি সেইরূপ শোকদুঃখ পরিত্যাগ করিবে ॥ ৩৪ ॥

বর্ষাকালে যেরূপ পৃথিবী শস্যশালিনী হয়, সেইরূপ তুমি অচিরেই রামের সহিত মিলিত হইবে ॥ ৩৫ ॥

১। ছ '-জাতানি'। ২। ছ 'মহোরসঃ'। ৩। ছ '-তে'। ৪। ছ '-তাম্'।

১
রাবণং সমরে হত্বা ন চিরাদেব মৈথিলি।
ত্বয়া সমগ্রং প্রিয়য়া সুখার্হো লপ্স্যতে সুখম্ ॥ ৩৬ ॥
২ ৩
সমাগতা ত্বং রামেণ শোভিষ্যসি বরাননে।
৪
অবর্ষতপ্তেব মহী পুনর্বর্ষেণ মৈথিলি ॥ ৩৭ ॥
৫
গিরিবরমভিতো হি বর্ত্তমানো হয় ইব মণ্ডলমাশু যঃ করোতি।
৬ ৭
তমিহ শরণমভ্যুপৈহি সীতে দিবসকরং ত্বভয়করং প্রজানাম্ ॥ ৩৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে সরমাবাক্যং নাম
নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

৩৬। লো-টী। সমগ্রঃ সর্ব্বাস্ত্রশস্ত্রবিদ্যয়া পূর্ণঃ, সমং হীতি ক্বচিৎ পাঠঃ।

৩৮। লো-টী। সূর্য্যবংশভবস্য রামস্যাভয়ার্থং সূর্য্যমাশ্রয় ইত্যাহ গিরীতি। গিরিবরমুদয়পর্ব্বতমভিতো লক্ষ্যীকৃত্য বর্ত্তমানো যঃ সূর্য্যঃ তমিমং দিবসকরং হয় ইব চিরকালোদ্বন্ধনান্মুক্তঃ যতঃ প্রজানাং সন্ততীনাং প্রভবাপ্যয়ং ত্রিলোকে ইতি পাঠে প্রভবত্যস্মাজ্জগদিতি প্রভবঃ অপ্যেত্যস্মিন্নিতি অপ্যয়ঃ তথা তঞ্চ।

সরমাবাক্যম্ ॥ ৯ ॥

হে মৈথিলি, সুখভোগার্হ রামচন্দ্র শীঘ্রই যুদ্ধে রাবণকে বধ করিয়া প্রিয়তমা তোমার সহিত সমগ্র সুখ উপভোগ করিবেন ॥ ৩৬ ॥

হে মৈথিলি, তুমি রামের সহিত মিলিত হইয়া বর্ষাভাবজনিত তাপদগ্ধা (পুনরায়) বর্ষণসিক্তা মেদিনীর ন্যায় শোভা পাইবে ॥ ৩৭ ॥

হে সীতে, যিনি উদয়পর্ব্বতের চতুর্দিকে বর্ত্তমান অশ্বের ন্যায় শীঘ্রই মণ্ডলগতি করেন, তুমি প্রজাদিগের অভয়কারী সেই সূর্য্যদেবের শরণাগত হও ॥ ৩৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে সরমাবাক্য-নামক
৯ম সর্গ সমাপ্ত ॥ ৯ ॥

১। ছ '-দেবি'। ২। ছ 'তু'। ৩। ছ 'সঙ্গিষ্যতি (?) মহাত্মনা'। ৪। ছ 'যথা বৃষ্টিগুণং প্রাপ্য নবশস্যা বসুন্ধরা'। ৫। ছ 'নিব-'। ৬। ছ 'শীঘ্রং'। ৭। ছ 'প্রভবাপ্যয়ং ত্রিলোকে'।

(১০) দশমঃ সর্গঃ

অথ তাং জাতসন্তাপাং তেন বাক্যেন মোহিতাম্ ।
সরমা হ্লাদয়াঞ্চক্রে[১] পৃথিবীং দ্যৌরিবাম্ভসা ॥ ১ ॥

ততস্তস্যা[২] হিতং সখ্যাশ্চিকীর্ষন্তী সখী বচঃ ।
উবাচ কালে কালজ্ঞা স্মিতপূর্ব্বাভিভাষিণী ॥ ২ ॥

উৎসহেয়মহং গত্বা তদ্বাক্যমসিতেক্ষণে[৩] ।
নিবেদ্য সকলং[৪] রামে প্রতিচ্ছন্না নিবর্ত্তিতুম্ ॥ ৩ ॥

ন হি মে ক্রমম ণায়া নিরালম্বে বিহায়সি ।
সমর্থো[৫] গতিমন্বেতুং[৬] বায়ুরপ্যতিশীঘ্রগঃ ॥ ৪ ॥

২। লো-টী। পূর্ব্বং রাবণেন মোহিতাং তেন বাক্যেন মধুরেণেত্যর্থঃ, দ্যৌর্গগনস্থো মেঘঃ।

৪। লো-টী। নিরালম্বে অবলম্বনশূন্যে অন্বেতুমনুগন্তুম্ ।

অনন্তর আকাশ যেরূপ জলদ্বারা পৃথিবীকে আহ্লাদিত করে, সরমা রাবণবাক্যে সন্তপ্তা অতএব মোহিতা সীতাকে বাক্যদ্বারা সেইরূপ আহ্লাদিতা করিলেন ॥ ১ ॥

অবসরজ্ঞা সখী সরমা সেই সখী সীতার উপকার করিতে ইচ্ছুক হইয়া যথাকালে ঈষৎ হাস্যসহকারে বলিলেন— ॥ ২ ॥

হে অসিতলোচনে, আমার ইচ্ছা হয় যে, রাবণের সেই সমস্ত কথা রামের নিকট যাইয়া নিবেদন করিয়া প্রচ্ছন্নভাবে ফিরিয়া আসি ॥ ৩ ॥

আলম্বনশূন্য গগনমণ্ডলে গমনকারিণী আমার অনুগমন করিতে অতিশীঘ্রগামী বায়ুও সমর্থ হইবে না ॥ ৪ ॥

১। ছ 'হ্লাদয়ামাস'। ২। ছ 'ততঃ'। ৩। ছ 'তদ্বাক্যাদমিতে-'। ৪। ছ 'কুশলং'। ৫। ছ 'সমর্থা'। ৬। ছ '-মপি সর্ব্বে নিশাচরাঃ'।

[১]

এবং ব্রুবাণাং তাং সীতা সরমামব্রবীদ্বচঃ।

[২]

মধুরং শ্লক্ষ্ণয়া বাচা পূর্ব্বশোকবিপন্নয়া॥ ৫॥

[৩]

সমর্থা গগনং গন্তুমপি বা ত্বং রসাতলম্।

[৪]

অবগচ্ছাদ্য যৎ কার্য্যং কর্ত্তব্যং তে মদন্তিকে॥ ৬॥

[৫]

স্নিগ্ধা ত্বমনুরক্তা চ ভগিনীব সহোদরা।

অপ্রমত্তা মম হিতে সংশয়ো মে ন বিদ্যতে॥ ৭॥

[৬]

মৎপ্রিয়ং যদি কর্ত্তব্যং যদি মৈত্রী স্থিতা ত্বয়ি।

জ্ঞাতুমর্হসি গত্বা ত্বং কিং করোতীতি রাবণঃ॥ ৮॥

৫। লো-টী। পূর্ব্বশোকবিপন্নয়া গদ্গদয়া। পূর্ব্বশোকাভিনন্দয়েতি বা পাঠঃ।

৬। লো-টী। অপি বা পদম্ অপ্যর্থে রসাতলং পাতালমপি অন্তরমাত্মীয়ম্ আত্মনস্তব মহদপি অকর্ত্তব্যম্ কর্ত্তব্যমবগচ্ছামি মদর্থে ইতি শেষঃ। অবগচ্ছাদ্য যৎ কার্য্যং কর্ত্তব্যন্তে মদন্তিকে ইতি পাঠে মদন্তিকে মৎসমীপে যৎ কার্য্যং কর্ম্ম তে তব কর্ত্তব্যং তৎ সর্ব্বং ত্বমেব অবগচ্ছ জানীহি তৎ কিং মম বক্তব্যমিতি ভাবঃ।

সরমা এইরূপ বলিলে সীতা পূর্ব্বশোক-গদ্গদকণ্ঠে মৃদু ও মধুরবাক্যে তাঁহাকে বলিতে লাগিলেন॥ ৫॥

তুমি গগনে অথবা রসাতলে গমন করিতে সমর্থা, কিন্তু অদ্য আমার সমীপে তোমার যে কার্য্য করা উচিত তাহা অবগত হও॥ ৬॥

তুমি অনুরক্তা ও স্নেহপরায়ণা সহোদরা ভগিনীর ন্যায় আমার হিত-বিষয়ে অপ্রমত্তা, এবিষয়ে আমার সন্দেহ নাই॥ ৭॥

যদি আমার উপকার করিতে ইচ্ছা কর এবং যদি আমার বন্ধু হও, তবে রাবণ এখন কি করিতেছে তাহা যাইয়া জানিতে পার॥ ৮॥

১। ছ 'সরমাং তাং সীতা বাক্যমব্রবীৎ'। ২। ছ '-কাভিনাদয়া'। ৩। ছ 'গগনে'। ৪। চ 'কর্ত্তব্যং যৎ কার্য্যন্তে'। ৫। ছ 'মহো-'। ৬। ছ 'স্থিরা'।

স হি মায়াবলঃ ক্রূরো রাবণো লোকরাবণঃ।

সংমোহয়তি দুষ্টাত্মা পীতমাত্রেব বারুণী ॥ ৯ ॥

১ ২

সন্তাপয়তি মাং নিত্যং ভর্ৎসয়ত্যপি চাসকৃৎ।

৩

রাক্ষসীভিঃ সুঘোরাভির্যো মাং রক্ষতি নিত্যশঃ ॥ ১০ ॥

উদ্বিগ্না শঙ্কিতা চাস্মি ন চ স্বস্থং মনো মম।

তদ্ভয়াদেব রুদ্ধাহমশোকবনিকাং গতা ॥ ১১ ॥

যং যং পশ্যাম্যহং কঞ্চিৎ তং তং পশ্যামি রাবণম্।

এতদিচ্ছাম্যহং ত্বত্তো বরং সত্যপ্রতিশ্রবে।

৪ ৫ ৬ ৭

লব্ধুং যদ্রাবণস্যাহং বিদ্যাং সর্ব্বং বিচেষ্টিতম্ ॥ ১২ ॥

৯। লো-টী। মাং সম্মোহয়তি কদা ইত্যপেক্ষায়ামাহ—পীতেতি বারুণীং পীতমাত্রে পীতে সতি। পীতমাত্রে বারুণীতি পাঠে পীতামাত্রাণি শো (?) যস্যাঃ সা তথা।

১০। লো-টী। রাক্ষসীভির্দ্বারভূতাভিঃ সহ ইতি বা।

১২। লো-টী। তস্যাস্য রাবণস্য মদ্বিষয়ে ইচ্ছানিবৃত্তের্নিশ্চয়ঃ কেন প্রকারেণ ভবেদিতি যত্তদিচ্ছামি শ্রোতুমিতি শেষঃ। কিঞ্চ, হে সত্যপ্রতিশ্রবে সত্যপ্রতিজ্ঞে এতদ্বরং মনাগিষ্টং ত্বত্তঃ শ্রোতুমিচ্ছামি 'মনাগিষ্টং বরং ক্লীবং কেচিদাহুস্তদব্যয়'মিতি কোষঃ। কিন্তত্তদাহ—রাবণস্য কার্যাং কর্ত্তব্যং যৎ সর্ব্ববিচেষ্টিতং তৎ বিদ্যাং জানীয়াম্। সা ত্বদিতি পাঠে সাহং ত্বৎ ত্বত্তঃ।

সেই লোকবিত্রাসক অতি নিষ্ঠুর মায়াবলে বলীয়ান্ দুষ্টাত্মা রাবণ পীতমদ্যের ন্যায় আমাকে মোহিত করে ॥ ৯ ॥

রাবণ প্রতিনিয়ত বিকটাকার রাক্ষসীগণ দ্বারা পুনঃ পুনঃ আমাকে পীড়িত এবং ভর্ৎসনা করিয়া (অশোকবনে) রক্ষা করিতেছে ॥ ১০ ॥

আমি সর্ব্বদাই উদ্বিগ্না এবং শঙ্কিতা, আমার মন সুস্থ নাই, তাহার ভয়েই অশোকবনে আসিয়া অবরুদ্ধ হইয়া আছি ॥ ১১ ॥

১। ছ 'সন্তর্জ্জয়তি'। ২। ছ 'সন্তাপয়তি'। ৩। ছ '-ভিঃ সমাং'। ৪। ছ '[illegible]'। ৫। ছ -স্যাস্য'। ৬। ছ 'বিদ্যাঃ'। ৭। ছ 'সর্ব্বত্র চে-'।

যাশ্চ রামকথাস্তস্য নিশ্চিতং চাপি যদ্ভবেৎ।[১]

নিবেদয়েথাস্তৎ সর্ব্বং পরো মে স্যাদনুগ্রহঃ ॥ ১৩ ॥[২]

তস্যাস্তদ্বচনং শ্রুত্বা সরমা বাষ্পবিক্লবা।

উবাচ মধুরাভাষা সীতাং বাক্যমনুত্তমম্ ॥ ১৪ ॥[৩]

এষ তে যদ্যভিপ্রায়স্তস্মাদ্ গচ্ছামি জানকি।

শত্রোর্গৃহীত্বাভিপ্রায়মভ্যেমি ন চিরাদিব ॥ ১৫ ॥

এবমুক্ত্বা ততো গত্বা সমীপং তস্য রক্ষসঃ।

শুশ্রাব মন্ত্রিতং সর্ব্বং রাবণস্য সমন্ত্রিণঃ ॥ ১৬ ॥[৪]

১৩। লো-টী। কিঞ্চ রামেতি কিঞ্চ তস্য পাপস্য যন্নিশ্চিতং নিশ্চয়ঃ।

১৪। লো-টী। বাষ্পং নয়নস্য উষ্মাশ্রু নয়নবিক্লবা বিহ্বলা।

১৫। লো-টী। উপাবর্ত্তানি আগমিষ্যামি।

আমি যাহা যাহা দেখি তৎসমস্তই রাবণের মূর্ত্তি বলিয়া মনে হয়। হে সত্য-প্রতিজ্ঞে, আমি তোমার নিকট হইতে এই বর পাইতে ইচ্ছা করি যে—আমি যেন রাবণের সমস্ত প্রচেষ্টা জানিতে পারি ॥ ১২ ॥

রাম-বিষয়ে রাবণের যে কথা এবং যে নিশ্চয় সেই সমস্তই আমাকে জানাইও, [তাহাই] আমাকে অত্যন্ত অনুগ্রহ করা হইবে ॥ ১৩ ॥

মধুরভাষিণী সরমা সীতার সেই কথা শুনিয়া বাষ্পাকুলনেত্রে এইরূপ অত্যুত্তম বাক্য বলিতে লাগিলেন— ॥ ১৪ ॥

হে জানকি, ইহাই যদি তোমার ইচ্ছা, তাঁহা হইলে আমি যাই, শত্রুর (রাবণের) অভিপ্রায় অবগত হইয়া অচিরেই আগমন করিব ॥ ১৫ ॥

সরমা এইরূপ বলিয়া সেই রাক্ষস রাবণের সমীপে গমন করত মন্ত্রীর সহিত রাবণের সমস্ত মন্ত্রণা শ্রবণ করিলেন ॥ ১৬ ॥

১। ছ 'বাপি'। ২। ছ 'স চ'। ৩। ছ 'তাং সীতাং বাক্যমুত্তমম্'। অতঃ পরং ছ 'অহং সর্ব্বমভিপ্রায়ং বেৎস্যামি ত্রিদশারিণঃ।' ইত্যধিকম্। ৪। ছ 'তস্য'।

১
সা শ্রুত্বা নিশ্চয়ং তস্য রাবণস্য দুরাত্মনঃ।
২
পুনরেবাগমৎ ক্ষিপ্রমশোকবনিকাং শুভাম্ ॥ ১৭ ॥
৩
সা প্রবিষ্টা ততস্তত্র দদর্শ জনকাত্মজাম্।
প্রতীক্ষমাণাং তামেব ভ্রষ্টপদ্মামিব শ্রিয়ম্ ॥ ১৮ ॥
সা তু সীতা পুনঃ প্রাপ্তাং সরমাং প্রিয়বাদিনীম্।
৪
পর্য্যষ্বজত সুস্নিগ্ধং দদৌ চ স্বয়মাসনম্ ॥ ১৯ ॥
৫
অব্রবীচ্চ ততো বাক্যং সরমাং প্রিয়বাদিনীম্।
৬
ইহাসীনা সুখং সর্ব্বমাখ্যাহি মম তত্ত্বতঃ।
ক্রূরস্য নিশ্চয়ং তস্য রাবণস্য সমন্ত্রিণঃ ॥ ২০ ॥

১৮। লো-টী। তাং সরমাং প্রতীক্ষমাণাং কদা আয়াস্যতীতি নিরীক্ষমাণাং জনকাত্মজাম্।

১৯। লো-টী। অতিস্নিগ্ধম্ অতিস্নেহং যথা ভবতি তথা। পরিষ্বজত সুস্নিগ্ধা-মিতি বা পাঠঃ।

সেই সরমা দুরাত্মা রাবণের অভিপ্রায় শ্রবণ করিয়া পুনরায় অতি শীঘ্র অশোকবনে আগমন করিলেন ॥ ১৭ ॥

সরমা সেই স্থানে প্রবেশ করিয়া তাহারই আগমন-প্রতীক্ষায় উৎকণ্ঠিতা জনকনন্দিনী সীতাকে পদ্মাসনচ্যুতা লক্ষ্মীর ন্যায় দেখিতে পাইলেন ॥ ১৮ ॥

সীতা প্রিয়বাদিনী সরমাকে পুনরায় প্রাপ্ত হইয়া অতি স্নেহের সহিত আলিঙ্গন করত বসিবার জন্য নিজে আসন প্রদান করিলেন ॥ ১৯ ॥

অনন্তর প্রিয়বাদিনী সরমাকে বলিলেন যে, এই স্থানে সুখে উপবেশন করত আমার নিকট মন্ত্রিগণসহ ক্রূরকর্ম্মা রাবণের অভিপ্রায় সমস্ত যথার্থভাবে বর্ণনা কর ॥ ২০ ॥

১। ছ 'জ্ঞাত্বা'। ২। ছ '-ব গতা'। ৩। ছ 'প্রবিশ্য'। ৪। ছ 'সস্নেহং'। ৫। ছ 'তদা'। ৬। ছ '-মাচক্ষ্ব'।

ন হি নাম মহাভাগে মম পুণ্যবিপর্য্যয়ে।
অনুরজ্যেত[1] মামার্য্যে[2] ত্বদৃতে বরবর্ণিনি ॥ ২১ ॥

সমস্তো বত লোকোঽয়ং ভজতে কারণাদনু[3]।
ত্বং তু নিষ্কারণাদেব প্রীয়সে বরবর্ণিনি ॥ ২২ ॥

কিন্তু শুক্লাভিজাতীয়া শুক্লাচারা চ সর্ব্বদা।
স্থিতা ত্বং রাক্ষসাবাসে গঙ্গেব জনপাবনী[4] ॥ ২৩ ॥

কা[5] হি গচ্ছেদ্ দ্রুতং চান্যা[6] বৃত্তান্তং প্রাপ্য সর্ব্বতঃ।
ত্বদৃতে নির্ভয়াভ্যেতি তস্মাদাখ্যাতুমর্হসি ॥ ২৪ ॥

২১। লো-টী। পুণ্যবিপর্য্যয়ে পুণ্যস্য ক্ষয়ে। হে আর্য্যে, ত্বাং মুক্ত্বা ত্যক্ত্বা ন হি মামনুরজ্যেত কাপীত্যর্থঃ। আর্য্যে ইত্যত্র অন্যেতি বা পাঠঃ। অনুরক্ষতেতি পাঠঃ ক্বচিৎ। অথা (?) ত্বদৃতে ইতি চ আর্য্যে ইত্যত্র আন্যে বা পাঠঃ। হে বরবর্ণিনি, স্ত্রীরত্ন। 'স্ত্রীরত্নে চ হরিদ্রায়াং বরবর্ণিনীং বিদুর্ব্বুধাঃ' ইতি হারাবলী।

২২। লো-টী। কারণাৎ কারণমপেক্ষ্য অনুভজতে বত লোকোঽয়ম্। বন্ধুবর্গোঽয়মিতি বা পাঠঃ।

২৩। লো-টী। শুক্লাভিজাতীয়া শুদ্ধকুলীনজা 'অভিজাতঃ কুলীনে স্যাৎ ন্যায্যপণ্ডিতয়োস্ত্রিষ্বি'তি কোষঃ। রাক্ষসাবাসে রক্ষসাং মধ্যে ইতি বা পাঠঃ। জনপাবনী জনশোধনীতি পাঠঃ।

হে বরবর্ণিনি, মহাভাগে সরমা, আমার ভাগ্যবিপর্য্যয়ে তুমি ভিন্ন অন্য কে আমার প্রতি অনুরক্তা হইবে? ॥ ২১ ॥

হে বরবর্ণিনি, সমস্ত লোকই প্রয়োজন-বশতঃ লোকের সেবা করে, কিন্তু তুমি নিষ্প্রয়োজনে আমার প্রতি প্রীতি প্রকাশ করিতেছ ॥ ২২ ॥

কিন্তু, শুদ্ধবংশোৎপন্না এবং বিশুদ্ধাচারসম্পন্না তুমি লোকপাবনী গঙ্গার ন্যায় রাক্ষসকুলে সর্ব্বদা অবস্থান করিতেছ ॥ ২৩ ॥

তুমি ভিন্ন অন্য কে দ্রুত গমন করত সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া নির্ভয়ে আসিতে পারে? অতএব বৃত্তান্ত বলিতে আরম্ভ কর ॥ ২৪ ॥

১। ছ 'রজ্যাতি'। ২। ছ '-মন্যা'। ৩। ছ 'কারণং ততঃ'। ৪। ছ 'নর-'। ৫। ছ 'সম্যগ্'। ৬। ছ 'কশ্চিদ্ বৃ-'।

এবমুক্তা তু সরমা সীতয়া তস্য সম্মতম্[১]।
অশেষতঃ সমাচষ্ট রাবণস্য সমন্ত্রিণঃ ॥ ২৫ ॥
মৈথিলি শ্রূয়তাং তস্য রাবণস্য বিনিশ্চয়ঃ।
জনন্যা রাক্ষসেন্দ্রোঽস্য মোক্ষার্থে[২] তব যাচিতঃ ॥ ২৬ ॥
সুচিরেণ[৩] চ বৈদেহি মন্ত্রিবৃদ্ধেন বোধিতঃ।
দীয়তামদ্য সৎকৃত্য কোশলেন্দ্রায় মৈথিলী ॥ ২৭ ॥
নিদর্শনং[৪] তে পর্য্যাপ্তং জনস্থানে যদদ্ভুতম্[৫]।
লঙ্ঘনঞ্চ সমুদ্রস্য দর্শনঞ্চ স্বরূপিণঃ ॥ ২৮ ॥
বধঞ্চ রক্ষসাং যুদ্ধে কঃ কুর্য্যান্মানুষো ভুবি।
এবং স[৬] মন্ত্রিবৃদ্ধেন মাত্রা চ বহু ভাষিতঃ ॥ ২৯ ॥

২৮। লো-টী। জনস্থানে মানুষস্থানে তে তব পর্য্যাপ্তং যথেষ্টং মহত্তরং বিনাশঃ, নিদর্শনং সর্ব্বেষামেব জ্ঞানম্। নন্থু মানুষেণ তেন মম কিং কর্ত্তুং শক্যতে? তত্র হি লঙ্ঘনঞ্চেতি স্বরূপিণঃ স্বীয়রূপবতঃ মূর্ত্তিমতঃ সমুদ্রস্য দর্শনং কো মানুষঃ কুর্য্যাৎ? তস্মান্নায়ং মানুষঃ। 'সুরূপিণঃ' ইতি পাঠে শোভনরূপবতঃ।

সীতা সরমাকে এইরূপ বলিলে সরমা মন্ত্রীর সহিত রাবণের মন্ত্রণার বিষয় সমস্ত বলিলেন ॥ ২৫ ॥

হে মৈথিলি, সেই রাবণের সঙ্কল্প শ্রবণ কর। অদ্য তাঁহার মাতা তোমাকে মুক্ত করিয়া দিবার জন্য তাঁহার নিকট প্রার্থনা করিয়াছেন ॥ ২৬ ॥

হে বৈদেহি, অতিবৃদ্ধ মন্ত্রীও দীর্ঘকাল ধরিয়া বুঝাইয়াছেন—'অদ্য কোশলাধিপতি রামচন্দ্রের অভ্যর্থনাপূর্ব্বক তাঁহার নিকট সীতাকে অর্পণ কর' ॥ ২৭ ॥

[সেই রাম] দণ্ডকারণ্যে [খরদূষণ-বধ-রূপ] যে অদ্ভুত কার্য্য করিয়াছেন এবং মূর্ত্তিমান্ সমুদ্রের দর্শন এবং অতিক্রম করিয়াছেন, ইহাই তাঁহার (অতিমানুষত্বের

১। ছ 'তন্মতম্'। ২। ছ '-র্থং'। ৩। ছ 'অবিদ্ধেন'। ৪। ছ 'দৃষ্টং ত্বয়ৈব'। ৫। ছ 'মহা-'। ৬। ছ '-দ্বৈশ্চ'।

[১]

ন ত্বামুৎসহতে মোক্তুমর্থমর্থপরো যথা।

নোৎসহেত স বৈ মোক্তুং ত্বামযুদ্ধেন জানকি ॥ ৩০ ॥

[২]

সামাত্যরাক্ষসেশস্য নিশ্চয়োঽয়ং সমুত্থিতঃ।

[৩] [৪]

এষা তস্য স্থিরা বুদ্ধির্মৃত্যুভাবাদবস্থিতা ॥ ৩১ ॥

[৫]

নান্যেন শক্যা ত্বং মোক্তুং রামেণাপি ন সংযুগে।

[৬]

বৈদেহি মা কৃথাশ্চিন্তাং সর্ব্বথা রাঘবঃ শরৈঃ।

নিহত্য রাবণং সীতে ত্বাং প্রিয়ামুপলপ্স্যতে ॥ ৩২ ॥

৩০। লো-টী। অর্থং ধনং অর্থপরঃ ধনশ্রেষ্ঠঃ যদ্বাঽর্থপরঃ অর্থান্বিতঃ শব্দঃ অর্থং তদ্বাচাম্ সমুত্থিতঃ ভূতঃ।

৩১। লো-টী। মৃত্যুভাবাৎ মৃত্যুভাবং মরণম্ অবধীকৃত্য।

৩২। লো-টী। আচিতানি সংগৃহীতানি আয়তানি দীর্ঘাণি লাঙ্গলানি যৈর্যেষাং বা তৈঃ। শোভিতে সৈন্যে শব্দোঽভবদিতি পূর্ব্বেণান্বয়ঃ।

পক্ষে) যথেষ্ট নিদর্শন। পৃথিবীতে কোন্ মনুষ্য যুদ্ধে রাক্ষসদিগকে বধ করিতে সমর্থ ? এইরূপ সেই বৃদ্ধ মন্ত্রী এবং তাঁহার মাতা তাঁহাকে অনেক বলিয়াছেন ॥ ২৮-২৯ ॥

অর্থগৃধ্নু (কৃপণ) যেরূপ অর্থ ব্যয় করিতে ইচ্ছা করে না, রাবণও সেইরূপ তোমাকে পরিত্যাগ করিতে ইচ্ছুক নন। হে জানকি, বিনাযুদ্ধে তিনি তোমাকে পরিত্যাগ করিতে চান না ॥ ৩০ ॥

অমাত্যগণসহ রাক্ষসরাজ রাবণ এইরূপ সঙ্কল্প স্থির করিয়াছেন এবং এই ভাব তাঁহার মৃত্যু পর্য্যন্ত থাকিবে ॥ ৩১ ॥

হে বৈদেহি, তোমাকে অন্য কেহ মুক্ত করিতে সমর্থ নয়, যুদ্ধ-ব্যতিরেকে রামও নহেন। তুমি চিন্তা করিও না, শীঘ্রই রাম শরদ্বারা রাবণকে বধ করিয়া প্রিয়া তোমাকে লাভ করিবেন ॥ ৩২ ॥

১। ছ '-ং ধনানি কৃপণো'। ২। ছ '-স্ত নৃশংসস্ত'। ৩। ছ 'তদেষা স্যাৎ'। ৪। ছ '-বাৎ সমুত্থিতা'। ৫। ছ '-মনিরুদ্ধেন'। ৬। ছ 'রাঘবঃ সর্ব্বথা'।

১
প্রতিনেষ্যতি তে ভর্ত্তা পুরীং ত্বামসিতেক্ষণে।

এতস্মিন্নন্তরে শব্দো ভেরীশঙ্খবিমিশ্রিতঃ।
২
রাঘবস্যাভবৎ সৈন্যে যেন শৈলাঃ প্রকম্পিতাঃ॥ ৩৩॥

শ্রুত্বা তু তদ্বানরসৈন্যনাদং লঙ্কাং গতা রাক্ষসরাজভৃত্যাঃ।

ভ্রষ্টৌজসো দৈন্যপরীতচিত্তাঃ শেষং ন পশ্যন্তি নৃপস্য দোষৈঃ॥ ৩৪॥

ততো মহাবাতসমীরিতেন ঘোরেণ শব্দেন সমুত্থিতেন।

অগাদ্বিষাদং সকলা মহাপুরী বনৌকসাং শব্দমমৃষ্যমাণা॥ ৩৫॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে সীতাশ্বাসনং নাম
দশমঃ সর্গঃ॥ ১০॥

৩৪। লো-টী। নৃপস্য দোষৈঃ শেষম্ আত্মনামবশেষং ন পশ্যন্তি সর্ব্বে রামেণ হতা মরিষ্যন্তীত্যর্থঃ।

৩৫। লোটী। অমৃষ্যমাণা সোঢ়ুমশক্তা।

সরমাবাক্যম্॥ ১০॥

হে অসিতলোচনে, তোমার স্বামী (অযোধ্যায় পুনরায়) তোমাকে নিয়া যাইবেন। এই কথা বলিবার পরই রামচন্দ্রের সৈন্যমধ্যে পর্ব্বতসমূহ প্রকম্পিত করিয়া ভেরী এবং শঙ্খধ্বনি-মিশ্রিত তুমুল শব্দ উত্থিত হইল॥ ৩৩॥

লঙ্কাস্থিত রাক্ষসরাজ-রাবণের ভৃত্যবর্গ সেই বানরসৈন্যের (কোলাহল) ধ্বনি শ্রবণ করত নিস্তেজ হইয়া দুঃখিতান্তঃকরণে মহারাজ রাবণের দোষে নিজেদের অবশেষ দেখিতে পাইল না (অর্থাৎ সকলেই বিনষ্ট হইবে, ইহা বুঝিল)॥ ৩৪॥

অনন্তর বানরগণের (কোলাহল) ধ্বনি সহ্য করিতে অসমর্থ হইয়া প্রবল বায়ুদ্বারা চালিত (গগনে) সমুদ্ভূত প্রচণ্ড শব্দে সেই বিশাল লঙ্কানগরী (তত্রস্থ রাক্ষসগণ) বিষাদ প্রাপ্ত হইল॥ ৩৫॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে সীতাশ্বাসন-
নামক ১০ম সর্গ সমাপ্ত॥ ১০॥

১। ছ '-স্তাত্রবীত্বা-'। ২। ছ 'কম্পয়ন্ সর্ব্বরাক্ষসান্'।

(১১) একাদশঃ সর্গঃ

তেন বানরসৈন্যস্য নাদেনাশু স রাবণঃ ।
সংবোধিতঃ সুঘোরেণ জগতি[১] ক্ষোভকারিণা ॥ ১ ॥
সন্ত্রাস[২] আবিশচ্চৈনং কিঞ্চিদ্দীনশ্চ চিন্তয়ন্ ।
মুহূর্ত্তং ধ্যানমাস্থায় সচিবানভ্যুদৈক্ষত ॥ ২ ॥
অথ তান্[৩] সচিবান্ প্রেক্ষ্য সর্ব্বানাভাষ্য রাবণঃ ।
জগৎ সন্তাপয়ন্ সর্ব্বমিত্যুবাচ মহাবলঃ ॥ ৩ ॥
তরণং সাগরস্যাস্য বিক্রমং[৪] বলসঞ্চয়ম্ ।
যদুক্তবন্তো রামস্য ভবন্তস্তন্ময়া শ্রুতম্[৫] ॥ ৪ ॥

১ । লো-টী । জগতি ত্রিভুবনে, যদ্বা, জগতি মহাবলবতি বায়োরপি কিঞ্চিচ্চিন্তয়ন্ ।
৪ । লো-টী । ভবন্তো রামস্য তরণাদিকং যদুক্তবন্তঃ, তন্ময়া শ্রুতং পূর্ব্বমিদানীং প্রত্যক্ষতো জ্ঞানবানিত্যন্বয়ঃ ।

সেই রাবণ ত্রিভুবনে উদ্বেগজনক বানরসৈন্যগণের সেই ভয়ঙ্কর শব্দে অতি সত্বর প্রবুদ্ধ হইলেন ॥ ১ ॥

রাবণ সন্ত্রস্ত হইয়া দীনভাবে কিঞ্চিৎ চিন্তা করত মুহূর্ত্তমাত্র ধ্যানস্থিত হইয়া চতুর্দ্দিকে মন্ত্রীদিগকে পরিদর্শন করিলেন ॥ ২ ॥

অত্যন্ত বলবান্ রাবণ সেই মন্ত্রীদিগকে দেখিয়া সকলকে সম্ভাষণপূর্ব্বক সমস্ত ত্রিভুবন সন্তাপিত করত এইরূপ বলিলেন ॥ ৩ ॥

রামচন্দ্রের সমুদ্র অতিক্রম এবং সৈন্যসংগ্রহ ও পরাক্রমের বিষয় আপনারা যাহা বলিয়াছেন, আমি তাহা শুনিয়াছি ॥ ৪ ॥

১ । ছ 'জগদ্বিক্ষোভকা-' । ২ । ছ ' সমাবি-' ; অস্য পূর্ব্বার্দ্ধাৎ পরং 'তেন শঙ্খবিমিশ্রেণ ভেরীশব্দেন রাবণঃ ।' ইত্যধিকম্ । ৩ । ছ '-বাংস্তত্র' । ৪ । ছ '-মঞ্চ বলঞ্চ যৎ' । ৫ । অতঃ পরং 'তীর্ণশ্চ সাগরং রামঃ সেতুনা বানরৈঃ সহ । অমর্ষী সগণঃ সোঽয়ং সামান্যো ন ভবিষ্যতি । নির্যান্তু রাক্ষসাঃ সর্ব্বে নিশিতায়ুধপাণয়ঃ । নিহন্তুং বানরং সৈন্যং তাবুভৌ রামলক্ষ্মণৌ । যুক্তানামপরং স্থাতুং বিগ্রহে সমুপস্থিতে । ভবতাং চাপ্যহং বেদ্মি যুদ্ধে সর্ব্বং পরাক্রমম্ ॥ তে তু তদ্বচনং শ্রুত্বা রাবণস্য নিশাচরাঃ । তূষ্ণীমন্যোন্যমৈক্ষন্ত বিদিত্বা রামবিক্রমম্ ।' ইত্যধিকম্ ।

তরতাং সাগরং রামঃ সেতুনা বানরৈঃ সহ।

অমর্ষী সগণঃ সোঽয়ং সামাত্যো ন ভবিষ্যতি ॥ ৫ ॥

নির্যাত রাক্ষসাঃ সর্ব্বে নিশাতায়ুধপাণয়ঃ।

নিহন্তুং বানরবলং তৌ চোভৌ রামলক্ষ্মণৌ ॥ ৬ ॥

যুক্তং ন মে পরং স্তোতুং বিগ্রহে সমুপস্থিতে।

ভবতাং চাপ্যহং বেদ যুদ্ধে সর্ব্বপরাক্রমান্ ॥ ৭ ॥

তে তু তদ্বচনং শ্রুত্বা রাবণস্য নিশাচরাঃ।

তুষ্ণীমন্যোন্যমৈক্ষন্ত বিদিত্বা রামবিক্রমম্ ॥ ৮ ॥

ততস্তু সুমহাপ্রাজ্ঞো মাল্যবান্ নাম রাক্ষসঃ।

রাবণস্য বচঃ শ্রুত্বা বৃদ্ধো মাতামহোঽব্রবীৎ ॥ ৯ ॥

৭। লো-টী। পরং শত্রুং স্তোতুং যুক্তং মামেত্যুপালম্ভে ন যুক্তমিত্যর্থঃ। 'পরস্তোত্র-' মিতি ক্বচিৎ পাঠঃ।

রামচন্দ্র বানরগণের সহিত সেতু দ্বারা সমুদ্র উত্তীর্ণ হউক, কিন্তু সেই ক্রুদ্ধ মন্ত্রীর সহিত মিলিত হইবে না॥ ৫ ॥

তীক্ষ্ণ অস্ত্রধারী সমস্ত রাক্ষসগণ! বানরসৈন্য এবং সেই রাম ও লক্ষ্মণকে বধ করিবার জন্য নির্গত হও॥ ৬ ॥

যুদ্ধ উপস্থিত হইলে শত্রুর স্তব করা উচিত নহে, আমি যুদ্ধে আপনাদেরও পরাক্রমসমূহ অবগত আছি॥ ৭ ॥

সেই রাক্ষসগণ রাবণের বাক্য শ্রবণ করিয়া রামের পরাক্রম অবগত হইয়া মৌনভাবে পরস্পর পরস্পরের প্রতি অবলোকন করিলেন॥ ৮ ॥

অনন্তর অতিশয় বুদ্ধিমান্ বলশালী বৃদ্ধ মাতামহ মাল্যবান্ নামক রাক্ষস রাবণের কথা শ্রবণ করিয়া বলিলেন— ॥ ৯ ॥

বিদ্যাস্বভিবিনীতো যো রাজা রাজনয়ানুগঃ।
স শাস্তি চিরমৈশ্বর্য্যমরীংশ্চ কুরুতে বশে ॥ ১০ ॥

সন্দধানো হি কালেষু[1] বিগৃহ্ণংশ্চারিভিঃ সহ।
স্বপক্ষবর্দ্ধনং কুর্ব্বন্ মহদৈশ্বর্য্যমশ্নুতে ॥ ১১ ॥

হীয়মানেন সন্ধির্হি[2] পর্য্যেষ্টব্যঃ সমেন চ।
ন শত্রুমবমন্যেত বলবানপি ভূমিপঃ ॥ ১২ ॥

তন্মহ্যং রোচতে সন্ধী[3] রামেণ সহ রাবণ।
যদর্থমভিযুক্তাঃ স্ম সাস্মৈ সীতা প্রদীয়তাম্ ॥ ১৩ ॥

১০। লো-টী। বিদ্যাসু সতীষু অভি সর্ব্বতোভাবেন যো বিনীতঃ বিনয়ান্বিতঃ শাস্তি ভুঙ্ক্তে।

১১। লো-টী। কালেষু প্রতিকূলানুকূলকালেষু। বিগৃহ্ণন্ বিগ্রহং কুর্ব্বন্।

১২। লো-টী। হীয়মানেন হি স্বসামর্থ্যশূন্যেনাপি শত্রুণা সমেন চ সমেনাপি পর্য্যেষ্টব্যঃ কর্ত্তব্যঃ। যতো বলবানপি শত্রুং নাবমন্যেত। জ্যায়ান্ কুর্ব্বীত বিক্রমমিতি পাঠে ন কুর্ব্বীতেতি পূর্ব্বেণ নঞা সম্বন্ধঃ।

১৩। লো-টী। অভিযুক্তাঃ পরৈ রুদ্ধা আবৃতা ইত্যর্থঃ। 'অভিযুক্তঃ পরৈ রুদ্ধে তৎপরেঽপ্যভিধেয়বদি'তি কোষঃ। অভিযুক্তঃ স ইতি যুদ্ধতৎপরঃ।

রাজনীতির অনুবর্ত্তী বিদ্বান্ ও অতিশয় বিনয়ী রাজা শত্রুদিগকে বশীভূত করিয়া চিরকাল ঐশ্বর্য্য উপভোগ করেন ॥ ১০ ॥

প্রতিকূল সময়ে শত্রুর সহিত সন্ধি করিয়া এবং অনুকূল সময়ে যুদ্ধ করিয়া স্বীয় পক্ষের উন্নতি করত বিশাল ঐশ্বর্য্য ভোগ করেন ॥ ১১ ॥

হীন অথবা সমকক্ষ রাজারও শত্রুর সহিত সন্ধি করা উচিত; বলবান্ রাজাও শত্রুকে অবজ্ঞা করিবেন না ॥ ১২ ॥

হে রাবণ, অতএব রামের সহিত সন্ধি করা আমি ভাল বিবেচনা করি; যাঁহার জন্য আমরা শত্রুর সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইয়াছি, সেই সীতাকে ইঁহার নিকট প্রদান কর ॥ ১৩ ॥

১। ছ 'কালেন'। ২। ছ 'তু'। অতঃ পরং ছ 'বীরৈঃ সমৈর্ব্বা কুর্ব্বীত সার্দ্ধং পার্থিবসত্তম'। ইত্যধিকম্। ৩। ছ 'সন্ধিঃ সুহ রামেণ'।

যস্য দেবর্ষয়ঃ সর্ব্বে গন্ধর্ব্বাশ্চ জয়ৈষিণঃ।
বিরোধং মা কৃথাস্তেন সন্ধিস্তে তেন রোচতাম্ ॥ ১৪ ॥

অসৃজদ্ ভগবান্ পক্ষৌ দ্বাবেব হি পিতামহঃ।
সুরাণামসুরাণাঞ্চ ধর্ম্মাধর্ম্মৌ চ তচ্ছৃণু[১] ॥ ১৫ ॥

ধর্ম্মো হি[২] গ্রসতে পক্ষমসুরাণাং দুরাত্মনাম্।
তথৈব রক্ষসাং পক্ষং সুরাণামেষ নির্ণয়ঃ ॥ ১৬ ॥

ধর্ম্মো বৈ গ্রসতেঽধর্ম্মং ততঃ কৃতমভূদ্ যুগম্।
অধর্ম্মো গ্রসতে ধর্ম্মং ততস্ত্রেতা প্রবর্ত্ততে ॥ ১৭ ॥

তৎ[৩] ত্বয়া চরতা লোকে ধর্ম্মো বিনিকৃতো[৪] মহান্।
অধর্ম্মঃ[৫] প্রগৃহীতশ্চ তেন[৬] স্ম তমসাবৃতাঃ ॥ ১৮ ॥

১৪। লো-টী। দেবর্ষয়ঃ দেবা ঋষয়শ্চ তে তুভ্যম্।
১৫। লো-টী। দ্বৌ পক্ষাবিতি ন যথাসংখ্যেন, কিন্তু উভৌ।
১৬। লো-টী। ধর্ম্মঃ সুরকৃতঃ পক্ষং সাহসং তথৈবেতি অসুরকর্ম্মকর্ত্তৃত্বাত্মা তং কৃতং কারণাদিতি বা পাঠঃ। জনিত উৎপাদিতঃ। রাক্ষসা অপি অসুরাঃ।
১৭। লো-টী। ধর্ম্মমহিমানমাহ—'ধর্ম্মো বৈ' ইতি, ধর্ম্মস্যাংশম্।
১৮। লো-টী। চরতা পর্য্যটতা বর্ত্তমানেন বা বিনিকৃতো নিরাকৃতঃ, তমসা রাহুণা।

সমস্ত দেবর্ষি এবং গন্ধর্ববগণ যাঁহার বিজয় ইচ্ছা করেন, সেই রামের সহিত বিরোধ করিবে না, তাঁহার সহিত তোমার সন্ধি করাই ভাল ॥ ১৪ ॥

ভগবান্ পিতামহ দেবতা এবং দেবতা ভিন্ন দৈত্য প্রভৃতির জন্য ধর্ম্ম এবং অধর্ম্মরূপ পক্ষদ্বয় সৃজন করিয়াছেন, তাহা শ্রবণ কর ॥ ১৫ ॥

ধর্ম্ম দুরাত্মা অসুরদিগের পক্ষ অর্থাৎ অধর্ম্মকে গ্রাস করে; সেইরূপ রাক্ষসদিগের পক্ষ অর্থাৎ অধর্ম্মও দেবতাদিগের পক্ষ অর্থাৎ ধর্ম্মকে গ্রাস করে, ইহা নিশ্চিত ॥ ১৬ ॥

ধর্ম্ম অধর্ম্মকে গ্রাস করিলে সত্যযুগ উৎপন্ন হইয়াছে এবং অধর্ম্ম ধর্ম্মকে গ্রাস করিলে ত্রেতাযুগ প্রবর্ত্তিত হইয়াছে ॥ ১৭ ॥

১। অতঃ পরং ছ 'অধর্ম্মং ভজতে রক্ষশ্চাসুরাশ্চ দুরাসদাঃ। ধর্ম্মো বৈ গ্রসতেঽধর্ম্মং ততঃ কৃতমভূদ্ যুগম্। অধর্ম্মো গ্রসতে ধর্ম্মং ততস্ত্রেতা প্রবর্ত্ততে।' ইত্যধিকং বর্ত্ততে, সপ্তদশশ্লোকস্তু পুনর্ন বর্ত্ততে। ২। ছ 'বৈ'। ৩। ছ 'স'। ৪। ছ '-তঃ পুরা'। ৫। ছ '-র্ম্মপ্রগৃ-'। ৬। ছ 'তেনাস্ম সুসমাবৃতাঃ'।

অপ্রমাদাদ্বিবৃদ্ধশ্চ ধর্ম্মো রামব্যপাশ্রয়ঃ।
স প্রমাদাদধর্ম্মস্তে বিবৃদ্ধো[১] গ্রসতে পুরম্।
বিবর্দ্ধয়তি পক্ষঞ্চ সুরাণাং সুরতাপন[২] ॥ ১৯ ॥
বিষয়েষু প্রসক্তেন যৎ কিঞ্চিৎ কারিতং[৩] ত্বয়া।
ঋষীণামগ্নিকল্পানাং সন্ত্রাসো[৪] জনিতো মহান্ ॥ ২০ ॥
তে সম্প্রতি দুরাধর্ষাঃ প্রদীপ্তা ইব পাবকাঃ।
তপসা ভাবিতাত্মানো ধর্ম্মস্যানুগ্রহে স্থিতাঃ[৫] ॥ ২১ ॥
অবিঘ্নেন যজন্তেঽগ্র্য যজ্ঞৈস্তৈস্তৈর্দ্বিজাতয়ঃ[৬]।
জুহ্বত্যগ্নীংশ্চ[৭] বিধিবদ্বেদাংশ্চোচ্চৈরধীয়তে ॥ ২২ ॥

২০। লো-টী। কারিতং কৃতম্। কারণাদিতি বা পাঠঃ। জনিতঃ উৎপাদিতঃ।
২১। লো-টী। তেঽপি প্রতি প্রতিনিধয়ঃ ধর্ম্মস্য প্রতিনিধয় ইত্যর্থঃ। 'প্রতি প্রতিনিধাবিথং ভূতাখ্যানাভিযোগয়ো'রিতি কোষঃ। অতো ধর্ম্মস্যানুগ্রহে অনুগ্রহবতি দেবে রতা অনুরক্তাঃ তে সম্প্রতীতি বা পাঠঃ। ভাবিতাত্মানঃ শোভিতাত্মানঃ।
২২। লো-টী। অধীয়তে পঠন্তি।

অতএব জগতে বিচরণকারী তুমি মহান্ ধর্ম্মকে প্রত্যাখ্যান করিয়া অধর্ম্মকে গ্রহণ করায় আমরা রাহুকর্ত্তৃক আক্রান্ত হইয়াছি ॥ ১৮ ॥

প্রমাদরাহিত্যহেতুক ধর্ম্ম বর্দ্ধিত হইয়া রামচন্দ্রের আশ্রয়স্বরূপ হইয়াছে এবং প্রমাদবশতঃ অধর্ম্ম বৃদ্ধি পাইয়া তোমার নগরী গ্রাস করত দেবতাদিগের সামর্থ্য বৃদ্ধি করিতেছে ॥ ১৯ ॥

তুমি বিষয়ে আসক্ত হইয়া যাহা কিছু করিয়াছ, তাহাতে অগ্নিকল্প ঋষিদিগের অত্যন্ত উদ্বেগ জন্মিয়াছে ॥ ২০ ॥

প্রজ্বলিত অগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ সেই পূতাত্মা ঋষিগণ বর্ত্তমানে তপস্যাদ্বারা ধর্ম্মসম্পাদনে নিযুক্ত আছেন ॥ ২১ ॥

ব্রাহ্মণগণ বর্ত্তমানে সেই সেই যজ্ঞদ্বারা নির্ব্বিঘ্নে যাগ করিতেছেন এবং শাস্ত্রানুসারে অগ্নিতে হোম ও উচ্চৈঃস্বরে বেদ পাঠ করিতেছেন ॥ ২২ ॥

১। ছ 'রাক্ষসাধিপ'। ২। ছ 'সুরভাবন'। ৩। ছ 'কারিণা'। ৪। ছ 'সন্তাপো'। ৫। ছ 'রতাঃ'। ৬। ছ '-রিষ্টৈ-'। ৭। ছ 'জুহ্বতেঽগ্নীংশ্চ'।

অভিভূয় চ রক্ষাংসি ব্রহ্মঘোষো[১] বিনাদয়ন্।

আবিবেশ দিশঃ সর্ব্বাঃ স্তনয়িত্নোরিবোষ্ণগে ॥ ২৩ ॥

ঋষীণামাহিতাগ্নীনামগ্নিহোত্রাৎ[২] সমুত্থিতঃ।

আদত্তে রক্ষসাং তেজো ধূমোঽগ্নের্ব্যাপ্তবান্ জগৎ ॥ ২৪ ॥

তেষু তেষু চ দেশেষু সংস্থিতৈর্ব্রহ্মবাদিভিঃ[৩]।

চীয়মানং তপস্তীব্রং সন্তাপয়তি রাক্ষসান্ ॥ ২৫ ॥

উৎপাতাংশ্চোত্থিতান্ দৃষ্ট্বা ঘোরান্ বহুবিধান্ বহূন্।

বিনাশমনুপশ্যামি সর্ব্বেষাং রক্ষসামহম্ ॥ ২৬ ॥

২৩। লো-টী। স্তনয়িত্নোর্বারিবাহস্য ঘোষ ইব। অনুনাদয়ন্নিতি বা পাঠঃ। উষ্ণাদ্ গ্রীষ্মাৎ পরং গচ্ছতি আগচ্ছতীত্যুষ্ণগো বর্ষাকালস্তস্মিন্।

২৪। লো-টী। অগ্নিহোত্রাদুত্থিতঃ অগ্নের্ধূমঃ জগদ্ ব্যাপ্তবান্। রক্ষসাং তেজ আদত্তে ইত্যন্বয়ঃ।

২৫। লো-টী। চীয়মানং ক্রিয়মাণং চীর্ণং কৃতং চ।

২৬। লো-টী। বহুবিধান্ বহূনিতি একস্যৈবোৎপাতস্য অনেকত্বপ্রতিপাদনায় বিশেষণ-দ্বয়ম্।

বর্ষাকালীন মেঘগর্জ্জনের ন্যায় উচ্চৈঃস্বরে নিনাদিত বেদধ্বনি রাক্ষসদিগকে অভিভূত করিয়া চতুর্দ্দিকে প্রবেশ করিল ॥ ২৩ ॥

সাগ্নিক ঋষিদিগের অগ্নিহোত্র-নামক যজ্ঞীয় অনল হইতে সমুত্থিত ধূমরাশি রাক্ষসদিগের তেজ হরণ করত সমস্ত জগতে বিস্তৃত হইল ॥ ২৪ ॥

সেই সেই দেশে অবস্থিত বেদাধ্যায়ী ঋষিগণ কর্ত্তৃক অনুষ্ঠিত অত্যুগ্র তপস্যা রাক্ষসদিগকে সন্তাপিত করিতেছে ॥ ২৫ ॥

গগনমণ্ডলে উত্থিত বহুবিধ ভয়ঙ্কর উৎপাত অবলোকন করিয়া আমি সমস্ত রাক্ষসদিগের বিনাশ দর্শন করিতেছি ॥ ২৬ ॥

১। ছ 'বিঘোষয়ন্'। ২। ছ '-মগ্নিকল্পানা-'। ৩। ছ '-চারিভিঃ'।